


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৮ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 20 March 2022 ■ আগরতলা ২০ মার্চ, ২০২২ ইং ■ ৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা



শনিবার হোলি উৎসবে সামিল হয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। ছবি নিজস্ব।

## রাজ্যসভা নির্বাচন, বিজেপি ও বামফ্রন্ট প্রার্থীর মনোনয়ন পেশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** ত্রিপুরায় রাজ্যসভার একটি মাত্র আসনে বিজেপি এবং বামফ্রন্ট প্রার্থী আজ মনোনয়ন জমা দিয়েছেন। বিজেপি প্রার্থী দলের প্রদেশ সভাপতি ডা: মানিক সাহা এবং বামফ্রন্ট প্রার্থী সিপিএম বিধায়ক ভানুলাল সাহা আজ মনোনয়ন জমা দিয়েছেন। রাজ্যসভা নির্বাচনে রিটার্নিং অফিসার সুইথুইফ্রু মগ দুই জন প্রার্থীর মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

মনোনয়ন জমা দিয়ে বিজেপি প্রার্থী ডা: মানিক সাহা বলেন, দল অনেক বড় দায়িত্ব কাঁধে তুলে দিয়েছে। ত্রিপুরার স্বার্থে এবং উন্নয়নের প্রশ্নে আপ্রাণ চেষ্টা করাই হবে আমার মূল লক্ষ্য। তাঁর কথায়, দলের প্রদেশ সভাপতির দায়িত্ব চেষ্টার কোন ত্রুটি রাখিনি। সাংসদ হিসেবেও ত্রিপুরার জন্য সর্বোচ্চ অবদান রাখার মনস্থির করেছি।

এদিন তিনি বলেন, বিজেপি এবং আইপিএফটি বিধায়করা বাছাই করেছেন, তাই দল তাঁকে সাংসদের দায়িত্ব দিতে চলেছে। ফলে, নির্বাচনে বিজেপি-আইপিএফটি সকল বিধায়কের ভোট তিনি পাবেন, দৃঢ়তার সাথে জানিয়েছেন। সাথে তিনি বিরোধীদের কাছে বিবেক ভোটের আবেদন জানিয়েছেন। তাঁর বিশ্বাস, বিরোধীরা বিবেকের টানে সাড়া দিয়ে বিজেপি প্রার্থীকে ভোট দেবেন।এদিকে, সিপিএম বিধায়ক ভানুলাল সাহা বলেন, রাজ্যসভার নির্বাচনে বামফ্রন্ট তাঁকে প্রার্থী হিসেবে বাছাই করেছে। আজ তিনি মনোনয়ন জমা দিয়েছেন। নির্বাচনে তিনি জয়ী হবেন বলে আশা প্রকাশ করেছেন। কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক এদিন বিজেপি প্রার্থীর মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন।

তিনি বলেন, ত্রিপুরা থেকে প্রথম বিজেপি রাজ্যসভায় প্রতিনিধিত্ব করবে। তা ভীষণ আবেগের এবং আনন্দের বিষয় তিনি দাবি করেন। সাথে তিনি জয় সম্পর্কেও ১০০ শতাংশ নিশ্চিত বলে জানিয়েছেন।





মনোনয়পত্র জমা দিয়েছেন বিজেপি প্রার্থী ডাঃ মানিক সাহা (বাঁয়ে) এবং বামফ্রন্ট প্রার্থী ভানুলাল সাহা (ডানে)। ছবি নিজস্ব।

এদিন মনোনয়ন জমা দেওয়ার সময় বিজেপি প্রার্থীর সাথে উপস্থিত ছিলেন উপ-মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা, কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, সরকারী মুখ্য সচেতক কল্যানী রায়, বিজেপি প্রদেশ সাধারণ সম্পাদক টিঙ্কু রায়, সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত সহ শীর্ষ নেতৃত্বগন। বামফ্রন্ট প্রার্থীর সাথে সিপিএমের প্রায় সমস্ত বিধায়ক উপস্থিত ছিলেন।এদিন রাজ্যসভা নির্বাচনে রিটার্নিং অফিসার সুইথুইফ্রু মগ বলেন, ১৪ মার্চ থেকে মনোনয়ন জমা নেওয়া শুরু হয়েছে। ২১ মার্চ ওই প্রক্রিয়া সমাপ্ত হবে।২২ মার্চ মনোনয়ন পত্র স্ক্রুটিনি করা হবে।

২৪ মার্চ মনোনয়ন প্রত্যাহারের সূচী নির্ধারিত হয়েছে। ৩১ মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে। তিনি জানান, গত ১৭ মার্চ পর্যন্ত একটিও মনোনয়ন জমা পরেনি। আজ দুই জন প্রার্থী চারটি মনোনয়ন জমা দিয়েছেন।তাঁর কথায়, আগামী ৩১ মার্চ বিধানসভার লবিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে শুরু ভোট বিকেল ৪টায় সমাপ্ত হবে। পাঁচটা থেকে শুরু হবে গণনা, বলেন তিনি। ☛ ৬ এর পাতায় দেখুন

## সোনামুড়ায় অগ্নিকান্ডে নয়টি দোকান ভষ্মীভূত, ব্যাপক ক্ষতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** সোনামুড়ার পোয়াঙবাড়ি চৌমুহনী বাজারে গতকাল রাতে বিধ্বংসী অগ্নিকান্ডে ৯দোকান ভস্মীভূত হয়ে গেছে। এছাড়া শাসক দল বিজেপির একটি অফিস ঘরও অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনার বিবরণে জানা যায় শুক্রবার রাত এগারোটা নাগাদ হঠাৎ বাজারে আগুন দেখতে পান স্থানীয় লোকজন।

আগুনের লেলিহান শিখা দেখতে পেয়ে স্থানীয় লোকজন এগিয়ে যান। খবর পাঠানো হয় দমকল বাহিনীকে। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে। তারা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। তাদের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসলেও এর মধ্যেই নয়টি দোকান এবং বিজেপির অফিস পুড়ে ছারখার হয়ে যায়।

প্রশাসনের তরফে অগ্নিকান্ড ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের আপদকালীন আর্থিক সাহায্য প্রদান এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এদিকে বিজেপির নেতৃবৃন্দ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ এলাকা পরিদর্শন করে সব ধরনের সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। প্রাথমিকভাবে আশঙ্কা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত। তবে পুলিশ এবং দমকল বাহিনী ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে।

## খোয়াইয়ে জলে ডুবে শিশুর মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৯ মার্চ।।** খোয়াইয়ের মাস্টার পাড়া এলাকায় জলে ডুবে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। জলে ডুবে মৃত শিশুর নাম স্মৃতি নম। সংবাদ সূত্রে জানা যায় ওই কিশোর হোলি উৎসবের দিন হোলি খেলে পুকুরের জলে স্নান করতে গিয়েছিল।

পুকুরে স্নান করতে গিয়ে পা ফসকে নিচে পড়ে যায়। নিচে পড়ে গিয়ে জলে ডুবে তার মর্মান্তিক মৃত্যু হয়েছে। তাকে খোঁজাখুঁজি করে না পেয়ে পুকুরের জলে ভাসমান মৃতদেহ দেখতে পান পরিবারের লোকজনরা।

তাকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। জলে ডুবে কিশোরের মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে। হোলি উৎসবের দিন পুত্রের মর্মান্তিক মৃত্যুতে তার মা-বাবা শোকে পাথর হয়ে গেছেন। কারোর সান্তনার বানী তাদের ভগ্ন হৃদয় স্পর্শ করছে না।

## বিশালগড়ে ভন্ড কবিরাজকে গণধোলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** বিশালগড় এর রঘুনাথপুর এলাকায় শুক্রবার দুপুরে এক ভন্ড কবিরাজকে আটক করেছেন স্থানীয় বাসিন্দারা। আটক ভন্ড কবিরাজের নাম জামাল মিয়া। উত্তেজিত জনতা ভন্ড কবিরাজের বাড়িতে হানা দিয়ে তাকে আটক করে উত্তম-মধ্যম দেন। তাতে সে অল্প বিস্তর আহত হয়। ঘটনার খবর পেয়ে বিশালগড় থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়।

সেখান থেকে জামাল মিয়া নামে ওই ভন্ড কবিরাজকে উদ্ধার করে থানায় নিয়ে আসে পুলিশ। স্থানীয় জনগণের অভিযোগ বিশালগড় থানার পুলিশ একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। ঘটনার বিবরণে জানা যায় জামাল মিয়া নামে ওই ব্যক্তি নিজেকে কবিরাজ হিসেবে পরিচয় দিয়ে এলাকার মানুষজনকে সুস্থ করে তোলার সহ নানা প্রতিশ্রুতি দিয়ে টাকা পয়সা আদায় করে চলছিল।

কিন্তু কথা অনুযায়ী কাজ না হওয়ায় ওইসব লোকজনরা তার কাছে প্রদেয় টাকা ফেরত চেয়ে ছিল। কিন্তু সে টাকা ফেরত দিচ্ছিল না। বিষয়টি নিয়ে স্থানীয় জনগণের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়। শুক্রবার ☛ ৬ এর পাতায় দেখুন

## শ্লীলতাহানির দায়ে ধৃত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** রাধা কিশোর পুর থানা এলাকার শালগাড়া শ্লীলতাহানির দায়ে এক যুবককে আটক করেছে পুলিশ। আটক যুবকের নাম আকাশ মিয়া। জানা যায় আকাশ মিয়া নামে এক যুবক তার অপর এক বন্ধুকে সঙ্গে নিয়ে এক যুবতীর শ্লীলতাহানি করতে যায়। যুবতীটি চিৎকারে পার্শ্ববর্তী এলাকার লোকজন ছুটে আসেন। স্থানীয় লোকজন আকাশ মিয়া নামে এক অভিযুক্তকে আটক করতে সক্ষম হন। অপর এক যুবক ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়।উত্তেজিত জনতা আটক যুবককে উত্তম-মধ্যম দেন। তাকে আটক করে পুলিশকে খবর দেওয়া ☛ ৬ এর পাতায় দেখুন

## দুই ভাইয়ে রক্তারক্তি কান্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** শুক্রবার উদয়পুরের ধ্বজনগর কলেজ সংলগ্ন এলাকায় মামাতো ভাইয়ের হাতে আক্রান্ত হয়েছে পিসতুতো ভাই। আক্রমণে পিসতুতো ভাই অতনু ভট্ট গুরুতরভাবে আহত হয়েছে। বোতল ভেঙ্গে তার শরীরের নানা স্থানে আঘাত করা হয়েছে বলে জানা গেছে। আশঙ্কাজনক অবস্থায় তাকে উদ্ধার করে গোমতী জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। অভিযুক্ত মামাতো ভাইয়ের নাম অসীম ঘোষ। এ ব্যাপারে রাধা কিশোর পুর থানায় মামলা গৃহীত হয়েছে। পুলিশ অভিযুক্তকে আটক করার জন্য তৎপরতা শুরু করেছে। তবে ঘটনার পর থেকেই সে ☛ ৬ এর পাতায় দেখুন

## বাইকসহ গ্রেফতার চোর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** মেলাঘর থানার পুলিশ ইন্দিরানগর এলাকা থেকে বাইক সহ এক যুবককে আটক করতে সক্ষম হয়েছে। বাইকটি আমতলী থানা এলাকার আমতলী হাপানিয়া মেলা প্রাঙ্গণ থেকে চুরি করে নিয়ে গিয়েছিল। এ ব্যাপারে বাইকের মালিক আমতলী থানায় অভিযোগ দায়ের করেছিলেন। অভিযোগ দায়ের করার পর আমতলী থানার পুলিশ রাজ্যের সব কটি থানাকে সতর্ক করেছিল। এর পরিপ্রেক্ষিতেই তল্লাশি চালিয়ে মেলাঘর থানার পুলিশ ইন্দিরা নগর থেকে বাইক সহ ওই যুবককে আটক করতে সক্ষম হয়।বাইক সহ আটক চোরকে মেলাঘর থানার পুলিশ আমতলী ☛ ৬ এর পাতায় দেখুন

## পথ দূর্ঘটনায় মৃত্যু এক ব্যক্তির

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯ মার্চ।।** তেলিয়ামুড়া থানা এলাকার. পথদুর্ঘটনায় এক ব্যক্তির মর্মান্তিক মৃত্যু হয়েছে। মৃত ব্যক্তির নাম লিটন সরকার। সংবাদ সূত্রে জানা যায় শুক্রবার লিটন সরকার নামে ওই যুবক একটি বাইক নিয়ে দ্রুত বেগে যাওয়ার সময় লালটিলা এলাকায় রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকের পেছনে ধাক্কা মারে। তাতে বাইক নিয়ে ছিটকে পড়ে ঘটনাস্থলেই ওই যুবকের মৃত্যু হয়। স্থানীয় লোকজনরা ঘটনা প্রত্যক্ষ করে দমকল বাহিনী এবং পুলিশকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা দ্রুত ঘটনাস্থলে ছুটে ☛ ৬ এর পাতায় দেখুন

## হাওয়াইবাড়িতে মহিলার অস্বাভাবিক মৃত্যু, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** তেলিয়ামুড়া থানা এলাকার পশ্চিম হাওয়াই বাড়িতে এক বৃদ্ধা নিজ ঘরে বিষপানে আত্মহত্যা করেছেন। আত্মঘাতী বৃদ্ধার নাম প্রিয় বালা কর। জানা যায় ওই মহিলা দীর্ঘদিন ধরে নানা রোগে ভুগছিলেন।। চিকিৎসা করেও সুস্থ হয়ে উঠতে পারছিলেন না। এছাড়া আর্থিক অভাব-অনটনের কারণে পারিবারিক অশান্তিও চলছিল।

তাতে মহিলা রীতিমতো হতাশাগ্রস্ত হয়ে পড়েন। সে কারণেই ওই বৃদ্ধ মহিলা নিজ ঘরে বিষপান করে আত্মহত্যার পথ বেছে নিয়েছেন বলে প্রাথমিকভাবে আশঙ্কা করা হচ্ছে। তেলিয়ামুড়া থানার পুলিশ বৃদ্ধার মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের ☛ ৬ এর পাতায় দেখুন

## পিস্তলসহ নতুনবাজার থানায় এনএলএফটি বৈরীর আত্মসমর্পণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** নতুনবাজার থানায় এক বৈরী আত্মসমর্পণ করেছে। আত্মসমর্পণকারী বৈরীর নাম বিদ্যা দেববর্মা। আত্মসমর্পণকালে সে একটি পিস্তল এবং কার্তুজসহ অন্যান্য আপত্তিকর জিনিস পুলিশের কাছে জমা দিয়েছে। সে এনএলএফটি বৈরী গোষ্ঠীর সদস্য ছিল বলে জানিয়েছে।

বৈরী জীবনে হতাশাগ্রস্থ হয়েই সে স্বাভাবিক জীবনে ফিরে এসেছে বলে জানিয়েছে। আত্মসমর্পণকারী বৈরী স্বাভাবিক জীবনে ফিরে এসে তাকে কর্মসংস্থানের সুযোগ দেওয়ার জন্য সরকার ও প্রশাসনের কাছে দাবি জানিয়েছে। আত্মসমর্পণকারী বিদ্যা দেববর্মা জানায় বৈরী ঘাঁটিতে খাদ্যাভাব সহ নানা সমস্যায় জর্জরিত হয়েছে সে। এছাড়া যে স্বাধীন ত্রিপুরার স্লোগান তুলে তারা বৈরী জীবনে আত্মনিয়োগ করেছিল ☛ ৬ এর পাতায় দেখুন

## বিএসএফ পরিবারের তিন নাবালক সন্তানের জলে ডুবে মর্মান্তিক মৃত্যু

### হোলির আনন্দ বিষাদে পরিণত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** হোলির আনন্দ বিষাদে পরিণত হল ত্রিপুরায় ধলাই জেলায় আমবাসায় বিএসএফ ক্যাম্পে। তিন নাবালকের সলিল সমাধি হোলির উতবের রঙ ফিকে করে দিয়েছে। তাঁদের অভিভাবকদের আর্তনাদে রাজ্যজুড়ে আনন্দে ভাটা এনে দিয়েছে। ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ওই মর্মান্তিক ঘটনায় দুঃখ প্রকাশ করেছেন এবং সন্তানহারা পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

সারা দেশের সাথে ত্রিপুরাও আজ হোলির উতবে মেতে উঠেছে। বিএসএফ সারা রাজ্যেই হোলি পালন করছে। ধলাই জেলা সদর আমবাসা বিএসএফ ক্যাম্পে আজ হোলি মিলন সমারোহের আয়োজন করা হয়েছিল। স্বাভাবিক ভাবে হোলির আনন্দে সকলেই মেতে উঠেছিলেন। কিন্ত, আনন্দঘন মুহুর্তে বিএসএফ ১৩৮ নম্বর ব্যাটেলিয়ানের তিন জওয়ানের পরিবারে আজ বিষাদের কালো ছায়া নেমে আসবে তা হয়তো কেউ স্বপ্নেও ভাবেনি।রঙ খেলা সমাপ্ত করে ক্যাম্পের পাশেই ফায়ারিং রেঞ্জের নিকটে একটি ছড়ার জলে স্নান করতে তিন নাবালকের মর্মান্তিঁক মৃত্যু হয়েছে। হেড কনস্টেবল সত্বীন্দর সিং সিধুর সপ্তম শ্রেণীতে পাঠরত সন্তান আসমান সিধু(১৩), কনস্টেবল এস কে তিওয়ারীর সপ্তম শ্রেণীতে পাঠরত সন্তান প্রবাল তিওয়ারী(১৩) এবং হেড কনস্টেবল জাগতাপ প্রভীনের দশম শ্রেণীতে পাঠরত সন্তান অজিত প্রভীন জাগতাপ(১৬) ছড়ার জলে ডুবে মৃত্যু হয়েছে।

বিএসএফের জনৈক আধিকারিক জানিয়েছেন, ওই ছড়ায় জল ভীষণ গভীর ছিল। তিনজন নাবালকই তা আন্দাজ করতে পারেনি। রঙ খেলা শেষে সেখানে স্নান করতে গিয়ে তলিয়ে গেছে। দীর্ঘক্ষণ তাঁদের কেউ দেখতে না পেয়ে খোজাখুজি শুরু হলে ছড়ার জলে তাঁদের মৃতদেহ উদ্ধার হয়েছে। তাঁদের হাসপাতালে নেওয়া হলে চিকিতক মৃত বলে ঘোষণা দিয়েছেন।ওই ঘটনায় শক প্রকাশ করছেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি এক টুইট বার্তায় লেখেন, আমবাসার জওহরনগর এলাকায় ছড়ার জলে ডুবে ৩ জন নাবালকের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় আমি গভীরভাবে মর্মাহত। বিএসএফ ১৩৮ নং ব্যাটেলিয়ানের সন্তান হারা পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। আমি জানি এই শোক ভুলবার নয়। ঈশ্বর সন্তানহারা পরিবার-পরিজনদের শোক সংবরণ করার শক্তি প্রদান করুন।

## রঙের উৎসবে মাতলেন মুখ্যমন্ত্রী, নিলেন শুভেচ্ছা ও শুভকামনা, করলেন ত্রিপুরাবাসীর মঙ্গল কামনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** রঙের উৎসবে মাতলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আজ হোলি উৎসব অনুষ্ঠিত হয়েছে। আজ সকালে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে জাতি, জনজাতি, মুসলিম, হিন্দুস্থানী প্রভৃতি সম্প্রদায়ের আমজনতা আনন্দ উল্লাসের সাথে এই মিলন উৎসবে সামিল হয়েছেন। আজ তিনি সকলের কাছ থেকে শুভেচ্ছা ও শুভকামনা গ্রহণ করেছেন। সাথে তিনি সমগ্র ত্রিপুরাবাসীর মঙ্গল কামনা করেছেন।

আজ সংস্কার ভারতীর শিল্পীরা "ওরে গৃহবাসী খোল দ্বার খোল লাগালো যে দোল" উদ্বোধনী সংগীতের মাধ্যমে উৎসবের সূচনা করেন। এরপর তথ্য ও সংস্কৃতি মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক রেবতী মোহন দাস, বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক কৃষ্ণধন দাস, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পুর নিগমের কাউন্সিলারগণ, ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদের চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায়, ত্রিপুরা রাজ্য হজ কমিটির চেয়ারম্যান জসীমউদ্দিন, সমাজসেবী কিশোর বর্মণ, সামাজসেবী তথা রাজ্য মহিলা মোর্চার সভানেত্রী ঝর্ণা দেববর্মণ সহ সাধারণ মানুষ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে আবির দেন এবং তাঁর সুস্থ, সুন্দর ও দীর্ঘায়ু কামনা করেন।

অতিথিগণ মুখ্যমন্ত্রীর পুত্র আরিয়ান দেবকেও আবির মাখিয়ে তাকে আশীর্বাদ করেন। এই আনন্দ উৎসবে মহিলা ও কচিকাচাদের উপস্থিতির হার ছিল লক্ষ্যনীয়। পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই শুভদিনে ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর সুখ, সমৃদ্ধি ও সুন্দর জীবন কামনা করেছেন। তিনি বলেন, হোলি উৎসবের মূল বিষয় হলো নিজেদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ ও সুন্দর সম্পর্ক গড়ে তোলা।

তিনি বলেন, আমরা একে অপরর সঙ্গে হোলির আনন্দে মেতে উঠব কিন্তু কিছু ব্যবস্থার মধ্যে থেকে আমাদের চলতে হবে। তবেই হোলির আনন্দ সার্থক হয়ে উঠবে। মুখ্যমন্ত্রী বলেন, প্রত্যেকটি ব্যক্তির ইতিবাচক ও উদার মন নিয়ে চলা উচিত। এটাই সফলতার মূল বিষয়। শুধু মুখ্যমন্ত্রীকে ইতিবাচক হলে হবে না। সবাইকে হতে হবে। নেতিবাচক মানসিকতা মানুষের জীবনে কোন না কোন ☛ ৬ এর পাতায় দেখুন

## কুমারঘাটে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** কুমারঘাট পুর পরিষদের ২ নম্বর ওয়ার্ডের একটি বাড়িতে গতকাল রাতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। বাড়ির মালিকের নাম নীলমনি দেব।

জানা যায় বাড়ির মালিক সহ পরিবারের লোকজনরা অন্যত্র দুদিনের জন্য বেড়াতে গিয়েছিলেন। সেই সুযোগকে কাজে লাগিয়ে চোরের দল বাড়িতে হানা দিয়ে সোনা গয়না সহ মূল্যবান জিনিসপত্র হাতিয়ে নিয়ে গেছে। শনিবার বাড়িতে ফিরে বাড়ির মালিক ঘটনা প্রত্যক্ষ করে পুলিশকে খবর দেন। খবর পেয়ে ☛ ৬ এর পাতায় দেখুন



বৃদ্ধাবাসের আবাসিকরাও হোলি উপলক্ষে আবির বিনিময় করছেন নিজেদের মধ্যে। ছবি নিজস্ব।

জাগরণ
আগরতলা ■ বর্ষ-৬৮ ■ সংখ্যা১৬১ ■ ২০ মার্চ ২০২২ ইং ■ ৫ চৈত্র ■ রবিবার ■ ১৪২৮ বঙ্গাব্দ

## অন্তর্নিহিত অসাম্যই অতিমারির সৃষ্টি

করোনাভাইরাসের প্রসঙ্গে একটা সত্য সামনে আসিয়াছে। ঐতিহাসিক ভাবেই অতিমারি যে কেবল অসাম্যকে প্রকটতর করিয়াছে তাহা-ই নয়, সমাজের অন্তর্নিহিত অসাম্যই অতিমারির সৃষ্টি এবং বিস্তারের একটা বড় কারণ। অপুষ্ট, দরিদ্র, ঘিঞ্জি অঞ্চলে বসবাসকারী এবং স্বাস্থ্যবিধি মানা আর স্বাস্থ্য-পরিষেবা পাওয়ার ক্ষেত্রেও পিছাইয়া থাকা জনগণের মধ্য দিয়া বাড়িয়া যায় সংশ্লিষ্ট অসুখের 'বেসিক রিপ্রোডাকশন নাম্বার', যাহা অতিমারির সলতেতে আগুনের ফুলকি জোগায়। বিভিন্ন প্রাতিষ্ঠানিক পরিবেশ এবং শ্রমবাজারের প্রভাবের কারণে দরিদ্র তলাইয়া যায় আরও দারিদ্রের সীমাহীন অন্ধকারে। উল্টো দিকে ধনীদের সম্পদ ওঠে ফুলিয়া-ফাপিয়া।কোভিড অতিমারির ছোবল-কালে পৃথিবীর ইতিহাসে অসাম্য এখন শীর্ষবিন্দুতে। দেশে দেশে ভ্যাকসিনের বণ্টন সেই বৈষম্যকে আরও প্রকট করিয়াছে। আবার বিভিন্ন দেশেই অতিমারিতে সঙ্কুচিত হইয়া যাওয়া অর্থনীতির পুনরুত্থান হইতেছে ইংরেজি 'কে' অক্ষরের মতো, যাহার নীচের দিকে নির্দেশিত বাহু ইঙ্গিত করিয়া গরিবদের আরও তলাইয়া যাওয়া।নজিরবিহীন অর্থনৈতিক অসাম্য কী ভাবে ডাকিয়া আনে মৃত্যু। অর্থনৈতিক বিভাজন বাড়াইয়া তোলে অনাহার, স্বাস্থ্য পরিচর্যার অভাব, জলবায়ু বিপর্যয়, আর্থিক কারণে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা। ফলে বাড়িয়া চলে মৃত্যুর সংখ্যাও। ভারতের সম্পূরক অংশে প্রকাশ পাইয়াছে, ২০২১-এ এ দেশের বিলিয়নেয়ারদের সম্পত্তি বাড়িয়াছে ৩৯%, আর গরিবদের বাৎসরিক আয় কমিয়াছে ৫৩%। ধনীতম ৯৮ জনের মোট সম্পত্তির পরিমাণ নীচের দিকের সাড়ে ৫৫ কোটি মানুষের সমান! আসলে অতিমারিতে বিশ্ব জুড়িয়াই ধনীদের সম্পদের পরিমাণ বাড়িয়াছে অশালীন ভাবে। পৃথিবীর ধনীতম দশ জনের সম্পদের পরিমাণ হইয়াছে দু'গুণেরও বেশি। কারণ অনেক ধনীরা অতিমারি পরিস্থিতি অনুসারে ঠিক পথে টাকা বিনিয়োগ করিয়া ফল পাইয়াছেন। সেই সঙ্গে দেশ-বিদেশের সরকার ঝিমাইয়া-পড়া অর্থনীতিকে চাঙ্গা করিতে যে ডলার ঢালিয়িছে অর্থনীতিতে, তাহা স্টক মার্কেটকে গরম করিয়া সাহায্য করিয়াছে ধনীদেরই। আবার এ সময়ে দেশ-বিদেশের ব্যাঙ্কের নীতি, যেমন শূন্য সুদে ঋণ, ইত্যাদিও ধনীদের সম্পদ ফুলিয়া-ফাপিয়া উঠিতে সাহায্য করিয়াছে নিশ্চয়ই। ধনীদের স্থাবর সম্পত্তির দামও বিপুল ভাবে বাড়িয়াছে এই বাজারে। উল্টো দিকে রহিয়াছে বাড়িয়া চলা সীমাহীন দারিদ্র। ৯৯% মানুষের রোজগার কমিয়াছে। রোজগার হারাইয়াছেন অগণিত মানুষ। লকডাউন, অসংগঠিত ক্ষেত্রে কাজের দফারফা, ছাঁটাই, এবং সেই সঙ্গে ভ্রমণে নিষেধাজ্ঞার ফলে পর্যটনের সর্বনাশ হইয়া বিশ্ব জুড়িয়া অন্তত ১৬ কোটি মানুষ ঢুকিয়াছেন দারিদ্রের কৃষ্ণগহ্বরে।

এই অসাম্যের জন্যে ধনীদেরই দায়ী করা মুশকিল। অস্বীকার করা যাইবে না যে, ব্যবস্থাগত ব্যর্থতাতেই কিছু মানুষ অশ্লীল ভাবে ধনী হইতে পারেন, যেখানে অনেকের কাছেই দিনযাপনের ন্যূনতম পণ্য থাকে না। পৃথিবীর ধনীতম ১০%-এর হাতে রহিয়াছে ৫২% রোজগার, আর নীচের দিকের অর্ধেক মানুষ আয় করেন মাত্র ৮.৫%। ভারতকে বলা হইয়াছে এক দরিদ্র অসম দেশ। এ দেশের উপরতলার ১%-এর হাতে রহিয়াছে ২১.৭% রোজগার, নীচের অর্ধাংশের রোজগার মাত্র ১৩.১%। বিশ্বে নারী-পুরুষের ক্ষমতায়নের যে পার্থক্য ছিল ৯৯ বছরের, অতিমারি নাকি তাহা এক ধাক্কায় প্রশস্ত করিয়ি দিয়াছে ১৩৫ বছর। অর্থাৎ, নারী-পুরুষের কাঙ্ক্ষিত সমতা আসিতে লাগিবে আগের হিসাবের চেয়ে এক প্রজন্ম বেশি।

## সোনিয়াদের পক্ষেই খাড়গে, বললেন শুধুমাত্র গান্ধী পরিবারকে দায়ী করা ঠিক নয়

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.): প্রবীণ কংগ্রেস নেতা মল্লিকার্জুন খাড়গে ফের বুঝিয়ে দিলেন তিনি সোনিয়া গান্ধী, রাহুল গান্ধীদের পাশেই। উত্তর প্রদেশ ও পঞ্জাব-সহ পাঁচ রাজ্যে কংগ্রেসের ভরাডুবির জন্য গান্ধী পরিবারকে দায়ী করতে তিনি মোটেও রাজি নন। জানিয়ে দিলেন, আমরা সবাই দায়ী। কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধীর সঙ্গে কংগ্রেসের বদলপন্থী গোষ্ঠী জি-২৩র নেতা গুলাম নবি আজাদের বৈঠক প্রসঙ্গে খাড়গে বলেছেন, সোনিয়া গান্ধীর সঙ্গেও তিনি দেখা করেছেন এবং দলকে ঐক্যবদ্ধ রাখার বিষয়ে কথা বলেছেন।

মল্লিকার্জুন খাড়গে শনিবার বলেছেন, 'গুলাম নবী আজাদ অনেক বছর ধরে দলে রয়েছেন। তিনি সবকিছুই জানেন, তাই তিনি স্বাক্ষরকারীদের সঙ্গে কথা বলেছেন। তিনি সোনিয়া গান্ধীর সঙ্গেও দেখা করেছেন এবং দলকে ঐক্যবদ্ধ রাখার বিষয়ে কথা বলেছেন। এটা একটা ভালো লক্ষণ। দলকে আরও শক্তিশালী করতে চান বলেও জানান তিনি। স্বাগত জানানোর মতো অবস্থান এটি।' খাড়গে আরও বলেছেন, 'দলকে শক্তিশালী করার জন্য সবাই একত্রিত হোক, এমনটাই আমরা সর্বদা চেয়েছি...আমরা সবাই দায়ী, শুধুমাত্র গান্ধী পরিবারকে দায়ী করা ঠিক নয়।'

## হোলা মহল্লায় শিখ সম্প্রদায়কে শুভেচ্ছা পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান-র

চণ্ডীগড়, ১৯ মার্চ (হি.স.) : শনিবার ''হোলা মহল্লা'' উপলক্ষে শিখ সম্প্রদায়কে শুভেচ্ছা জানালেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। তিনি বলেন, উতবটি বিশ্বের কাছে সম্প্রদায়ের সাহসিকতার সারাংশ তুলে ধরে। দশম শিখ গুরু শ্রী গুরু গোবিন্দ সিং জি দ্বারা শুরু করা ''হোলা মহল্লা''-র সমস্ত ''সঙ্গতদের'' অভিনন্দন জানাই। গুরু সাহেব শ্রী আনন্দপুর সাহেবে হোলা মহল্লার উদ্বোধন করেছিলেন। এটি বিশ্বের কাছে শিখ সম্প্রদায়ের সাহসিকতার সারমর্মকে তুলে ধরেছে।'

শনিবার অমৃতসরের স্বর্ণ মন্দিরে তিন দিনব্যাপী শিখ উৎসব ''হোলা মহল্লা'' বা ওয়ারিয়র হোলি শুরু হয়েছে।এদিনে, শ্রী হরমন্দির সাহেবে, ভক্তরা তাদের পরিবারের সঙ্গে প্রণাম করে, গুরবানি শোনে, পবিত্র জলে ডুব দেয় এবং গুরু সাহেবের আশীর্বাদ গ্রহণ করে। হোলা মহল্লা, পঞ্জাবের শ্রী আনন্দপুর সাহেবে পালন করা হয় সারা বিশ্বের শিখদের জন্য একটি বড় উৎসবের অনুষ্ঠান। উতবগুলির মধ্যে রয়েছে মার্শাল আর্ট প্রদর্শন, ঘোড়ায় চড়া এবং কবিতা পাঠ, প্রাথমিকভাবে শিখ যোদ্ধাদের বীরত্বের প্রতি শ্রদ্ধা জানাতে। পরে, নাচ, গান এবং রং ছড়ানো হয়।

## নির্মীয়মান বাড়ি ভেঙে কেরলে মৃত্যু বাংলার চার শ্রমিকের

তিরুবনন্তপুরম, ১৯ মার্চ (হি.স.) : ভিন রাজ্যে কাজে গিয়ে মৃত্যু হল বাংলার চার শ্রমিকের। নিহতদের তিনজন উত্তর ২৪ পরগনার অশোকনগর থানার বাসিন্দা। আরেকজনের বাড়ি হরিণঘাটায়। এঁরা সকলে একটি বেসরকারি কোম্পানির হয়ে কেরলের এরনাকুলাম জেলায় কাজে গিয়েছিলেন। কেরল পুলিস জানিয়েছে, শ্রমিক হিসেবে কাজ করত ওই চারজন। ঘটনার পরই বাড়ির লোককে খবর দেওয়া হয়। খবর পেয়েই অশোকনগর ও হরিণঘাটায় শ্রমিকদের পরিবারে নেমে আসে শোকের ছায়া। কান্নায় ভেঙে পড়ে পরিজনেরা। শ্রমিকদের দেহ ফেরাতে প্রশাসনের দ্বারস্থ হয়েছেন তাঁরা।

এনরাকুলাম জেলার কালেক্টর জাফর মালিক জানিয়েছেন, শুক্রবার রাতে কালামাসসেরি এলাকায় একটি নির্মীয়মান বাড়ি ভেঙে চাপা পড়ে সাতজন।তিনজনকে জীবিত অবস্থায় উদ্ধার করে এরনাকুলাম মেডিক্যাল কলেজে চারজনের মৃত্যু হয়। নিহতরা হলেন, কুদ্দুস মণ্ডল, নজ্জেস আলি, নুর আমিন মণ্ডল ও ফয়জুল মণ্ডল। এঁদের মধ্যে ফয়জুল হরিণঘাটার বাসিন্দা। তাঁরা ওই বাড়ি নির্মাণের সঙ্গে যুক্ত ছিলেন।

# ইটভাটা : আগুন আঁচের জীবনকথা

**মুহাম্মদ শাহাবুদ্দিন**

মাটি পুড়ছে। পুড়ে পুড়ে প্রতিদিনই জন্মাচ্ছে ইট। লাখো লাখো ইট। পোড়া ইটের উত্তাপে প্রকৃতির নিঃশ্বাস ফ্রিতে পাওয়া যায়। তাই পোড়া ইটের সঙ্গে ইটভাটার দূরে পুড়ছে ডাল-পাতার নিঃশ্বাস। হাজারো চিমনির কালো ধোঁয়ায় ঢাকছে সবুজ বনের ছায়া। ঢাকছে ইটভাটার শ্রমিক প্রাণের নিঃস্বাস। তবু ইমারত গড়তে শহর গড়তে ইটের দরকার। ইট নগরায়ণের জীবনদায়ী ভিত। বিশারদরা বলেন, ইটের বয়স প্রায় আট হাজার বছরের কাছাকাছি। প্রথমে তা ছিল

রোদে শুকনো কাদা মাটির। টাইগ্রিস এবং দক্ষিণ-পূর্ব আনাতোলিয়ার কাছে দিয়ারবাকির মাটির নীচে পাওয়া গেছে এই সময়কার কীটা ইটের ঘরবাড়ির ভাঙা শরীর।পাওয়া গেছে. জর্ডভন উপত্যকার জেবিকাতেও। ইতিহাস বলে, ৭০০০ খ্রিস্ট পূর্বাব্দে বোলান গিরিখাতের দু'পাশে মেহেরগড়ে ব্যবহৃত হয়েছে রোদে পোড়া শক্ত ইটের। প্রায় ৩০০০ খ্রিস্ট পূর্বব্দ থেকে হরপ্পা, মহেঞ্জোদারো, চানহুদরো, কালিবাঙ্গানে ইট বানাতে জ্বালানো হয়েছিল আগুনের আঁচ। সিন্ধু সরস্বতীর তীর ধরে মাইলের পর মাইল জুড়ে ছিল ইট পোড়াবার চুল্লি। বলা হয়, আগুন আর চাকা আবিষ্কার আদিম সভ্যতার দুই স্তম্ভ। তার বহুকাল পরে পোড়া ইট সভ্যতার সোপানে নিয়ে এসেছিল আর একটা যুগান্তর। যা গড়ে তুলল নগর শহর। নগরায়নের এই বাহন এখনও রয়েছে। তপ্ত আগুনের সন্তান পোড়া ইট এখনও রূপ দিয়েছে চলেছে ইমারতের।

ইটভাটার বয়স

তাই কয়েক হাজার বছরের। এই আগুন আঁচের উত্তাপ মাথা ক্লান্তিহীন জীবন নিয়ে ইটভাটার মানুষরা এখন কেমন আছেন। আমাদের উপমহাদেশের তটভূমি জুড়ে গ্রাম ও ছোট শহরের ধারে ধারে গড়ে উঠেছে হাজার হাজার ইটভাটা। চিনের পরই উৎপাদনকারী দেশ। সারা ভারত জুড়ে ইটভাটা। সমীক্ষায় দেখা গেছে প্রায় ১৫০ থেকে ২০০ বিলিয়ন ইট উৎপাদন করা হয় প্রতি বছরে। ভারতে ইটভাটার জীবিকায় জুড়ে আছেন প্রায় ১০ মিলিয়ন মানুষ। শুধু নদী তীরের বালি মেশানো উর্বর ভূমিতে নয়, গ্রামের ভেতরেও গড়ে উঠেছে ইটভাটা।

সেখানে দূর থেকে মাটি নিয়ে আসা হয় ভ্যান বা ট্রাকে করে। ইটভাটার কাজে কেউ আসেন পাশের গ্রাম থেকে, অনেকেই আবার ভিনরাজ্যের। এক চিলতে ঘরেই তাদের বাস। ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গেই শুরু হয়ে যায় কাজ। ভাটার কালো ধোঁয়া উগরে আসে চিমনি বেয়ে। কাজে আসা মানুষগুলোর বয়স ২৫ থেকে ৬০। কাজে আসা মানুষগুলোর বয়স ২৫ থেকে ৬০। নারীপুরুষ সবার বয়স মোটামুটি এই সীমার মধ্যে। শিশু শ্রমিকরাও নিযুক্ত হয়ে যায় গোপনে। কাজের এক একটা পর্ব। ছাঁচে ফেলে কাঁচা ইট রোদে শুকোতে দেওয়া। চুল্লির আগুনে পোড়াতে থরে থরে সেজে ওটে ইটের পাঁজা। এরপর আকশি দিয়ে পোড়া ইট টানার পালা। মাথায় করে ইট এনে এনে তাকে আবার সাজানো। পরপর তখন ভাটা জুড়ে লাল ইটের পাঁজা। সকাল আর রাত ক্ষুধা কিংবা ঘুম সব মিলিয়ে দিনের গতি রে ধা কাজের একই গতি।

বিভিন্ন ইটভাটা সমিতির হিসাব অনুযায়ী পশ্চিমবাংলার ইটভাটার সংখ্যা ৬ হাজারের কাছাকাছি। এখানে শ্রমিক আসেন ঝাড়খণ্ড, বিহার, ওড়িশা এমনকী অন্ধপ্রদেশ থেকেও। ইটভাটার নানা তরে কাজে তারা জুটে যান। নদিয়ার তেহট্ট মহকুমার জিতপুরের মণিরুদ্দিন মন্ডল একসময় ইটভাটা

চালাতেন। তার কথাতেই জানা গেল সেখানকার ইটভাটার শ্রমিক মানুষের অবস্থা। এখানে জলঙ্গি নদীর কাছাকাছি আছে অনেক ইটভাটা। গ্রামের মধ্যেও আছে ইটের চুল্লি। দূর থেকে আনা হয় ইটগড়ার নরম মাটি। ভাটাকে ঘিরে আছে নানা মানুষের বলয়। একেবারে নীচুতলায় আছে যারা চুল্লিতে অথবা ইটবাহকের কাজ করে। মালিক, মজুর যোগানের আড়কাঠি পেরিয়ে শ্রমিকের হাতে টাকা পৌছয়। কাজের শ্রম অনুযায়ী মজুরি। প্রতিদিনের হিসেবে ১৫০ থেকে ৩০০ টাকা। অনেকের সপ্তাহান্তে মাইনে। আপদে বিপদে ঋণ নেওয়া টাকা শোধ দিতে প্রাণ বেরিয়ে যায়। মণিরুদ্দিন ভাই চিনিয়ে দিলেন ইটভাটার নানা শ্রেণির শ্রমিককে। একদল আছেন যাঁরা ছাঁচ ফেলে কাঁচা ইট তৈরি করেন। এদের বলা হয় গড়নদার। যারা কাঁচা ইট চুল্লিতে বয়ে নিয়ে যাওয়ার কাজ করেন তাদের বলা হয় কাঁচা রেজা। পোড়ানো ইট চুল্লি থেকে বাইরে আনেন যাঁরা, তাঁরা হলেন পাকা রেজা। পোড়ানোর জন্য চুল্লির জন্য যাঁরা ইট সাজানোর কাজ করেন তারা বেলদার। চুল্লিতে আগুন লাগানোর কাজ করেন ফায়ারম্যান''। সব মিলিয়ে একটা ইটভাটায় কাজ করেন ১০০ থেকে ১৫০ জন শ্রমিক। আগুন আঁচের কাছাকাছি থাকা শ্রমিকরা রোজগার করেন বেশি। মাসের শেষে তাঁদের বেতন দাঁড়ায় ৯ থেকে ১১ হাজার

টাকা। মণিরুদ্দিন ভাইয়ের গর্ব পশ্চিমবঙ্গের ইট বিশেব করে দক্ষিণবঙ্গের বালি মেশানো মাটির ইট সারা পৃথিবীতে নাম করা। শোনা যায় ইস্ট ইন্ডিয়া কোম্পানির আমলে বাংলার ইট হাজার বোঝাই হয়ে চলে যেত সুদূর ইংল্যান্ডে। সেখানে বহু প্রাসাদে এখনও গাথা আছে বাংলার ইট।

বসিরহাট মহকুমার মাটিয়া বাজার নেহালপুরের সমাজকর্মী রাকিব আলি সর্দারের সঙ্গে কথা হচ্ছিল। রাকিব আলি সমাজসেবা করতে গিয়ে ইটভাটার মানুষদের অনেক কাছ থেকে দেখেছেন। তার এলাকার বিদ্যাধরী নদীর তীর ধরে গড়ে ওঠা অন্তত ৫০টা ইটভাটার বহুদিনের সাক্ষী তিনি। দেখেছেন ইটভাটার শ্রমিক শোষণ। প্রকৃত মজুরি থেকে তাদের বঞ্চিত হওয়ার কথা শোনালেন। আশ্বিনের মাঝামাঝি, যখন শারদ উৎসবের বাজনা বেজে ওঠে তখন এই দরিদ্র পরিবারগুলি ইটভাটার কাজে যোগ দেয়। ভাটার দূরে দূরে তাদের কুঠুরি বসতি। বউ সন্তানদের নিয়ে তারা সেখানকার বাসিন্দা হয়ে পড়েন। ঘোড়ারস, বারুনা, ধান্যকুড়িয়া, কাউকে পাড়ায় আছে এইসব ইটভাটার বসতি। তাদের কাজ বৈশাখ-জ্যৈষ্ঠ মাস অবধি। বর্ধার আকাশে মেঘ জমার আগেই তাদের কাজ ফুরিয়ে যায়। তখন তারা ছোটে দিন মজুরির কাজের খোঁজে। বাংলার বাইরের শ্রমিকরা বাড়ি ফিরে যায়। এখানেই শুরু হয় শোষণের নতুন পর্ব। তাদের বেঁধে ফেলা হয় দাদনের কঠিন শর্তে। বিশ তিরিশ হাজার টাকার অগ্রিম দাদনে তাঁরা বাঁধা পড়ে থাকে কর্মহীন সময়ে। নিরুপায় হয়ে তারা দাদন নেয়, কারণ তাদের কাছে তখন দিন চালাবার মতো জমা পুঁজি থাকে না। ফলে অন্য কাজ পেলেও তারা তা গ্রহণ করতে পারেন না। হিঙ্গলগঞ্জের অশোক কুমার দাসের কথায় ওই একই ছবি ফুটে উঠল। তিনি উল্লেখ করলেন ইটভাটার শ্রমিকদের কাজ হারানোর দুঃখের কথা। ইছামতীর দু'পাশের প্রায় ছশো ইটভাটার মধ্যে অনেকগুলি বন্ধ হতে চলেছে। করোনাকালে নির্মাণ শিল্প অনেকটাই ধাক্কা খেয়েছে। তাই ইটভাটার উৎপাদনও তাতে অনেক কমে গেছে। উৎপাদন ব্যয় বেড়েছে অনেক। আসাম থেকে কয়লা আমদানি বন্ধ হয়ে তা ভাটায় পৌঁছচ্ছে ঘুরপথে। এই ব্যয়ভার ইটের দামও বাড়িচেলেছে দ্রুত। এখন এক হাজার ইটের দাম দাঁড়িয়েছে আট থেকে নয় হাজার

টাকা।যা পাচ বছর আগে ছিল পাঁচ থেকে ছয় হাজার টাকা। হাওড়ার শ্যামপুর, গাদিয়াড়া ইটভাটার জন্য প্রসিদ্ধ। ইটভাটা তাপস মণ্ডল কাজ হারানো শ্রমিকদের কথা বললেন। তার কথায়, দামোদর ও রূপনারায়ণের দু'পাড়ের ইটভাটায় কাজ করতেন প্রায় তিরিশ হাজার শ্রমিক। এর মধ্যে দশ শতাংশ শ্রমিক আসতেন ঝাড়খণ্ড ও ওড়িশা থেকে। এখানে অর্ধেকের মতো শ্রমিক অতিমারিতে কাজ খুইয়েছেন। রূপনারায়ণের বহু ইটভাটায় দেখা যেত শিশু শ্রমিকদের। শিশুশ্রমের নিষিদ্ধ আইনকে তোয়াক্কা না করেই তা করা হত।

মুর্শিদাবাদের হরিহরপাড়ার ইটভাট্টা শ্রমিক শামসুল বিশ্বাস এক বছর পরে ভাটার কাজে যোগ দিতে পেরেছেন। বোঝা গেল হরিহরপাড়া, ডোমকল, ইসলামপুর, দৌলতাবাদ সব জায়গায় ভাটা শ্রমিকদের একইরকম অবস্থা। উৎপাদন কমে যাওয়ায় তাদের জীবনেও তার প্রভাব এসে পড়েছে। বিহার, ঝাড়খণ্ড থেকে আসা পবিযায়ী শ্রমিকদের অনেকেই এখনও ফিরে আসেনি। মালদহের গাজোলের শিবপ্রসাদ সাহা দীর্ঘদিন রাজনীতির সঙ্গে জড়িয়ে আছেন। ইটভাটার শ্রমিকদের দুঃখ দুর্দশা নিয়ে বহু আন্দোলন করেছেন। তার আক্ষেপ স্বাধীন ভারতের লক্ষাধিক ইটভাটার সঙ্গে জড়িয়ে আছে লক্ষ লক্ষ পরিবার। তবুও ঘুপচি ঘর আর আগুনের তাপে বড় হওয়া তাদের সন্তানরা দুধেভাতে বড় হয়ে উঠতে পারছে না। খাতা পেন্সিল বই স্কুল সবই তাদের জীবন থেকে অনেক দূরে সরে যাচ্ছে। ভিন দেশ থেকে আসা শ্রমিকদের সন্তানরা অন্য রাজ্যে এসে লোকালয় বিচ্ছিন্ন বসতিতে ধুলো কাদা মেখে বড় হয়। তাদের ম্লান হাসি অপুষ্টি অশিক্ষা আর বিনোদনহীন জীবনের হতাশা মাখানো। তার কথায়, মালদহের কথা জানা গেল। তিনি গুরুত্ব দিলেন ইটভাটার পরিবেশ দূষণকে। তার মতে, ইট তৈরিতে ব্যবহৃত মাটিতে ক্যালসিয়াম কার্বনেটের পরিমাণ অনেক বেশি থাকে। উচ্চতাপে ওই মাটিতে উপস্থিত ক্যালসিয়াম কার্বনেট ভেঙে ক্যালসিয়াম অক্সাইড ও কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়। তাই চিমনির কালো ধোঁয়া দূষণ ছড়িয়ে দিচ্ছে গ্রাম শহরের আনাচে কানাচে। ভলানির জন্য নীচু মানের কয়লাও এক্ষেত্রে অনেকটা দায়ী। তাই ভাটা সংলগ্ন এলাকায় নাক, চোখ, শ্বাসপ্রশ্বাসের অসুখ এবং ফুসফুসের সংক্রমণ সবচেয়ে বেশি দেখা দিচ্ছে। তবে এখন আমাদের রাজ্যে এবং মুম্বই, বেঙ্গালুরু, দিল্লির মতো শহরে কারখানার বর্জ্য ছাই ও পাথরের গুঁড়ো থেকে তৈরি হচ্ছে নতুন প্রযুক্তি ইট। এর ফলে ইটভাটার ভয়াবহ দূষণ থেকে কিছুটা হলেও মুক্তি পাওয়া গেছে। ২০০৬ সালের ২৯ জুলাই রাজ্যে ইটভাটাকে কেন্দ্র করে যে নতুন আইন চালু হয়েছে তাতে ইটভাটার ছাড়পত্র দেওয়ার ক্ষেত্রে বহু নিয়ম উল্লেখ করা হয়েছে। এই আইন অনুযায়ী পরিবেশ সংক্রান্ত বিষয়ে জেলাশাসকের নেতৃত্বে কার্যকরি কমিটি গড়ে তুলতেও নির্দেশ দেওয়া হয়েছে। আন্তর্জাতিক বিশ্বে শিশুশ্রম এখন এক আলোচিত বিষয়। শিশু শ্রমিকের সংখ্যা বাড়তে থাকায় আন্তর্জাতিক প্রতিষ্ঠান, সুশীল সমাজগোষ্ঠী, দেশজুড়ে সমাজসেবী সংগঠন, মানবাধিকার কমিশন সবাই এক চ্যালেঞ্জের মুখে এসে দাঁড়িয়েছে। এই সমস্যার মূল কারণ অর্থনৈতিক। দারিদ্র্যসীমার নীচে নেমে আসা ইটভট্টার শ্রমিক পরিবারের এইসব শিশু দারিদ্র্যের চাপেই ঢুকে পড়ে শ্রমের কারাগারে। এ কথা মাথায় রেখেও শিশুশ্রম রোধ করার জন্য যেমন রাষ্ট্রসংঘ আন্তর্জাতিকভাবে জাতীয় পর্যায়ে বিধিনিষেধের আইন। ইটভাটায় ও পাথর ভাঙার কাজে শিশু শ্রমিকের সংখ্যা বেড়ে যাওয়ায় এই নিয়ে কঠোর আইন রয়েছে আমাদের দেশে। ১৯৮৬ সালে ঘোষিত শিশুশ্রমিক নিষিদ্ধকরণ আইনে ইটভাটায় তাদের কাজে লাগানো এক অপরাধের কাজ। শিশুশ্রমিক উদ্ধার করতে মহকুমা স্তরেও কমিটি আছে। থেকে শিশুদের উদ্ধারও করা হয়েছে। তাদের চাইল্ড হেল্পলাইনের হাতে তুলেও দেওয়া হয়েছে। ইটভাটায় শিশু শ্রমিকের খোঁজে রেসকিউ কমিটি গঠন করা হয়েছে। বেশিরভাগ শিশুর বয়স ৮ থেকে ১০।

সুপ্রাচীন কাল থেকে আধুনিক সময়কালে বয়ে চলেছে ইটভাটার শ্রম জীবনের কাহিনি। সে কাহিনি যেমন করুণ, তেমনি মর্মান্তিক। এমনিতেই শ্রমিকদের কাজের সময় বর্ষার শেষ থেকে আর এক বর্ষার আগমন পর্যন্ত। অসংগঠিত হওয়ার ফলেপরিবার নিয়ে কোথায় থাকবে, তা নিয়ে যেমন ভাবে না ইটভাটার মালিকরা, তেমনি ভাবে না বিভিন্ন শ্রমিক সংগঠনগুলি। তাই গায়ে, তেমনি এদের আশা ভাসে আগুনের শিখায়। কর্মান্তে একদল চলে যায় বিহারে, তো অন্যদল যায় ঝাড়খণ্ডের পথে। আবার ফেরে বাংলার গ্রামেগপে। এরা কাজের কারণে জোট বীধলেও মনের আবেদনে এক হয়ে উঠতে পারে না। তাদের প্রতিবাদের কণ্ঠও সোচ্চার হয় না। ইটভাটার মালিকরা নিজেদের স্বার্থে এদের বিচ্ছিন্ন রাখার প্রয়াসে তৎপর থাকে। ভাটার আগুন নিভলে এইসব মানুষেরা যখন ঘরের পথে পা বাড়ায়, সুচতুর কৌশলে তখন এদের বেঁধে রাখার জন্য টাকা দাদন দিয়ে টিপছাপ নিয়ে রাখা হয়, যাতে অন্য কোনোরকম সংস্থান হলেও এরা বন্ডেড লেবার-এর মতো ফিরে আসতে বাধ্য হয় ইট আর আগুনের কর্মস্থলে। লোকচক্ষুর আড়ালে নগদ পয়সার লোভে শিশুদেরও ভাটায় নিযুক্ত করতে হয় তাদের। বইখাতার বদলে তাদের হাত ভরে যায় মাটির ধুলো কাদায়। ইটভাটার শ্রমিক জীবনে চলে শোষণের এক প্রচ্ছন্ন জোত। এ আত বহুকালের। চাই সরকারের সুদৃঢ় প্রয়াস। সমাজের সবাইকে দেখতে হবে যেন তাদের অসংগঠিত জীবনকে ঘিরে বারবার মানবাধিকার লঙঘনের ঘটনা সংগঠিত না হয়। আধুনিক প্রযুক্তির দ্রুত বিকাশ ঘটছে। আগামী দিনে হয়ত কাদামাটির পোড়ানো ঘটবে। হয়ত আগামী পৃথিবীর কোনো এক সময়ে নতুন ইমারতী কৌশলের জন্য আজকের দূষণ ভরা ইটভাটার বিলুপ্তি ঘটে যাবে। কোনো প্রত্নখননকারীর দল হয়ত ধ্বংসাবশেষ কিন্তু যুগযুগান্তর হতে মানুষ নিত্য প্রয়োজনে নগরে প্রান্তরে জীবনে মরণে যারা কাজ করেছিল আগুন আচের উত্তাপে লিখবেন ''ওরা কাজ করে' কবিতা?

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)



# মেডিকেল ইলেকট্রনিক্সের কিছু কথা

**অসীম সুর চৌধুরী**

'মেডিকেল ইলেকট্রনিক্স' কথাটা শুনলেই বোঝা যায় চিকিৎসা বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং শাখার মেলবন্ধন ঘটেছে এই বিভাগে। সোজা কথায় বলতে গেলে, চিকিৎসা বিজ্ঞানে ইলেকটিক্স যন্ত্রপাতির সাহায্যে মাপজোক করার পদ্ধতি সম্বন্ধে আলোচনা করা হয় এই শাখায়। যেহেতু এইসব যন্ত্রপাতির ব্যবহার হয় প্রাণীদের ওপর, তাই স্বাভাবিকভাবেই কারখানায় ব্যবহৃত যন্ত্রপাতিগুলোর থেকে এগুলো অনেক উন্নতমানের ও নিখুঁত হয়ে থাকে। যে সব ব্যক্তি এই পেশায় যুক্ত আছেন তারা বিভিন্ন নামে পরিচিত। কখনও এঁদের 'বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার' নামে ডাকা হয়, আবার কখনওবা ক্লিনিক্যাল ইঞ্জিনিয়ার। কোথাও কোথাও এঁরা হসপিটাল ইঞ্জিনিয়ার'' আবার কোথাও 'মেডিকেল ইঞ্জিনিয়ার' নামে পরিচিত।

***ইতিহাস***

'মেডিকেল ইলেকট্রনিক্স' কথাটা বেশিদিনের পুরনো না হলে কী হবে, চিকিৎসা বিজ্ঞানে যন্ত্রপাতির ব্যবহার কিন্তু অনেক দিনের। যেমন, ইলেকসটোকার্ডিওগ্রাফ বা 'ইসিজি' মেশিনের প্রথম ব্যবহার হয় উনবিংশ শতাব্দীর শেষের দিকে। আরও কিছু ছোটখাটো যন্ত্রপাতি সেই সময় চিকিৎসার কাজে ব্যবহার করা হত। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত চিকিৎসার যন্ত্রপাতির তেমন বিকাশ ঘটেনি, আর এর ব্যবহারও তেমনভাবে হত না। ১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ যখন থামল, তখন যুদ্ধে ব্যবহৃত প্রচুর ইলেকট্রনিক্স সরঞ্জাম উদ্বৃত্ত অবস্থায় পাওয়া গেল। এদের মধ্যে রয়েছে ধরনের অ্যামপ্লিফায়ার, রেকর্ডার ইত্যাদি।

অনেক ইন্নিনিয়ার ওই বেঁচে যাওয়া যন্ত্রপাতি চিকিৎসার কাজে লাগানো যায় কিনা তাই নিয়ে উঠেপড়ে লাগলেন। কিন্ত তাদের সেই উদ্যোগ ততটা সফল হল না।

তারা দেখলেন যে, কারখানায় ব্যবহৃত যন্ত্রপাতি চিকিৎসার কাজে ব্যবহার করতে কিছু অসুবিধা আছে। প্রধান অসুবিধা হল 'প্যারামিটার' এর তফাত। 'প্যারামিটার' এর বাংলা অর্থ হল স্থিতিমাপ বা চরিত্র নির্ধারক বৈশিষ্ট্য বা বৈশিষ্ট্যসূচক মাত্রা। সেই প্রযুক্তিবিদরা আরও দেখলেন, কারখানায় যে পদ্ধতিতে ''ভৌত প্যারামিটার মাপা হয় পরিমাপ করা সম্ভব নয়। পরের দশকে কিছু সাধারণ যন্ত্রপাতির উৎপাদকরা চিকিৎসার কাজে ব্যবহার হয় এমন যন্ত্র বানাতে শুরু করলেন। প্রথম দিকে এই যন্ত্রপাতিগুলো অচ্ছুৎই রইল। এর প্রথম কারণ হল শিলা দাম আর দ্বিতীয় কারণ কিছু কিছু ডাক্তারের অসহযোগিতা। ডাক্তারদের অনেকেই প্রথমদিকে এই যন্ত্রপাতিগুলোকে ভালো চোখে দেখতেন না। তবে আস্তে আস্তে অবস্থার পরিবর্তন ঘটল। কিছু নামিদামি কোম্পানি শুধুমাত্র মেডিকেল যন্ত্রপাতি বানাবার কাজে এগিয়ে এল। লোকসমাজে এই যন্ত্রপাতিগুলোর জনপ্রিয়তাও বাড়তে লাগল। ১৯৬০ এর দশক থেকে ইঞ্জিনিয়ারদের মধ্যেও চিকিৎসাক্ষেত্রকে কাজ করার আগ্রহ দেখা গেল। ১৯৬৮ সালে ''বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং সোসাইটি' নামে একটা সংস্থাও গড়ে উঠল। এইভাবে ক্রমে 'মেডিকেল' ইঞ্জিনিয়ারিং এর প্রসার ঘটতে লাগল। আজ প্রায় সব নামিদামি প্রযুক্তি বিদ্যালয়ে 'মেডিকেল ইলেকট্রনিক্স' শাখা বিভিন্ন নামে পড়ানো হয়।

***বায়ো ইলেকট্রিক পোটেনশিয়াল***

দেখা গেছে যে, মানুষ ও অন্যান্য প্রাণীর হৃৎপিণ্ডের সংকোচন-প্রসারণ, পেশির সঞ্চালন, নার্ভের উত্তেজনা ইত্যাদির ফলে অতি ক্ষুদ্র ইলেকট্রনিক ভোল্টেজের উদ্ভব হয় এই ধরনের ভোল্টেজকে 'বায়ো ইলেকট্রনিক পোটেনশিয়াল বলে। আমাদের দেহের কতগুলো বিশেষ ধরনের কোষে এই ক্ষুণ্ণ ভোল্টেজ পরিলক্ষিত হয়। সত্যি কথা বলতে কী, ওই অল্প ভোল্টেজ (মিলি ভোল্ট) আমাদের শরীরে উৎপন্ন হয় হলেই ইসিজি, ইইজি , ইএমজি ইত্যাদি মেশিনগুলো কাজকর্ম করতে পারে। ১৭৮৬ সালে ইতালির বোলোনা বিশ্ববিদ্যালয়ের একজন শারীরবিদ্যার অধ্যাপক ''লুইগি গ্যালভানি'' প্রথম ব্যাঙের পায়ের পেশিতে ক্ষুদ্র ইলেকট্রনিক ভোল্টেজ উৎপন্ন হওয়া টের পেয়েছিলেন। কিন্তু ব্যাপারটা হাতেনাতে প্রমাণ করলেন ডাচ বিজ্ঞানী বেশি সময় পরে। ১৯০৩ সাল নাগাদ তার আবিষ্কৃত 'স্ট্রং গ্যালভানোমিটার'' এর সাহায্যে পেশিতে উৎপন্ন ভোল্টেজকে সরাসরি মাপা সম্ভব হয়েছে।

***অ্যাকশন পোটেনশিয়াল***

পোটেনশিয়াল'' উৎপন্ন হয় যেমন হাৎপিপু, পেশি, নার্ভ ইত্যাদি জায়গায় কতগুলো বিশেষ ধরনের কোষ আছে যাদের কাজকারবার একটু অদ্ভূত ধরনের কিছু কিছু পদার্থকে এরা কোষ আবরণী ভেদ করে ভেতরে প্রবেশ করার অনুমতি দেয়, কিন্তু অন্যদের ক্ষেত্রে এদের দরজা বন্ধ থাকে। এই ধরনের কোষকে ''সেমি তরল পদার্থ দিয়ে সবসময় পূর্ণ থাকে। এই তরল পদার্থের মধ্যে প্রধানত তিন ধরনের আয়নের আধিক্য দেখা যায়। এরা হল পটাশিয়াম , সোডিয়াম ও ক্লোরাইড আয়ন । ওই বিশেষ কোষগুলো উত্তেজিত হলে কিছু পরিমাণ পটাশিয়াম আয়ন ও ক্লোরাইড আয়ন কোষ আবরণী ভেদ করে কোষের মধ্যে ঢুকে পড়ে। কিন্তু সোডিয়াম আয়ন এর মধ্যে একেবারেই প্রবেশ করতে পারে না। ফলে কোষের ভিতর পটাশিয়াম ও ক্লোরাইড ও কোষের বাইরে (সোডিয়াম) এর আধিক্য দেখা যায়। তাই কোষ আবরণীর ভিতর ও বাইরের মধ্যে একটা বিভব প্রভেদ লক্ষ্য করা যায়। এইক্ষেত্রে কোষের বাইরেটা পজিটিভ ও ভিতরটা নেগেটিভ হয়। মেপে দেখা গেছে, তাদের ''পোলারাইজড' বলা হয়, আর এই রক্রিয়াটার নাম ''পোলারাইজেশন''। নং চিত্রে ''পোলারাইজড'' কোষের ''রেস্টিং পোটেনশিয়াল'''' অবস্থাটা দেখানো হয়েছে। এই পোলারাইজড কোষগুলোর চরিত্র অপরিবর্তিত থাকে যতক্ষণ না বাইরে থেকে কোনো শক্তি প্রয়োগ করা হয়। আয়নিক কারেন্ট বা বাহ্যিক কোনো শক্তি এই কোবগুলির উপর প্রয়োগ করলে এরা উত্তেজিত হয়ে পড়ে। তখন কোষ আবরণীর চরিত্র কিছুটা পাল্টে যায়। সোডিয়াম আয়ন যারা এতক্ষণ কোষের মধ্যে ঢোকার অনুমতি পায়নি, তারা কোষের মধ্যে ঢুকে পড়ে। এদিকে আয়নের ভারসাম্য রক্ষার তাগিদে পটাশিয়াম আয়নগুলো কোষের বাইরে বেরিয়ে যাওয়ার চেষ্টা করে। কিন্তু যে পরিমাণ কোষের মধ্যে ঢুকে পড়ে, ততটা ওই সময়ে কোষ থেকে বেরোতে পারে না। ফলে এই ক্ষেত্রে উল্টো ফল দেখা যায়। এবার কোষের ভিতরটা পজিটিভ ও বাইরেটা নেগেটিভ। কোষের ভিতর ও পোটেনশিয়াল' এবং এর মান প্রায় ২০ মিলি ভোল্টের মতো হয়ে যায়। এই অবস্থায় কোষগুলোকে ''ডি পোলারাইজড' বলে আর এই প্রক্রিয়াটার নাম ''ডি পোলারাইশেন''। (২) নং চিত্রে ''ডি পোলারাইজভ' কোষের অ্যাকশন পোটেনশিয়াল অবস্থা দেখানো হয়েছে। (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় পকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



বিধানসভার অধ্যক্ষ রতন চক্রবর্তী হোলি উৎসবে সামিল হন। ছবি ঃ নিজস্ব

# পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান-র প্রথম মন্ত্রিসভার বৈঠকে ২৫ হাজার সরকারি চাকরির ঘোষণা

চণ্ডীগড়, ১৯ মার্চ (হি.স.) : শনিবার পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠকে মোট ২৫ হাজার সরকারি চাকরি দেওয়ার প্রস্তাব পাস করেছে বলে মুখ্যমন্ত্রীর কার্যালয় জানিয়েছে।

মন্ত্রিসভা পঞ্জাব পুলিশ বিভাগে দশ হাজার শূন্যপদ এবং অন্যান্য সরকারি বিভাগে ১৫ হাজার শূন্যপদ সহ মোট ২৫ হাজারটি সরকারি চাকরির প্রস্তাব পাস করা হয়েছে বলে জানা গিয়েছে। আম আদমি পার্টি (আপ) তার নির্বাচনী প্রতিশ্রুতিতে বলেছিল,নসরকার গঠনের পরে তারা বেকার যুবকদের চাকরি দেবে।

পঞ্জাবে আপের অন্যান্য নির্বাচনী প্রতিশ্রুতির মধ্যে দলের জাতীয় আহ্বায়ক এবং দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল রাজ্যের সরকারি স্কুল ও হাসপাতালের অবস্থার উন্নতি, কর্মসংস্থানের সুযোগ তৈরি, ইলেকট্রিক বিলিং চক্র প্রতি ৩০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। এছাড়া ১৮ বছরের বেশি বয়সী মহিলাদের প্রতি মাসে এক হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

প্রসঙ্গত, এদিন পঞ্জাবে আম আদমি পার্টির (আপ) সিনিয়র নেতা হারপাল সিং চিমা এবং কুলদীপ সিং ধলিওয়াল সহ দশজন মন্ত্রী শপথ নিয়ে রাজ্যের ভগবন্ত মান নেতৃত্বাধীন মন্ত্রিসভায় যোগ দিয়েছেন। চণ্ডীগড়ের রাজভবনে শপথ অনুষ্ঠানে মন্ত্রীরা শপথ নেন। শপথবাক্য পাঠ করান পাঞ্জাবের রাজ্যপাল বনওয়ারিলাল পুরোহিত।

# বাংলাদেশের ঢাকার ইসকন রাধাকান্ত মন্দিরে হামলার নিন্দা করল ভিএইচপি

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : শনিবার বাংলাদেশের রাজধানী ঢাকার ইসকন রাধাকান্ত মন্দিরে হামলার নিন্দায় সরব বিশ্ব হিন্দু পরিষদ (ভিএইচপি)। এমনকি তারা রাষ্ট্রসংঘসহ আন্তর্জাতিক সংস্থাগুলোকে দেশে হিন্দুদের বিরুদ্ধে সাম্প্রতিক হামলার বিবেচনা করার আহ্বান জানিয়েছে। বিশ্ব হিন্দু পরিষদের (ভিএইচপি) আন্তর্জাতিক যুগ্ম সাধারণ সম্পাদক সুরেন্দ্র জৈন বলেছেন, সম্প্রতি ঢাকায় অবস্থিত বিখ্যাত রাধাকান্ত মন্দিরে পূর্ণিমা উৎসবের প্রস্তুতি চলছিল। এটা খুবই দুঃখজনক যে ২০০ জনেরও বেশি জিহাদী হামলা চালিয়ে প্রতিমা ভাঙচুর এবং উপস্থিতদের লাঞ্ছিত করেছে। এই ধরনের ঘটনা এই প্রথম নয়। এমন একটিও উৎসব নেই যা হিন্দুরা ভয়ের ছায়ায় আয়োজন করেনি।

বাংলাদেশের ঢাকার ইসকন রাধাকান্ত মন্দির বৃহস্পতিবার উগ্রবাদীরা হামলা চালিয়ে মন্দির ভাঙচুর করেছে। প্রবীণ ভিএইচপি নেতা অনুরোধ করেছেন, বাংলাদেশ সরকার এবং প্রশাসনকে তাদের উদ্বেগের সমাধান করা উচিত।

তিনি বলেন, এমন নৃশংসতা আর কতদিন চলবে? আর কতদিন মন্দিরে হামলা চলবে? যখনই হিন্দুদের ওপর হামলা হয়, তখনই বাংলাদেশ সরকার এটাকে সরকারের বদনাম করার চেষ্টা বলে। তিনি আরও বলেন, বাংলাদেশ সরকার যদি সত্যিই হিন্দু সম্প্রদায়ের প্রতি সৎ হয়, তাহলে তাদের সংবিধানে পরিবর্তন আনা উচিত। যতদিন শরিয়া আইন থাকবে, হিন্দু সমাজ কখনোই জিহাদিদের ছায়ায় শান্তিতে থাকতে পারবে না।

# সোমবারই প্রবল শক্তি নিয়ে আছড়ে পড়তে চলেছে ঘূর্ণিঝড় অশনি

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি. স.) : সোমবারই প্রবল শক্তি নিয়ে আছড়ে পড়তে চলেছে ঘূর্ণিঝড় অশনি। শনিবার থেকেই মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া নিষেধ হয়ে গিয়েছে। সমুদ্র তীরবর্তী পর্যটন কেন্দ্রগুলিকেও যুদ্ধকালীন তৎপরতায় বন্ধ করে দেওয়া হচ্ছে।বন্ধ হচ্ছে সমস্ত পর্যটন কেন্দ্রও।

বঙ্গোপসাগরের দক্ষিণ-পূর্বে অবস্থিত গভীর নিম্নচাপ ক্রমশ শক্তি বাড়াচ্ছে। রবিবারের মধ্যে তা সুস্পষ্ট নিম্নচাপ হিসেবে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের উপর দিয়ে যাবে। সোমবার সকালের মধ্যে তা ঘূর্ণিঝড়ের চেহারা নিয়ে আছড়ে পড়বে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে। তার পর উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে মঙ্গলবারের মধ্যে তা উত্তর মায়ানমার ও দক্ষিণ-পূর্ব বাংলাদেশ উপকূলে পৌঁছবে।

আবহাওয়া দফতর জানাচ্ছে, ঘূর্ণিঝড়ের সরাসরি কোনও প্রভাব পড়বে না বাংলায়। তবে শনিবার থেকেই আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বৃষ্টি শুরু হবে। রবিবার বাড়বে বৃষ্টির তেজ। সোমবার ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা দিয়েছে মৌসম ভবন। শনিবার থেকে মঙ্গলবার পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া নিষেধ। রবিবার থেকে আন্দামানে দমকা হাওয়া শুরু হবে। সোমবার ঝড়ের গতিবেগ ৬০ থেকে ৭০ কিলোমিটারে পৌঁছবে। ঝড়ের সর্বোচ্চ গতিবেগ হতে পারে ৮০ কিলোমিটার। হাওয়া অফিস থেকে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বসবাসকারী সাধারণ মানুষকে প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে বেরোতে নিষেধ করা হয়েছে। কাঁচাবাড়িতে যাঁরা থাকেন, তাঁদের সরকারের তরফ থেকে নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়ার কাজ শুরু হয়েছে। জলোচ্ছ্বাসের জেরে ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে বলেও পূর্বাভাস দিয়েছে মৌসম ভবন।

ঘূর্ণিঝড়ের কোনও প্রভাব না পড়লেও, বাংলায় ভোরের দিকে বাতাসে শিরশিরে ভাব উধাও হয়ে পুরোপুরি গরম পড়বে। বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্পের উপস্থিতি অস্বস্তি আরও বাড়াবে। সেই সঙ্গেই পাল্লা দিয়ে বাড়বে দিনের সর্বোচ্চ তাপমাত্রা। তবে আগামী চার দিন রাজ্যে বৃষ্টির কোনও সম্ভাবনা নেই বলেই জানাচ্ছে হাওয়া অফিস। হিন্দুস্থান সমাচার / সোনালি

# রাশিয়া রাষ্ট্রীয় টেলিভিশনে সম্প্রচার বিভ্রাট, মাঝ পথে বন্ধ হল পুতিনের ভাষণ

মস্কো, ১৯ মার্চ (হি.স.) : ভাষণ চলাকালীন মাঝ পথে আচমকা বন্ধ হয়ে গেল রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ভাষণের সম্প্রচার।রাশিয়ার রাষ্ট্রীয় টেলিভিশনের সরাসরি সম্প্রচারে মাঝ পথে প্রেসিডেন্টের ভাষণ বন্ধ হয়ে চলতে শুরু করে পূর্বে ধারন করা ওই অনুষ্ঠানের অংশ। 'সার্ভারে প্রযুক্তিগত সমস্যা'র কারণেই সম্প্রচারে বিঘ্ন ঘটেছে বলে জানিয়েছে ক্রেমলিন।

ইউক্রেনে সামরিক আগ্রাসনের মধ্যেই স্থানীয় সময় শুক্রবার মস্কোর বিশাল এক ফুটবল স্টেডিয়ামে ভাষণ দিয়েছেন রুশ প্রেসিডেন্ট। ভ্লাদিমির পুতিনের ওই ভাষণের মাঝখানেই বন্ধ হয়ে যায় রাশিয়ার রাষ্ট্রীয় টেলিভিশনের সরাসরি সম্প্রচার। এরপর টেলিভিশনে প্রচার হতে থাকে ওই একই অনুষ্ঠানের পূর্বে ধারণ করা একটি অংশ। সেখানে জনপ্রিয় রুশ সংগীতশিল্পী ওলেগ গাজমানভ দেশাত্মবোধক গান পরিবেশন করেন। ওই ঘটনার প্রায় ৫ মিনিট পর আবার সম্প্রচার শুরু করে রাষ্ট্রীয় টেলিভিশন। তখন প্রেসিডেন্ট পুতিনের মঞ্চে আরোহণ থেকে শুরু করে পুরো ভাষণ এবং তার মঞ্চ ছেড়ে যাওয়ার পুরো অনুষ্ঠান চালানো হয়।

রাশিয়ার রাষ্ট্রীয় টেলিভিশন কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়। এমন একটি চ্যানেলে প্রেসিডেন্টের বক্তব্য প্রচারে বিঘ্নের ঘটনা খুবই বিরল। 'সার্ভারে প্রযুক্তিগত সমস্যা'র কারণেই সম্প্রচারে বিঘ্ন ঘটেছে বলে জানিয়েছে ক্রেমলিন। ইউক্রেন যুদ্ধে অংশ নেওয়া সেনা সদস্যের প্রতি সমর্থন জানাতে এবং ২০১৪ সালে ক্রিমিয়া দখলের বর্ষপূর্তিতে ওই আয়োজন করা হয়। মস্কোর লুঝনিকি স্টেডিয়ামের মঞ্চে যখন পুতিন হাজির হন, তখন হাজার হাজার মানুষ রুশ পতাকা তুলে ধরে 'রাশিয়া, রাশিয়া, রাশিয়া, রাশিয়া' স্লোগান দেন। ভাষণে ৬৯ বছর বয়সী ভ্লাদিমির পুতিন বলেন, 'আমরা জানি আমাদের কী করতে হবে, কীভাবে করতে হবে এবং কোন মূল্যে করতে হবে। আমরা আমাদের সমস্ত পরিকল্পনা সম্পূর্ণরূপে সম্পন্ন করব'। —হিন্দুস্থান সমাচার / কাকলি

# ইউক্রেনে আরও 'ভয়ংকর অস্ত্র' ব্যবহার করছে রাশিয়া

মস্কো, ১৯ মার্চ (হি.স.) : ইউক্রেনে প্রথমবারের মতো নতুন কিনঝাল 'হাইপারসনিক' ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে রাশিয়া। ইউক্রেনের পশ্চিমে একটি অস্ত্র ভাণ্ডার ধ্বংস করতে এই 'ভয়ংকর' অস্ত্র ব্যবহার করা হয় বলে জানিয়েছে রুশ প্রতিরক্ষা মন্ত্রক। এমনটাই জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আরআইএ নভোস্তি।

রুশ হামলায় ধ্বংসস্তূপে পরিণত হয়েছে পুরো ইউক্রেন। এই যুদ্ধে গোলাবর্ষণের পাশাপাশি বিভিন্ন ধরনের ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে যাচ্ছে রুশ সেনারা। দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আরআইএ নভোস্তির খবরে বলা হয় রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় বলছে, ওই ক্ষেপণাস্ত্রের আঘাতে ইভানো-ফ্রাঙ্কিভস্ক অঞ্চলের দেলিয়াতিন গ্রামে ক্ষেপণাস্ত্র ও বিমানের গোলাবারুদ ভরা একটি বিশাল ভূগর্ভস্থ গুদাম ধ্বংস হয়েছে।

প্রসঙ্গত, হাইপারসনিক ক্ষেপণাস্ত্র একটি দূরপাল্লার অস্ত্র। এর গতি শব্দের চেয়ে অন্তত ৫ গুণ বেশি। এটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের চেয়ে বেশি সময় ধরে শনাক্তকরণ রাডারকে ফাঁকি দিতে পারে। চিন, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মতো অল্প কয়েকটি দেশের কাছে হাইপারসনিক ক্ষেপণাস্ত্র রয়েছে। রুশ আগ্রাসন শুরুর পর ২৪ দিনের মত যুদ্ধ চালিয়ে যাচ্ছে ইউক্রেনের সেনারা। রাশিয়ার হামলায় ইউক্রেন কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। এতে বহু হতাহতের খবর পাওয়া যাচ্ছে। দেশটি ছেড়ে প্রায় ৩৩ লাখ মানুষ পাশের দেশগুলোতে আশ্রয় নিয়েছে।

# ঢাকা ইসকনের ঘটনায় নিন্দা কলকাতার ইসকনের, পরিস্থিতি নিয়ন্ত্রণে শান্তি বৈঠক

কলকাতা, ১৯ মার্চ (হি. স.) : ঢাকার ইসকনে হামলার ঘটনায় নিন্দা করল কলকাতার ইসকন। পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টায় শনিবার শান্তিবৈঠক বসছে ঢাকার ইসকনে। ফের বাংলাদেশে আক্রান্ত সংখ্যালঘুরা। আবারও আক্রমণের নিশানায় ঢাকার ইসকন মন্দির। বৃহস্পতিবার রাতের দিকে ঢাকার রাধাকান্ত মন্দিরে আচমকাই হামলা হয়। মন্দিরের পুরোহিতদের মারধর, চলে লুটপাট। আক্রান্ত প্রায় শ দুয়েক। অভিযোগ, হাজি শফিউল্লা নামে এক ব্যক্তির নেতৃত্বে বিশাল দলবল মন্দিরের উপর হামলা চলে। তদন্তে নেমেছে পুলিশ। কলকাতার ইসকনের ভাইস-প্রেসিডেন্ট এবং মুখপাত্র রাধারমণ দাস বলেছেন, "এটি খুবই দুর্ভাগ্যজনক ঘটনা। বৃহস্পতিবার রাত ৮টার দিকে, ভক্তরা যখন হোলি উদযাপন করছিলেন তখন ২০০ জনের বেশি লোক মন্দিরের কিছু অংশ লুটপাট করে। কিছু জিনিসও কেড়ে নেওয়া হয়েছে, আমরা জেনেছি।" ভারত সরকারের একটি সূত্র জানিয়েছে যে বিষয়টি 'মূলত একটি ভূমি বিরোধ'। কিন্তু স্থানীয় পুলিশ, সেই সাথে শহরের পৌরসভার ওয়ার্ড অফিসার, দ্রুত প্রতিক্রিয়া জানিয়েছেন। "শনিবার বিকেলে এ বিষয়ে স্থানীয় পর্যায়ের বৈঠক রয়েছে"।

গত বছর থেকেই বাংলাদেশে সংখ্যালঘুদের উপর ধারাবাহিকভাবে হামলার ঘটনা ঘটে চলেছে। গত বছর দুর্গাপুজোয় কুমিল্লায় একটি মণ্ডপে প্রতিমার পায়ের কাছে ইসলামের পবিত্র কোরান রাখা নিয়ে সাম্প্রদায়িক অশান্তি তুঙ্গে ওঠে। পরে জানা যায়, এক মুসলিম যুবকই সেখানে কোরান রেখে এসেছিল। তাকে গ্রেপ্তার করা হয়। তার পরপরই ইসকন মন্দিরেও হামলা হয়। তারও আগে ঢাকার টিপু সুলতান রোড এবং চট্টগ্রামের কোতওয়ালিতেও একই ঘটনায় উত্তপ্ত হয়ে উঠেছিল। তবে এবার রাধাকান্ত মন্দিরে হামলার ঘটনায় ব্যাপক শোরগোল হয়েছে।

# ইউক্রেন ছাড়া ১ লক্ষ শরথার্ণীকে আশ্রয় দেবে নরওয়ে

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : রাশিয়া আগ্রাসন শুরুর পর ২৪ দিনের মত যুদ্ধ চালিয়ে যাচ্ছে ইউক্রেনের সেনারা। রাশিয়ার হামলায় ইউক্রেন কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। দেশটি ছেড়ে প্রায় ৩৩ লক্ষ মানুষ পাশের দেশগুলোতে আশ্রয় নিয়েছে। প্রাণে বাঁচতে ইউক্রেন ছাড়া এসব শরথার্ণীদের মধ্যে ১ লক্ষ মানুষকে আশ্রয় দেওয়ার ঘোষণা দিয়েছে ইউরোপের দেশ নরওয়ে। শুক্রবার নরওয়েজিয়ান প্রধানমন্ত্রী জোনাস গাহর স্টোয়ের দেশটির পার্লামেন্টে বলেন, তার দেশ লক্ষাধিক ইউক্রেনীয় শরণার্থীকে আশ্রয় দেওয়ার জন্যই প্রস্তুত হচ্ছে।

স্টোয়ের বলেন, আমাদের ৫৪ লক্ষ জনসংখ্যার দেশে যদি ধারণার চেয়ে বেশি শরণার্থী ঢোকে, তাহলে তাদের স্টেডিয়াম, গুদাম, এমনকি তাঁবুতেও থাকতে হতে পারে। এমন ঘটনা যে ঘটবেইতা নয়। তবে পরিস্থিতি মোকাবিলায় আমাদের অবশ্যই পরিকল্পনা ও প্রস্তুতি থাকতে হবে। শুক্রবার জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর জানায়, এখন পর্যন্ত মোট ৩২ লক্ষ ৭০ হাজার ৬৬২ জন সীমান্ত দিয়ে অন্য দেশে পৌঁছেছে। তাদের মধ্যে ২০ লক্ষ মানুষ গেছে পোল্যান্ডে।—

# ৩৭০ রদের পর জম্মু-কাশ্মীরের তৃণমূল স্তরে পৌঁছেছে গণতন্ত্র : অমিত শাহ

জম্মু, ১৯ মার্চ (হি.স.): জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ রদের পর তৃণমূল স্তরে পৌঁছেছে গণতন্ত্র। শনিবার জম্মুতে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)-এর স্থাপনা দিবসের অনুষ্ঠানে এ কথা বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কথায়, আমাদের নেতা শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এক প্রধান, এক নিশান ও এক বিধানের জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছিলেন। মাতা বৈষ্ণদেবীকে প্রণাম ও শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে এদিন নিজের বক্তব্য শুরু করেন অমিত শাহ। দেশের সুরক্ষায় সিআরপিএফ জওয়ানদের ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এদিন বলেছেন, ২০১৪ সালে নরেন্দ্র মোদী দেশের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পর জম্মু-কাশ্মীরে অনেক কিছু হয়েছে। তৃণমূল স্তরে পৌঁছেছে গণতন্ত্র। এখানকার প্রতিটি গ্রামে পঞ্চ ও সরপঞ্চ নির্বাচিত হয়েছেন, যাঁদের গ্রাম স্তরে উন্নয়নের জন্য ক্ষমতা দেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেছেন, ৩৭০ অনুচ্ছেদ বাতিলের পর মহিলা ও দুর্বল শ্রেণীর মানুষ নিজেদের অধিকার ফিরে পেয়েছেন। এদিনের অনুষ্ঠানে জম্মু-কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা উপস্থিত ছিলেন।

# ৭৩ দিনের মধ্যেই খুলল শ্রীনগর-লেহ হাইওয়ে, রেকর্ড বললেন বিআরও ডিজি

শ্রীনগর, ১৯ মার্চ (হি.স.): প্রতিরক্ষার সঙ্গে সম্পর্কিত যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হল শ্রীনগর-লেহ হাইওয়ে, তাও আবার ৭৩-দিনের রেকর্ড সময়ে। অতি অল্প সময়ের মধ্যেই জোজিলা পাস অন্যান্য গুরুত্বপূর্ণ পয়েন্ট থেকে বরফ সরানোর কাজ সম্পন্ন হয়েছে, তাই গোটা দেশের সঙ্গে লাদাখকে সংযোগকারী এই হাইওয়ে শনিবার থেকে খুলে দেওয়া সম্ভব হয়েছে। তবে, আপাতত চলবে প্রতিরক্ষার সঙ্গে সম্পর্কিত যানবাহনই। বর্ডার রোড অর্গানাইজেশন (বিআরও)-এর ডিজি জানিয়েছেন, মাত্র ৭৩ দিনের মধ্যেই শ্রীনগর-লেহ হাইওয়ে খুলে দেওয়া হয়েছে, যা এককথায় রেকর্ড। আগে ৬ মাসের জন্য বিচ্ছিন্ন থাকত লাদাখ, গত বছর সেই সময় কমে ১১০ দিন হয়। এ বছর ৭৩ দিনের মধ্যেই খুলে দেওয়া হয়েছে শ্রীনগর-লেহ হাইওয়ে। সমস্ত কর্মীদেরও অভিনন্দন জানিয়েছেন তিনি।

# নরওয়েতে ভেঙে পড়ল মার্কিন সামরিক বিমান, মৃত্যু ৪ জন সৈনিকের

হেলসিঙ্কি, ১৯ মার্চ (হি.স.): নরওয়েতে ভেঙে পড়ল মার্কিন সামরিক বিমান। বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৪ জন আমেরিকান সৈনিক। ন্যাটো মহড়ায় অংশ নেওয়া ইউএস মেরিন কর্পস ভি-২২বি ওসপ্রে বিমানটি শুক্রবার রাতে নরওয়েতে ভেঙে পড়ে। ওই বিমানে ৪ জন মার্কিন সৈন্য ছিলেন, সকলেরই মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্ক্যান্ডিনেভিয়ান দেশের সেনাবাহিনী।

৪ জন মার্কিন সেনার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন নরওয়ের প্রধানমন্ত্রীও। মৃতদের পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন তিনি। বিমানটিতে চারজন ক্রু সদস্য ছিলেন এবং উত্তর নরওয়ের নর্ডল্যান্ড কাউন্টিতে একটি প্রশিক্ষণ মিশনে ছিল। বিমানটি বোডোর উত্তর দিকে যাচ্ছিল, শুক্রবার সন্ধ্যা ৬টা নাগাদ অবতরণের জন্য নির্ধারিত ছিল। বোডোর দক্ষিণে বেয়ার্নের গ্র্যাটাডালেনে বিমানটি ভেঙে পড়ে। পুলিশ জানিয়েছে, তৎক্ষণাৎ অনুসন্ধান ও উদ্ধার অভিযান শুরু করা হয়। শনিবার ভোররাত ১.৩০ মিনিট নাগাদ ঘটনাস্থলে পৌঁছয় উদ্ধারকারী দল।

# মূল্যবৃদ্ধি নিয়ে টুইটে উদ্বেগ রাহুল গান্ধীর

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : মুদ্রাস্ফীতি এবং মূল্যবৃদ্ধি নিয়ে ফের উদ্বেগ প্রকাশ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। শনিবার এক টুইটে তিনি লেখেন, মুদ্রাস্ফীতি হল সমস্ত ভারতীয়দের উপর একটি চাপিয়ে দেওয়া কর। এই টুইটে দেশবাসীর প্রতি কংগ্রেস নেতার সতর্কবার্তা, ভারতে মুদ্রাস্ফীতি আরও বাড়বে। দেশের জনগণকে রক্ষা করার জন্য সরকারকে এখনই এগিয়ে এসে উদ্যোগ নিতে হবে। তাঁর আরও দাবি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার আগে থেকেই দেশের মূল্যবৃদ্ধি দরিদ্র ও মধ্যবিত্তদের চরম দুর্ভোগে ফেলেছে। টুইটে রাহুলের আশঙ্কা, মূল্যবৃদ্ধি আরও চড়া হবে। অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ১০০ ডলার বেড়ে যাবে। খাবারের দাম বাড়বে ২২ শতাংশ। তিনি লেখেন, কোভিডের কারণে বিশ্বজুড়ে খাদ্য সরবরাহের শৃঙ্খল ভেঙে পড়েছে। দেশের দরিদ্র ও মধ্যবিত্ত মানুষের কথা ভেবে এখনই কেন্দ্রীয় সরকারের জরুরি পদক্ষেপ করা দরকার।

# পঞ্জাবের নয়া অ্যাডভোকেট জেনারেল নিযুক্ত হলেন আনমোল রতন সিধু

চণ্ডীগড়, ১৯ মার্চ (হি.স.) : পঞ্জাব সরকার শনিবার পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের সিনিয়র অ্যাডভোকেট আনমোল রতন সিধুকে রাজ্যের নতুন অ্যাডভোকেট জেনারেল নিযুক্ত করেছে।

এদিন রাজ্য সরকারের এক বিজ্ঞপ্তিতে জানা গিয়েছে, 'ভারতের সংবিধানের ১৬৫ অনুচ্ছেদের অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগে পঞ্জাব এবং হরিয়ানা হাইকোর্টের প্রবীন আইনজীবী ডক্টর আনমোল রতন সিধুকে পঞ্জাব রাজ্যের অ্যাডভোকেট জেনারেল হিসাবে নিয়োগ করতে পেরে খুশি হয়েছেন। আম আদমি পার্টি (আপ) সরকার পঞ্জাবে ক্ষমতায় নির্বাচিত হওয়ার পরে এবং ভগবন্ত মান মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পরে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

# জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দেখা করলেন প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : চতুর্দশ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনের আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার দিল্লির হায়দরাবাদ হাউসে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দেখা করলেন। আজ থেকে শুরু হওয়া দুদিনের ভারত সফরে কিশিদা রাজধানীতে এসে পৌঁছেছেন। কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বিমানবন্দরে জাপানের প্রধানমন্ত্রীকে স্বাগত জানান।

জাপানের প্রধানমন্ত্রীর ১৪তম ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে অংশ নেওয়ার পাশাপাশি প্রধানমন্ত্রী মোদীর সঙ্গেও দ্বিপাক্ষিক আলোচনা করবেন। প্রধানমন্ত্রী হিসেবে কিশিদার এই প্রথম সফর এবং শীর্ষ সম্মেলন হবে দুই নেতার মধ্যে প্রথম বৈঠক। পূর্ববর্তী ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলন ২০১৮ সালের অক্টোবরে টোকিওতে হয়েছিল।

এই শীর্ষ সম্মেলনটি উভয় পক্ষকে বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা পর্যালোচনা ও জোরদার করার পাশাপাশি পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে মতামত বিনিময় করার সুযোগ করে দেবে, যাতে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির জন্য তাদের অংশীদারিত্বকে এগিয়ে যায়।

# পূর্ব তানজানিয়ায় বাস ও লরির সংঘর্ষে মৃত ২২, আহত কমপক্ষে ৩৮ জন

ডোডোমা, ১৯ মার্চ (হি.স.): পূর্ব তানজানিয়ায় যাত্রীবোঝাই বাস ও লরির সংঘর্ষে প্রাণ হারালেন কমপক্ষে ২২ জন। দুর্ঘটনায় আহত হয়েছেন আরও ৩৮ জন। পুলিশ প্রধান ফরচুনাটাস মুসলিম বলেছেন, উপকূলীয় শহর এবং অর্থনৈতিক কেন্দ্র দার এস সালাম থেকে প্রায় ২০০ কিলোমিটার (১২০ মাইল) পশ্চিমে মেলেলা কিবাওনিতে দুর্ঘটনাটি ঘটেছে।

তিনি বলেন, একটি মোটরবাইককে ওভারটেক করতে গিয়ে লরিটি লেন থেকে বেরিয়ে যায়। একটি মোটরবাইককে ওভারটেক করার সময় লরি ও বাসের মুখোমুখি সংঘর্ষ হয়, তাতেই মৃত্যু হয়েছে ২২ জনের, ৩৮ জনকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

# পারদ চড়ছে জম্মু-কাশ্মীর ও লাদাখে, আগামী ২৪ ঘন্টায় বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা

শ্রীনগর, ১৯ মার্চ (হি.স.): শীতের আমেজ আর তেমন নেই জম্মু ও কাশ্মীরে, ধীরে ধীরে চড়ছে তাপমাত্রার পারদ। এমতাবস্থায় জম্মু-কাশ্মীরে ফের প্রাকৃতিক দুর্যোগের শঙ্কা। আগামী ২৪ ঘন্টায় বৃষ্টি ও তুষারপাতের পূর্বাভাস জারি করা হয়েছে জম্মু-কাশ্মীরে। জম্মুর সমতলে হতে পারে বৃষ্টি ও কাশ্মীরের পাহাড়ে তুষারপাতের সম্ভাবনা রয়েছে। শনিবার জম্মু-কাশ্মীরের আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৪ ঘন্টায় জম্মু-কাশ্মীরের বিভিন্ন প্রান্তে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে, লাদাখেও এমনই আবহাওয়া থাকবে। এদিকে, ধীরে ধীরে তাপমাত্রার পারদ চড়ছে জম্মু-কাশ্মীর ও লাদাখে। শনিবার শ্রীনগরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০.৭ ডিগ্রি, পহেলগামে ৬.৯ ডিগ্রি, গুলমার্গে ১.৫ ডিগ্রি। লাদাখেও বাড়ছে তাপমাত্রার পারদ, দ্রাসে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ১.৯ ডিগ্রি, লেহ-তে ২.৬ ডিগ্রি ও কার্গিলে মাইনাস ২.৮ ডিগ্রি। জম্মুতে সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে ২২.০ ডিগ্রিতে পৌঁছেছে।

# পঞ্জাব মন্ত্রিসভার প্রথম বৈঠকে নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে সিদ্ধান্ত নেওয়ার সম্ভাবনা

চণ্ডীগড়, ১৯ মার্চ (হি.স.) : শনিবার পঞ্জাব মন্ত্রিসভার প্রথম বৈঠক শুরু হয়েছে। ভগবন্ত মান নেতৃত্বাধীন সরকার যুবকদের মধ্যে বেকারত্বের সমস্যা সমাধানে নির্বাচনী প্রতিশ্রুতি পূরণের জন্য একটি বড় সিদ্ধান্ত নেওয়ার ইঙ্গিত রয়েছে বলে সূত্রে জানা গিয়েছে।

আম আদমি পার্টি (আপ) নির্বাচনী প্রতিশ্রুতিতে বলেছিল, সরকার গঠনের পরে তারা বেকার যুবকদের চাকরি দেবে। পঞ্জাবে আপ-এর অন্যান্য নির্বাচনী প্রতিশ্রুতির মধ্যে দলের জাতীয় আহ্বায়ক এবং দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল রাজ্যের সরকারি স্কুল ও হাসপাতালের অবস্থার উন্নতি, কর্মসংস্থানের সুযোগ তৈরি, ইলেকট্রিক বিলিং চক্র প্রতি ৩০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। ১৮ বছরের বেশি বয়সী মহিলাদের প্রতি মাসে এর হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। এমনকি তিনি দুর্নীতিমুক্ত সরকার এবং রাজ্যে মাদক নিয়ন্ত্রণের প্রতিশ্রুতিও দিয়েছিলেন।

প্রসঙ্গত, গত ১৭ মার্চ মুখ্যমন্ত্রী ভগবন্ত মান সহ পঞ্জাবের নবনির্বাচিত বিধায়করা বিধানসভার সদস্য হিসাবে শপথ নেন।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## মানসিক' থেকে দূরে থাকুসুস্থতায় 'নার্সিসিস্টন

তবে কীভাবে বুঝবেন পাশের মানুষটি চরম 'নার্সিসিস্ট'। 'নার্সিসিস্ট' শব্দটি অনেকটা 'অসামাজিক' শব্দের মতো যা বলতে গেলে অনেকাংশ সময় অপব্যবহার করা হয়। অনেকেই নার্সিসিস্ট বলতে এমন মানুষদের বোঝেন যারা কেবল নিজেদে নিয়েই কথা বলতে পছন্দ করেন। যা সব ক্ষেত্রে ঠিক নয়। বরং নার্সিসিজম হল একটি ব্যক্তিত্বের ব্যাধি যা কারও সামগ্রিক এবং ধ্রুবক স্ব-গুরুত্বের অনুভূতির মাধ্যমে চিহ্নিত করা হয়। ওয়েলঅ্যান্ডগুড ডটকম'য়ে এই বিষয়ে প্রকাশিত প্রতিবেদনে যুক্তরাষ্ট্রের থেরাপিস্ট লেসলি ডোয়ারেস বলেন, "অনেক সময়, লোকেরা বিশ্বাস করতে পারে না যে, একজন আত্মকেন্দ্রিক ব্যক্তির মাঝে সহানুভূতির অভাব রয়েছে। তাদের আচরণ অন্যদের মনে দ্বিধা সৃষ্টি করতে পারে। এরা খুব অমায়িক আচরণ করে। তবে এর বিনিময়ে কিছু প্রত্যাশা থেকে থাকে। এমন মানুষদের থেকে নিরাপদ দূরে থাকাই উচিত।"

ছয় প্রকার 'নার্সিসিস্ট' থেকে দূরে থাকার পরামর্শ দিচ্ছেন মানসিক চিকিৎসকরা। যাদের সঙ্গে সম্পর্ক থাকলে হয়ত আপনার জীবন হতে পারে বিষাক্ত। অথবা আপনি নিজেই এই পর্যায়ে পড়েন কিনা তাও যাচাই করে নিতে পারেন।

বিষাক্ত নার্সিসিস্ট

বিষাক্ত নার্সিসিজমের একটি পরিসীমা রয়েছে এবং এর কোনোটিই ভালো নয়।

যুক্তরাষ্ট্রের ক্লিনিকাল সাইকোলজিস্ট জন মায়ার বলেন, "একজন বিষাক্ত নার্সিসিস্ট অন্যদের জীবনে ক্রমাগত নাটকীয়তা সৃষ্টি করে এবং খুব খারাপ সময়, কষ্ট ও ধ্বংসের কারণ হয়।" কোনো বন্ধু যদি ক্রমাগত আপনার সব কাজের ওপর খবরদারী করে ও সব মনযোগের কেন্দ্রে থাকতে চায় এবং তা না হলে ভালো ব্যবহার করে না তারা 'টক্সিক নার্সিসিস্ট'। এছাড়াও অন্যান্য সমস্যা যেমন- চাকরি থেকে বরখাস্ত করানো, শারীরিকভাবে লাঞ্ছনা করা, সম্পর্ক অবসানের কারণ ইত্যাদিও টক্সিক নার্সিসিস্ট'য়ের লক্ষণ।

সাইকোপ্যাথিক নার্সিসিস্ট ভীষণ অস্থির, আক্রমণাত্মক ইত্যাদি আচরনের বৈশিষ্ট্য থাকা ব্যক্তিকে সাইকোপ্যাথিক নার্সিসিস্ট বলা যেতে পারে। এরা এমন এক ধরনের বিষাক্ত নার্সিসিস্ট, যারা প্রায়শই হিংস্র আচরণ করে থাকেন এবং পরে তাদের আচরণের জন্য কোনো অনুশোচনা দেখায় না।

'সিরিয়াল কিলার'রা মূলত এই ধরনের নার্সিসিস্ট বলে জানান, ডা. মায়ার। ক্লজেট নার্সিসিস্ট অন্যান্য ধরনের নার্সিসিস্টদের তুলনায় এরা বেশি কৌশলী হয়। কারণ তারা নিজেদের রোগ সম্পর্কে স্পষ্ট জানেন না। ডা. মায়ারের মতে, "একজন ক্লজেট নার্সিসিস্ট হলেন সেই ব্যক্তি যিনি অন্যদের বা সমাজের ওপর নিজের ব্যক্তিত্ব চাপান না কিন্তু দৃঢ়ভাবে নার্সিসিজমের বৈশিষ্ট্যগুলিতে বিশ্বাস করেন।"

এর অর্থ অনেক কিছু হতে পারে। যেমন- নিজেকে যোগ্য বোধ করা, প্রশংসা করার জন্য সবসময় অন্য লোকেদের প্রয়োজন, সাফল্য নিয়ে ব্যস্ত থাকা, অন্যদের প্রতি ঈর্ষান্বিত হওয়া এবং অন্যদের প্রতি সহানুভূতির অভাব। ক্যালিফোর্নিয়াব মানসিক-চিকিৎসক আলিসা রুবি ব্যাশ বলেন, "তারা একটু বেশি সহনির্ভর এবং এমন ভান করার চেষ্টা করে যে, তারা সত্যিই নিঃস্বার্থ। এমন কারও সঙ্গে নিজেকে যুক্ত করতে চায় যে তাকে সবসময় প্রশংসা করবে।" প্রদর্শনীবাদী বা এক্সিবিশনিস্ট নার্সিসিস্ট "এরা স্বভাবে ক্লোজেট নার্সিসিস্টের বিপরীত। এরা অন্যকে জানাতে পছন্দ করেন যে এরা নার্সিসিস্ট," বলেন, ডা. মায়ার।

এই ব্যক্তি অন্যদের থেকে সুবিধা নেয় এবং প্রায়শই উদ্ধত এবং অহংকারী আচরণ করেন। এরা সবসময় সকলের কেন্দ্রে থাকতে পছন্দ করেন। ব্যাশের মতে, "কেন্দ্রে না থাকলে তারা নিজেদের বেশ অবহেলিত মনে করেন।"

বুলিং নার্সিসিস্ট এই ধরনের ব্যক্তির দুটি ভয়ানক বৈশিষ্ট্য রয়েছে। কটাক্ষ করা এবং আত্ম-শোষণ। বুলিং নার্সিসিস্টরা অন্য লোকেদের ছোট করে নিজেদের সেরা প্রমাণ করতে পছন্দ করে বলে জানান ডা. মায়ার।

এরা সবসময় জয়ী হওয়ার চেষ্টা করেন। এজন্য নানান রকমের পথ খুঁজে বেড়ায়। নিজেকে সেরা বোঝানোর জন্য অন্যকে কটাক্ষ করে ছোট প্রমান করতে চান।


প্রলুব্ধকারী নার্সিসিস্ট

এরা একটি জটিল ধরনের নার্সিসিস্ট- এরা প্রলোভনকারী। "যৌন বা প্রেমের বিজয়ী হতে অন্যের সামনে নিজেকে দুর্দান্ত বা সেরা হিসেবে পটিয়সী তারা।" বলেন ডা. মায়ার।

এরা নিজের স্বার্থের জন্য অন্যের প্রশংসা করে। আর প্রয়োজন শেষ হলে যে কোনো সময়ই ছেড়ে চলে যেতে পারে। কোন ধরনের নার্সিসিস্ট থেকে দূরে থাকা উচিত? ডোয়ারেস বলেন, "যে কোনো ধরনের নার্সিসিস্ট জীবনে থাকাই বেশ যন্ত্রণাদায়ক। তবে 'টক্সিক নার্সিসিস্ট' আশপাশে থাকা যে কোনো রকমের ক্ষতির কারণ হতে পারে। তাই এদের থেকে দূরে থাকা ভালো।" ব্যাশের মতে, "অন্যান্য নার্সিসিস্টরা নিজেদের নিয়েই বেশি ব্যাস্ত থাকে ফলে এরা টক্সিক নার্সিসিস্টদের মতো অতটা ক্ষতিকারক নয়।"

নানান রকমের নার্সিসিস্টদের ভীড়ে নিজেকে নিরাপদ রাখতে সচেতন হওয়া প্রয়োজন। কাদের সঙ্গে মেশা হচ্ছে, তাদের মনোভাব কেমন ইত্যাদি বিবেচনা করে সঙ্গ নির্বাচন করা উচিত।

## মঙ্গলে পারসিভারেন্সের নতুন রেকড



মঙ্গলগ্রহে ফের নতুন করে রেকর্ড গড়েছে নাসার পারসিভারেন্স রোভার। মার্কিন স্পেস এজেন্সি নাসার পাঠানো এই মার্স রোভারে রয়েছে সেলফ ড্রাইভিং ফাংশান। আর তার সাহায্যেই লালগ্রহের পৃষ্ঠদেশে একদিনে সবচেয়ে বেশি দূরত্ব অতিক্রম করেছে পারসিভারেন্স।

পারসিভারেন্স রোভার যাত্রা শুরু হয়েছিল ২০২০ সালের ৩০ জুলাই। মঙ্গলগ্রহে এই রোভার অবতরণ করেছিল গত বছর মানে ২০২১ সালের ১৮ ফেব্রুয়ারি। সম্প্রতি লালগ্রহের পৃষ্ঠদেশে এই রোভার একদিনে ২৪৫.৭৬ মিটার দূরত্ব অতিক্রম করেছে। এখানে বলে রাখা ভাল মঙ্গলগ্রহে একদিনের দৈর্ঘ্য পৃথিবীতে একদিনের দৈর্ঘ্যের তুলনায় সামান্য বেশি। মঙ্গলগ্রহের একদিনকে বলা হয়।

রোভার পারসিভারেন্সের অফিশিয়াল টুইটার থেকে জানা যায়, বেশ কয়েকদিন মঙ্গলগ্রহের একটি এলাকা পর্যবেক্ষণ এবং অন্বেষণের পর এবার ফের চলতে শুরু করেছে রোভার। এর সঙ্গেই জানানো হয়েছে এর আগে একটি মার্সিয়ান ডে- তে যতটা দূরত্ব পারসিভের‍্যান্স অতিক্রম করেছিল, এবার তার থেকে অনেকটা বেশি দূরত্ব অতিক্রম করেছে। সেলফ ড্রাইভিং ফাংসনের মাধ্যমেই এমনটা সম্ভব হয়েছে বলেও জানানো হয়েছে।

টুইটে একটি ছবিও প্রকাশ করা হয়েছে। সেখানে দেখা গেছে, মার্সিয়ান সারফেস বা মঙ্গলগ্রহের পৃষ্ঠদেশে রয়েছে রোভার পারসিভের‍্যান্সের চাকার দাগ। নাসার রিপোর্ট সূত্রে জানা গিয়েছে, এর আগে অপরচুনিটি রোভার ২০১৫ সালে একটি মার্সিয়ান ডে- তে মঙ্গলগ্রহের পৃষ্ঠদেশে ২১৪ মিটার দূরত্ব অতিক্রম করেছিল।

নাসার মার্স রোভার পারসিভারেন্স এখন মঙ্গলগ্রহের বুকে ঘুরে বেরিয়ে পাথুরে নমুনা সংগ্রহে ব্যস্ত রয়েছে। এইসব নমুনা পৃথিবীতে ফিরিয়ে আনা হবে। গত বছর ডিসেম্বর মাসে রক স্যাম্পেল সংগ্রহ করে স্টোরেজে ঢোকানোর সময়, সিস্টেম নড়বড়ে হয়ে গিয়েছিল। প্রায় এক সপ্তাহ পরে সেই সমস্যার সমাধান হয়েছিল।

লালগ্রহে প্রাচীন প্রাণের অস্তিত্ব খুঁজে পাওয়াই মার্স রোভার পারসিভারেন্স এবং তার সঙ্গী মার্স হেলিকপ্টার 'ইনজেনুইটি'-র একমাত্র লক্ষ্য।

## ভুঁড়ি কমাতে যে ভাবে খাবেন কফি, পুষ্টিবিদের বিশেষ পরামর্শ



দিন শুরু করতে এককাপ গরম কফি ভরসা। সকালে কফির কাপে উষ্ণ চুমুক না দিলে যেন চোখের ঘুম ঠিক কাটতে চায় না। তবে কফি খাওয়ারও কিন্তু অনেক রকমফের আছে। কেউ কফির সঙ্গে মিশিয়ে নেন ঘন দুধ আর চিনি কেউ আবার সব ছাড়া একেবারে এক কাপ ব্ল্যাক কফি দিয়ে দিন শুরু করেন।

আজকাল সকলেই ওজন কমানোর লক্ষ্যে ছুটছেন। আর তাই অনেকেরই আবার দিন শুরু হয় এক কাপ গ্রিন কফিতে। ওজন কমাতে বরাবর কফি দরাজ সার্টিফিকেট পেয়ে এসেছে পুষ্টিবিদদের কাছ থেকে। কিন্তু কফি সঠুক ভাবে খেলে তবেই কমবে ওজন। এছাড়াও কফি আমাদের বিপাক ক্রিয়া বাড়ায়। শরীরে প্রয়োজনীয় অ্যান্টিঅক্সিডেন্টের যোগান দেয়। শরীর থেকে ক্ষতিকারক টক্সিন বের করে এবং খিদে কমায়।

তবে শুধু কফি খেলেই কিন্তু ফ্যাট গলবে না। এর পাশাপাশি প্রয়োজনীয় শরীরচর্চাও কিন্তু চালিয়ে যেতে হবে। প্রচুর পরিমাণে জল খেতে হবে। স্বাস্থ্যকর খাবার খেতে হবে। আবার অতিরিক্ত পরিমাণ কফি খেলে তখন ঘুমের সমস্যা দেখা দেবে। এছাড়াও কিছু ক্ষেত্রে অতিরিক্ত কফি কিন্তু ওজন বাড়িয়ে দেয়। তবে পেটের চর্বি কমাতেও খুবই উপকারী কফি। খাবেন কী ভাবে? সেই পরামর্শই দিলেন পুষ্টিবিদ লরেন মানাকার।

ওয়ার্ক আউট শুরু করার আগে চিনি ছাড়া এক কাপ ব্ল্যাক কফি খান। এতে এনার্জিও পাবে শরীর। সেই সঙ্গে ওয়ার্ক আউটের সময় যে ঘাম হবে তাতেই শরীর থেকে অনেকখানি টক্সিন বেরিয়ে যেতেও সাহায্য করবে। এছাড়াও শরীর ক্লান্ত লাগবে না। ওয়ার্ক আউটের পরই যে ঘুম পাবে এমনও কিন্তু নয়। চিনির পরিবর্ত হিসেবে মধু না মেশানোই ভাল।

দারুচিনি যেমন ওজন কমাতে সাহায্য করে তেমনই কিন্তু রক্ত শর্করাও নিয়ন্ত্রণে রাখে। দারুচিনির মধ্যেও থাকে প্রচুর অ্যান্টিঅক্সিডেন্ট। তাই জল ফোটার সময় ওতে দারুচিনি গরঁড়ো মেশান ১ চামচ। এরপর তা ছেঁকে নিয়ে ওই কাপেই মেশান কফি গুঁড়ো। রোজ কালে এই কফি খেতে পারলে তা কিন্তু উপকারে আসবে।

যাঁরা কড়া কফি পছন্দ করেন না তাঁরা খেতে পারেন এই রেসিপি। বিকেল বা সন্ধ্যেতে ব্ল্যাক কফি বানিয়ে ওর সঙ্গে মিশিয়ে নিন এক চামচ দারচিনি গুঁড়ো এবং হাফ চামচ লেবু-মধুর রস। এতে খেতে যেমন ভাল লাগবে তেমনই কিন্তু ওজনও কমবে।

সকালের কফিতে এক চামচ প্রোটিন পাউডারও কিন্তু মিশিয়ে নিতে পারেন। এর ফলে ওজন যেমন কমবে তেমনই শরীর থাকবে তরতাজা। এছাড়াও প্রোটিন পাউডারের একাধিক গুরুত্ব রয়েছে।

তবে চিনি, ক্রিম ছাড়া কফি খাওয়া অভ্যাস করুন। কফির সঙ্গে অতিরিক্ত চিনি, বিভিন্ন সিরাপ এবং ফ্লেভার মেশালে কিন্তু তার গুণাগুণ নষ্ট হয়ে যায়।

## দিন শুরু করুন এই পানীয়তে চা-কফির থেকে ঢের উপকারী



সকাল সকাল গরম চা-কফি কিংবা লেবু-মধুর জলে চুমুক না দিলে অনেকেরই দিন শুরু রহয় না। ঘুমের রেশ যেন কাটতেই চায় না। এছাড়াও ঘুম থেকে উঠে অনেকেই খালি পেটে প্রথমে নানা ডিটক্স ড্রিংক খান। সেই তালিকায় জিরের জল, মেথির জল, মৌরির জল থেকে শুরু করে থাকে আরও অনেক কিছু।

তবে খালি পেটে ইষদুষ্ণ লেবু-মধুর জল খাওয়া নিয়ে কিন্তু নানা জনের মধ্যে নানা মত রয়েছে। কেউ বলেন রোজ সকালে এই জল কেলে ওজন কমে আবার কারোর মতে দিনের পর দিন এই জল খেলে হজমেরও সমস্যা হয়। আজকাল ১৮ বছরের পর থেকেই মেয়েদের নানা সমস্যা লেগে থাকে। ওজন বেড়ে যাওয়ার মত সমস্যার সঙ্গে সঙ্গে অনেকেই হরমোনের অসামঞ্জস্যতা জনিত একাধিক সমস্যা থাকে। সেখান থেকে অনেক সময় তৈরি হয় বন্ধ্যাত্বের সম্ভাবনাও। এছাড়াও হরমোনের সমস্যা হলে তার প্রবাব কিন্তু পড়ে আমাদের ত্বকেও। ত্বক শুষ্ক হয়ে প্রাকৃতিক ঔজ্জ্বল্য হারিয়ে যায়। আর তাই বিশেষজ্ঞরা বলছেন সকলেরই দিন শুরু করা উচিত এক গ্লাস ইষদুষ্ণ গরম জলের সঙ্গে। এর পর খান একগ্লাস কেশর-এলাচ ভেজানো জল। প্রাচীন আর্য়ুবেদেও কিন্তু উল্লেখ রয়েছে এই পানীয়ের। এতে যেমন ওজন নিয়ন্ত্রণে থাকবে তেমনই একাধিক সমস্যারও সমাধান হবে।

রোজ সকালে যদি মেয়েরা এই জল খেতে পারেন তাহলে ত্বক ভাল থাকবে। প্রাচীন আর্য়ুবেদ শাস্ত্রে যেমন বলা হয়েছে, ত্বক ভাল রাখতে অনেকেই সকালে খালিপেটে করলার জুস খান। কিন্তু তার পরিবর্তে যদি রোজ এই কেশর জল খান তাহলে ফিরবে ত্বকের ঔজ্জ্বল্য। এছাড়াও ভাল হবে ত্বকের স্বাস্থ্য।

চা-কফির থেকে কিন্তু অনেক ভাল এই পানীয়। গরম চায়ে যে ক্যাফিন থাকে তার থেকে অনেক স্বাস্থ্যকর উপাদান থাকে এই কেশর জলে। আজকাল চুল পড়ে যাওয়ার সমস্যায় কিন্তু সকলেই ভুগছেন। বিশেষত ঋতু পরিবর্তনের সময় এই সমস্যা বাড়ে। এছাড়াও অনেকের ক্ষেত্রে হারিয়ে যাচ্ছে চুলের স্বাভাবিক বর্ণ। সেক্ষেত্রে ভাল কাজ করে এই এলাচ-কেশরের জল। চুলের গুণমানও অনেক উন্নত হয়।

## রাশিয়ায় এবার নিষেধাজ্ঞা দিলো হুয়াওয়ে, চিপ বিক্রি বন্ধ

শীর্ষ প্রতিষ্ঠান 'তাইওয়ান সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং কোম্পানি' (টিএসএমসি) সহ বিশ্বব্যাপী কম্পিউটার চিপ শিল্প বর্তমান পরিস্থিতিতে রাশিয়ার কাছে তাদের উৎপাদিত পণ্য বিক্রি বন্ধ করতে শুরু করেছে। ইউক্রেনে মস্কোর আগ্রাসনের পর মার্কিন নিষেধাজ্ঞার ফলে প্রতিষ্ঠানগুলো এই সিদ্ধান্ত বাস্তবায়ন করছে বলে প্রতিবেদনে উল্লেখ করেছে মার্কিন দৈনিক ওয়াশিংটন পোস্ট। রাশিয়ার অর্থনৈতিক বৈচিত্র্য এবং সামরিক বাহিনীকে সমর্থন করার ক্ষমতা খর্ব করার উদ্দেশ্যে বৃহস্পতিবার জারি করা এই নিষেধাজ্ঞায় দেশটির কাছে উচ্চ-প্রযুক্তির পণ্য বিক্রি অর্ধেকেরও বেশি কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র।

প্রতিরক্ষা খাতে মহাকাশ, সামুদ্রিক প্রযুক্তি এবং অন্যান্য শীর্ষ প্রযুক্তি ক্রেতাদের কাছে সরবরাহ বন্ধ করার জন্য তৈরি করা এই নিষেধাজ্ঞার আওতায় ভোক্তা ইলেকট্রনিক্সের সরবরাহ বন্ধ হবে না বলে জানিয়েছে বাইডেন প্রশাসন। টিএসএমসি এরইমধ্যে রাশিয়া এবং রাশিয়ায় পণ্য সরবরাহকারী তৃতীয় পক্ষের কাছে যাবতীয় বিক্রয় আটকে দিয়েছে। পাশাপাশি নিষেধাজ্ঞা পুরোপুরি মেনে চলার লক্ষ্যে প্রতিষ্ঠানটি নিষেধাজ্ঞার বিভিন্ন খুঁটিনাটি যাচাই করছে বলে প্রতিষ্ঠানটির একটি সূত্র নিশ্চিত করেছেন। তবে, তিনি পরিচয় প্রকাশ করতে রাজী হননি। আনুষ্ঠানিক বার্তায় টিএসএমসি বলেছে, "ঘোষিত নতুন রফতানি নিয়ন্ত্রণ বিধি মেনে চলতে" প্রতিষ্ঠানটি পুরোপুরি প্রতিশ্রুতিবদ্ধ। মাল্টা ভিত্তিক চিপ নির্মাতা প্রতিষ্ঠান গ্লোবাল ফাউন্ড্রিজও নিয়ম মেনে চলার কথা জানিয়েছে। রাশিয়ায় কোনও নিষিদ্ধ বিক্রয় পর্যালোচনা এবং ব্লক করার জন্য নিজেদের একটি সিস্টেম রয়েছে জানিয়ে প্রতিষ্ঠানটির রাষ্ট্রীয় সম্পর্ক এবং বাণিজ্য বিভাগের প্রধান কারমি লেইম্যান বলেন, "যদিও রাশিয়ান ক্রেতাদের কাছে প্রতিষ্ঠানটির বিক্রয়ের আকার বড় কিছু নয়।"

লেইম্যান বলেন, অভ্যন্তরীণ পর্যালোচনা ব্যবস্থাটি হুয়াওয়ের জন্য কোম্পানির প্রয়োগ করা ব্যবস্থার অনুরূপ। মার্কিন চিপ জায়ান্ট ইনটেলও রাশিয়ার ওপর নতুন রফতানি নিয়ন্ত্রণসহ সকল রফতানি নিষেধাজ্ঞা মেনে চলার কথা বলেছে। নিজস্ব চিপ উৎপাদন ব্যবস্থা না থাকায় রাশিয়া মাইক্রোচিপের সরবরাহের জন্য তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ এবং জাপানের উপর নির্ভরশীল। ফলে, এই নিষেধাজ্ঞা দেশটিকে নাজুক অবস্থায় ঠেলে দেবে বলে উঠে এসেছে পোস্টের প্রতিবেদনে। টিএসএমসি বিশ্বের বৃহত্তম এবং সবচেয়ে উন্নত চিপ নির্মাতা হওয়ায় চলতি নিষেধাজ্ঞায় এর অংশগ্রহণ রাশিয়ার জন্য বিশেষভাবে ক্ষতিকর হয়ে উঠবে। রাশিয়ায় সরবরাহ বন্ধ হওয়া চিপের মধ্যে রাশিয়ায় নকশা করা 'এলব্রুস' ব্র্যান্ডের সেমিকন্ডাক্টর রয়েছে বলে জানিয়েছেন টিএসএমসির বাণিজ্যের সঙ্গে সংশ্লিষ্ট এক ব্যক্তি।

রাশিয়ার সামরিক ও নিরাপত্তা বাহিনী বেশ কিছু কম্পিউটিং অ্যাপ্লিকেশনে এলব্রুস চিপ ব্যবহার করে বলে জানিয়েছেন যুক্তরাজ্য-ভিত্তিক প্রতিরক্ষা গোয়েন্দা সরবরাহ প্রতিষ্ঠান 'জেনসে'র ইলেকট্রনিক্স বিশেষজ্ঞ কোস্তাস টিগকোস। তার মতে, এই চিপ উৎপাদনে টিএসএমসিকে হারানো রাশিয়ার জন্য "বিধ্বংসী" হয়ে উঠবে।

## ওজন কমাতে ও এনার্জি বাড়াতে রোজ সকালে খান বানানা অ্যান্ড ড্রাগন ফ্রুট



আমেরিকা এবং দক্ষিণ এশিয়ার এই ফল এখন সারা বিশ্বে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। ছোট থেকে বড়, সকলের কাছেই এই ফল বেশ পরিচিত লাভ করেছে। ড্রাগন ফল ভিন্ন জায়গাতে ভিন্ন নামে প্রচলিত, যেমন হিন্দিতে ড্রাগন ফল "পিতায়া" নামে প্রচলিত। বাংলায় ড্রাগন ফলের কোন ভিন্ন নাম নেই বলেই জানা যায়।

এই ফলটি খেতে অনেকটা তরমুজ আর কিউই-র মতন। এখন সারা বিশ্বে এই ফলের চাষ হয়। ড্রাগন ফল শরীরের জন্য খুব উপকারি, এবং এতে অনেক পুষ্টি রয়েছে। ক্যালসিয়াম, ভিটামিন বি ৩, লোহা, কার্বোহাইড্রেট, ভিটামিন বি ১, ফসফরাস, ভিটামিন বি ২, ভিটামিন সি ৫ ইত্যাদি , যা শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সহায়তা করে। জানেন কি, ড্রাগন ফল খাওয়ার ফলে শরীরের মেদ দ্রুত ঝরতে শুরু করে। ড্রাগন ফলে প্রচুর মাত্রায় প্রোটিন থাকে, যেই কারণে শরীরের ওজন বাড়েনা। সুস্থ থাকতে চাইলে স্যালাদে ড্রাগন ফল খাওয়া ভুলবেন না। চুল ঝরে পরা কমায়। এতে এমন অনেক পুষ্টি উপাদান রয়েছে, যা আমাদের চুলের সৌন্দর্য বৃদ্ধি করে সাথে সাথেই চুলের ডগা মজবুত বানাতে সাহায্য করে। ত্বক যত্নের অনেক প্রক্রিয়া চারিদিকে ছরিয়ে আছে, তবে সেই গুলো কতোটা লাভদায়ক তা বলা মুশকিল তবে, ড্রাগন এমন একটি ফল যেটিতে উচ্চ মাত্রায় ভিটামিন পাওয়া যায়, যা ত্বকের ব্রণ দূর করতে সহায়তা করে। অন্যদিকে, মুহূর্তে এনার্জি দিতে একটা কলা খেলেই প্রায় ভরে যায় পেট। ফলে সহজে খিদে পায় না। কলায় প্রচুর ভিটামিন সি ও ম্যাঙ্গানিজ আছে, ত্বকের পক্ষে যা অত্যন্ত জরুরি। ভিটামিন সি অ্যান্টি অক্সিডেন্টের কাজও করে, যা ত্বকের কোষ ও টিস্যুকে বুড়িয়ে যাওয়ার হাত থেকে বাঁচায়। এতে ফ্যাট নেই, রয়েছে ৩ রকম ন্যাচারাল সুগার-সুক্রোজ, ফ্রুক্টোজ আর গ্লুকোজ। তাই যাঁরা নিয়মিত ব্যায়াম করেন বা দৌড়ন, তাঁদের পক্ষে কলা দারুণ ভাল। ব্লাড প্রেসার কমাতে কলা অত্যন্ত উপকারী।

তাই ব্রেকফাস্টের সময় উপকারি কলা ও ড্রাগন ফুট দিয়ে বানিয়ে নিয়ে 'সুপারফুড স্মুদি'। কীভাবে বানাবেন, কী কী লাগবে, তা দেখে নিন এখানে

উপকরণ ১ ফ্রোজেন কলা ১/২ ফ্রোজেন ড্রাগন ফ্রুট ২ টেবিল চামচ মেপল সিরাপ ৪ টেবিল চামচ টক দই ৪-৫ ড্রপ রেড ভেলভেট এসেন্স ১-২ ড্রপ রেড ভেলভেট এডিবল কলর ৩/৪ কাপ জল ৮ টি আইস কিউব কুচনো আলমন্ড বাদাম (গার্নিশ)

উপকরণ- প্রথমে একটি ব্লেন্ডারের মধ্যে কলা টুকরো করে কেটে দিন। এরপর ফ্রোজেন ড্রাগন ফুটটি টুকরো করে কেটে দিয়ে দিন। পর পর এবার উপকরণগুলি দিতে থাকুন। টক দই, রেড ভেলভেট এসেন্স-সহ উপকরণগুলি একে একে দিন। এরপর ব্লেন্ড করে ভাল করে একটি মিশ্রণ তৈরি করুন। সকালের ব্রেকফাস্টে এই ধরনের স্মুদি অতন্ত গুরুত্বপূ। স্বাদে যেমন অসাধারণ, তেমনি স্বাস্থ্যকরও বটে। পরিবেশেনের সময় আমন্ড কুচিয়ে ছড়িয়ে দিন। লাল চেরি দিতে পারেন।

## পছন্দের স্মার্টফোনটির যত্ন নিবেন যেভাবে

স্মার্টফোন যতো দামেরই হোক সঠিক ভাবে যত্ন না নিলে বেশি দিন ব্যবহার করা যাবে না। আবার স্মার্টফোনের রক্ষণাবেক্ষণেরও আছে বেশ কিছু নিয়মকানুন। চলুন জেনে নেই, আপনার পছন্দের ফোনটি দীর্ঘদিন ভালো রাখার উপায়-

মোবাইল কভার ব্যবহার

হাত থেকে পড়ে গিয়ে মোবাইলের বডি বা স্ক্রিন ক্ষতিগ্রস্থ হওয়ার ঘটনা হামেশাই দেখা যায়। তাই ফোন নতুন হোক বা দীর্ঘদিনের পুরোনো, সেটিকে সুরক্ষিত রাখতে ব্যাক কভার ব্যবহার করুন। এসব কভার, মোবাইলের স্ক্রীন ফেটে যাওয়া থেকে বাঁচানোর পাশাপাশি, আর্দতা থেকেও রক্ষা করবে। স্ক্রিন প্রটেক্টর ব্যবহার ফোন সুরক্ষিত রাখার জন্য শুধুমাত্র কভার ব্যবহার করলেই হবে না। স্ক্রিন প্রটেক্টর ব্যবহার করে



আপনার ফোনের স্ক্রিন সুরক্ষিত রাখতে পারেন। যদিও আজকাল টেক সংস্থাগুলো তাদের ফোনকে গরিলা গ্লাস প্রটেকশন সহ নিয়ে আসে। তবুও, মোবাইলের ডিসপ্লে সুরক্ষিত রাখতে অতিরিক্ত আবরণ ব্যবহার করতে কোনো ক্ষতি নেই।

অ্যাপ আপডেটেড রাখুন

স্মার্টফোনে অনেক ধরনের অ্যাপ্লিকেশন ব্যবহার করা হয়। যার মধ্যে অনেক অ্যাপই প্রি-ইনস্টল করা থাকে। আবার কিছু অ্যাপ ব্যবহারকারীরা নিজেরাই ডাউনলোড করে নেন। এ সকল অ্যাপকে নিয়মিত আপডেটেড করা উচিত। কেননা, পুরোনো ভার্সনের অ্যাপ ব্যবহার করলে ম্যালওয়্যার অ্যাটাক হওয়ার সম্ভবনা থাকে। তাই মোবাইল ও নিজেদের ব্যক্তিগত তথ্যাদি সুরক্ষিত রাখতে প্রতিটি অ্যাপ আপ টু ডেট রাখতে হবে। এর জন্য আপনারা অটো আপডেট মোড অন করে রাখতে পারেন। তদুপরি, যে অ্যাপগুলো আপনারা ব্যবহার করেন না, সেগুলি রিমুভ করে দেওয়া উচিত। ট্রাস্টেড সোর্স ব্যবহার যেকোনো অ্যাপ ইনস্টল করার জন্য সর্বদা ট্রাস্টেড ডাউনলোডিং সাইট ব্যবহার করা উচিত। যেমন, অ্যান্ড্রয়েড ফোনের জন্য গুগল প্লে স্টোর এবং আইফোনের জন্য অ্যাপল অ্যাপ স্টোর বা অন্যান্য অফিসিয়াল অ্যাপ স্টোর ব্যবহার করতে পারেন। কোনো অপরিচিত সোর্স থেকে ভুলেও অ্যাপ ডাউনলোড করবেন না। এমন করলে ম্যালওয়্যার অ্যাটাকের ঝুঁকি থেকে যাবে।

পানি ও মাত্রাতিরিক্ত তাপ থেকে সাবধান ফোন যাতে কোনোভাবে পানির সংস্পর্শে না আসে সেই দিকে খেয়াল রাখুন।




প্রয়াত সাংবাদিক ধূর্জটি প্রসাদ দেব এর প্রতি শেষ শ্রদ্ধা জানানো হয় কৈলাসহর প্রেস ক্লাবের পক্ষ থেকে। ছবি নিজস্ব।

# ভারত সফরে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা বৈঠকে বসতে পারেন প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : শনিবারই ভারত সফরে আসছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। ভারত-জাপানের ১৪তম বার্ষিক সম্মেলন উপলক্ষে তাঁর এই দু'দিনের সফরে তাঁর সঙ্গে সাক্ষাৎ হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। এছাড়াও দুই দেশের মধ্যে কৌশলগত ও অর্থনৈতিক নানা বিষয়ে আলোচনা হবে।

আগেই বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী জানিয়েছিলেন, কিশিদার ভারত সফর সম্পর্কে। তিনি তাঁর বিবৃতিতে জানিয়েছিলেন, ১৯ ও ২০ মার্চ ভারতে থাকবেন জাপানের প্রধানমন্ত্রী। এই প্রথম প্রধানমন্ত্রী হিসেবে তাঁর সঙ্গে মোদীর সাক্ষাৎ হবে বলেও জানান তিনি। দুদেশের কূটনৈতিক সম্পর্কের ৭০তম বছর পূর্তিতে এবারের সফরে ঘিরে প্রত্যাশা রয়েছে। সূত্রের দাবি, এই সফরেই জাপানের প্রধানমন্ত্রী ২ কোটি ৫০ লক্ষ ডলারের ঋণ কিংবা এদেশে ৪ কোটি ২০ লক্ষ ডলারের পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা ঘোষণা করতে পারেন।

এর আগে চারবার মোদীর সঙ্গে সাক্ষাৎ হয়েছিল কিশিদার। তবে সেই সময় তিনি ছিলেন জাপনের বিদেশমন্ত্রী। প্রধানমন্ত্রী হওয়ার পরে এই প্রথম ভারত সফরে আসছেন তিনি। এর আগে ২০১৯ সালের ডিসেম্বরে জাপানের তৎকালীন প্রধানমন্ত্রী শিনজো আবের ভারত সফরে আসার কথা ছিল। কিন্তু সেই সময় নাগরিকত্ব আইন ঘিরে শুরু হওয়া আন্দোলনের জেরে বাতিল হয়েছিল সেই সফর। ২০১৪ সালে জাপান সফরে গিয়েছিলেন মোদী। গত কয়েক বছরে দুদেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সম্পর্কের আরও উন্নতি হয়েছে। এবারের সম্মেলন ও কিশিদার সঙ্গে মোদির সাক্ষাতের পরে সেই সম্পর্ক আরও মজবুত হবে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

## পঞ্জাব মন্ত্রিসভায় শপথ ১০ মন্ত্রীর

# কেজরিওয়াল ও মানের প্রতি কৃতজ্ঞ সকলেই

চন্ডীগড়, ১৯ মার্চ (হি.স.): পঞ্জাবের মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ নিলেন আম আদমি পার্টির ১০ জন বিধায়ক। শনিবার পঞ্জাব ভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে ১০ জন বিধায়ককে মন্ত্রী হিসেবে শপথবাক্য পাঠ করিয়েছেন পঞ্জাবের রাজ্যপাল বনওয়ারিলাল পুরোহিত। এই ১০ জন হলেন- ব্রহম শঙ্কর জিম্পা, হরজ্যোত সিং বাইন্স, লাল চন্দ কাটারুচক, গুরমিত সিং মিত হায়ের, কুলদীপ সিং ধালিওয়াল, লালজিৎ সিং ভুল্লার, হরপাল সিং চিমা, বলজিৎ কৌর, হরভজন সিং এটিও ও বিজয় সিংলা। সকলেই পঞ্জাবি ভাষায় মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। এই ১০ জনের মধ্যে ৮ জন প্রথমবারের বিধায়ক। শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর সকলেই অরবিন্দ কেজরিওয়াল ও ভগবন্ত মানের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। হরজ্যোত সিং বাইন্স মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পরই জানিয়েছেন, 'এটা একটা বড় দায়িত্ব। রাজনীতিতে যুবসমাজের আস্থা ফিরিয়ে এনেছেন অরবিন্দ কেজরিওয়াল। আমাদের আবার মহারাজা রঞ্জিত সিংয়ের পঞ্জাব বানাতে হবে। আমরা একটি পঞ্জাব মডেল তৈরি করব এবং ২০২৪ সালে অরবিন্দ কেজরিওয়াল দেশের প্রধানমন্ত্রী হবেন।' কুলদীপ সিং ধালিওয়াল বলেছেন, 'আমরা আন্তরিকভাবে পঞ্জাবের জনগণের জন্য কাজ করব। আমি রাজ্যের একটি অনুন্নত অঞ্চল থেকে এসেছি এবং আমার অগ্রাধিকার হবে শিক্ষা ও স্বাস্থ্যের জন্য কাজ করা।' ব্রহম শঙ্কর জিম্পা বলেছেন, 'অনেক ক্ষেত্রে সমস্যা আছে, স্বাস্থ্য পরিষেবা খুবই খারাপ, আমরা সার্বিক উন্নতির জন্য কাজ করব। আমরা একটি জরাজীর্ণ পঞ্জাব পেয়েছি, কিছুটা সময় লাগবে তবে একটি পরিবর্তন অবশ্যই আসবে।' আবার পঞ্জাবের মন্ত্রী হিসেবে শপথ নেওয়া গুরমিত সিং মিত হায়ের বলেছেন, 'দলীয় নেতৃত্বের প্রতি আমি কৃতজ্ঞ। এটি একটি বড় দায়িত্ব এবং আমি সততার সঙ্গে তা পালন করব। জনগণ আমাদের নিয়ে এসেছেই কারণ তাঁরা পঞ্জাবের একটি দুর্নীতিগ্রস্ত ব্যবস্থায় বিরক্ত ছিল। আমাদের দুর্নীতিকে উপড়ে ফেলতে হবে।' পঞ্জাবের মন্ত্রী হরপাল সিং চিমার কথায়, 'আগেও জনগণের সেবক ছিলাম, এখনও সেবক। আমাদের মতো সাধারণ মানুষ যারা হয়তো মন্ত্রী হওয়ার কথা ভাবেননি তাঁরা মন্ত্রী হয়েছেন। আমরা সমস্ত প্রতিশ্রুতি পূরণ করব।'

# ওয়াইসির দলের সঙ্গে জোট ভাবতেই পারে না শিবসেনা, বললেন রাউত; পাল্টা তোপ ফড়নবিশের

মুম্বই, ১৯ মার্চ (হি.স.): আসাদুদ্দিন ওয়াইসির দল এআইএমআইএম-এর জোট করছে শিবসেনা, এমনই অভিযোগ করলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা দেবেন্দ্র ফড়নবিশ। ফড়নবিশের এই অভিযোগের প্রেক্ষিতে শিবসেনা নেতা সঞ্জয় রাউত জানালেন, এআইএমআইএম-এর সঙ্গে জোটের কথা ভাবতেই পারে না শিবসেনা।

শনিবার দেবেন্দ্র ফড়নবিশ অভিযোগ করেছেন, 'এআইএমআইএম-এর সঙ্গে শিবসেনা জোট করলে আমাদের কিছু যায় আসে না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং আমরা যে কাজ করি সে জন্য মানুষ আমাদের ভোট দেয়। এই সমস্ত রাজনৈতিক দলগুলি একই, এমনকি যদি তাঁরা সবাই একত্রিত হয় তাহলেও কোনও পার্থক্য তৈরি করবে না।'

ফড়নবিশের এই অভিযোগের প্রেক্ষিতে শিবসেনা নেতা সঞ্জয় রাউত জানালেন, 'ইমতিয়াজ জলিল এআইএমআইএম-এর একজন সাংসদ।

আমি তাঁর সঙ্গে দেখা করার অর্থ এই নয় যে আমরা তাঁদের সঙ্গে জোট বাঁধছি। আমরা এআইএমআইএম-এর সঙ্গে জোট গঠনের কথা ভাবতেই পারি না। তদুপরি, এআইএমআইএম এবং বিজেপির মধ্যে একটি গোপন জোট রয়েছে।' এরপর সাংবাদিকদের রাউত বলেন, 'সেই জোট আপনারা অবশ্যই উত্তর প্রদেশ নির্বাচনে দেখেছেন।'

## প্রয়াত বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ

ঢাকা, ১৯ মার্চ (হি.স.): প্রয়াত হলেন বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি ও প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। শনিবার সকাল ১০.২৫ মিনিট নাগাদ ঢাকার হাসপাতালে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। সাহাবুদ্দীন আহমদের মৃত্যুতে শোক গভীর জানিয়েছেন প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। এক শোক বার্তায় প্রধান বিচারপতি তাঁর আত্মার শান্তি কামনা করেছেন। উল্লেখ্য, ১৯৯০ সালের ১৪ জানুয়ারি সাহাবুদ্দীন আহমদকে বাংলাদেশের প্রধান বিচারপতি নিয়োগ করা হয়। ওই বছরের ৬ ডিসেম্বর এরশাদবিরোধী গণ-আন্দোলনের মুখে তৎকালীন উপরাষ্ট্রপতি মওদুদ আহমদ পদত্যাগ করেন এবং বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে উপরাষ্ট্রপতি নিয়োগ করা হয়। ওই দিনই রাষ্ট্রপতি এরশাদ পদত্যাগ করে উপরাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদের কাছে ক্ষমতা হস্তান্তর করেন। এর ফলে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে তিনি সরকার প্রধানের দায়িত্ব লাভ করেন। ১৯৯১ সালের ফেব্রুয়ারি মাসে তাঁর নেতৃত্বে দেশে একটি সাধারণ নির্বাচন সম্পন্ন হয়, যা দেশে-বিদেশে ব্যাপক প্রশংসা পায়।

## দু''বছরের মধ্যে এই প্রথম; চিনে কোভিডে মৃত্যু দু''জনের; সংক্রমিত ২,২২৮ জন

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.): বিগত দু''বছরের মধ্যে এই প্রথমবার, চিনে শেষ ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে করোনা-আক্রান্ত দু''জন রোগীর। বিগত দু''বছরেরও বেশি সময়ের মধ্যে এই প্রথমবার করোনায় মৃত্যু হয়েছে চিনে। শুক্রবার সারাদিনে চিনে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ২ হাজার ২২৮ জন। নতুন করে দু''জনের মৃত্যুর পর ফের করোনার ভয় বাড়তে শুরু করেছে চিনে। বিগত কয়েকদিন ধরে লাফিয়ে লাফিয়ে করোনা-আক্রান্তের সংখ্যা বাড়ছে চিনে, কখনও ২-হাজার, কখনও আবার ৩-হাজারের গণ্ডি ছাড়িয়ে যাচ্ছে আক্রান্তের সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় নতুন করে ২,২২৮ জন সংক্রমিত হওয়ার পর চিনে মোট আক্রান্ত হয়েছেন ১২৮,৪৬২ জন। দু''জনের মৃত্যুর পর মোট মৃত্যু হয়েছে ৪,৬৩৮ জনের। চিনে এখনও পর্যন্ত সুস্থ হয়েছেন ১০৫,২৩৮ জন।

## কোভিড রুখতে পরীক্ষার ওপর জোর দিতে আহ্বান, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে চিঠি কেন্দ্রের

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.): নতুন করে কোভিডের প্রকোপ বাড়ছে চিন, হংকং, দক্ষিণ কোরিয়ার মতো বিভিন্ন দেশে। ওই সমস্ত দেশে বিগত কিছুদিন ধরে লাফিয়ে লাফিয়ে বাড়ছে কোভিড-আক্রান্তের সংখ্যা। এই সংক্রমণের আঁচ ভারতে করোনার চতুর্থ ঢেউ ডেকে আনতে পারে, এমন আশঙ্কাও করছেন কেন্দ্রীয় স্বাস্থ্যকর্তারা। তাই রাজ্যগুলিকে আগেভাগেই প্রস্তুত থাকা, পরীক্ষা বাড়ানো ও প্রয়োজনে কোভিড বিধি ফের এক বার আরোপ করার সুপারিশ করে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের স্বাস্থ্যসচিবকে চিঠি দিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব রাজেশ ভূষণ। ভারতে আগামী ২৭ মার্চ থেকে পুনরায় স্বাভাবিক হচ্ছে আন্তর্জাতিক বিমান পরিষেবা। এমতাবস্থায় আন্তর্জাতিক বিমান পরিষেবা শুরু হলে বিমানযাত্রীদের মাধ্যমে এ দেশে নতুন প্রজাতিটির ছড়িয়ে পড়ার প্রবল সম্ভাবনা রয়েছে। তাই বিমানবন্দরগুলিতে বেশি সংখ্যক নমুনা পরীক্ষা ও সেই নমুনাকে ইন্ডিয়ান সার্স কোভ-২ জিনোমিক্স কনসর্টোটিয়াম (আইএনএসএসিওজি)-তে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া কোনও রাজ্যের কোনও এলাকায় যদি হঠাৎ করে সংক্রমণের প্রকোপ বেড়ে যায়, সে ক্ষেত্রে সেই এলাকার বাসিন্দাদের নমুনাও জিনোম পরীক্ষার জন্য পাঠাতে বলা হয়েছে।

## পুকুর থেকে উদ্ধার দেহ, মায়াপুরে মহিলার অস্বাভাবিক মৃত্যু

মায়াপুর, ১৯ মার্চ (হি.স.): বাপের বাড়িতে আসার পর নদিয়া জেলার মায়াপুরে অস্বাভাবিক মৃত্যু হল এক মহিলার। মায়াপুরের তাঁতিপাড়ার ঘটনা। মৃতার নাম আর্জিনা বিবি (৪৫)। ওই মহিলার শ্বশুরবাড়ি ধুবুলিয়া থানার অন্তর্গত শোনডাঙার গঙ্গাধার পাড়ায়। বাপের বাড়ি মায়াপুর বামুনপুকুরের রাজাপুর তাঁতিপাড়ায়, বাপের বাড়িতে বেড়াতে এসেছিল সে। শনিবার সকালে ওই মহিলার বাপের বাড়ির কাছের একটি পুকুরে দেহ ভাসতে দেখা যায়।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, শনিবার সকালে পুকুরে ভাসতে দেখা যায় ওই মহিলার দেহ। স্থানীয় লোকজনের তাঁকে উদ্ধার করে মায়াপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে মায়াপুর ফাঁড়ির পুলিশ মৃতদেহটি উদ্ধার করে শক্তিনগর জেলা হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠায়। কীভাবে মৃত্যু হল ওই মহিলার, তা তদন্ত করে দেখছে পুলিশ।

## দীর্ঘকাল ধরে দেশবাসীকে সুরক্ষার অনুভূতি প্রদানের কাজ করেছে সিআরপিএফ : অমিত

জম্মু, ১৯ মার্চ (হি.স.): দীর্ঘকাল ধরে ভারতীয় জনগণকে সুরক্ষা ও নিরাপত্তার অনুভূতি প্রদানের কাজ করেছে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)। বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, কঠিন পরিস্থিতিতেও দেশবাসীকে স্বস্তির দীর্ঘশ্বাস প্রদান করেছেন সিআরপিএফ জওয়ানরা। শনিবার সিআরপিএফ-এর ৮৩ তম স্থাপনা দিবসে সিআরপিএফ জওয়ানদের ভূয়সী প্রশংসা করে একথা বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এদিন জম্মুতে আয়োজিত হয় সিআরপিএফ-এর ৮৩ তম স্থাপনা দিবসের অনুষ্ঠান। কুচকাওয়াজে অংশ নেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সিআরপিএফ-এর অফিসার ও জওয়ানদের পদক প্রদান করেন তিনি।

এদিন নিজের ভাষণে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, 'নির্বাচন গণতন্ত্রের একটি উৎসব এবং সুষ্ঠু নির্বাচন একটি গণতান্ত্রিক দেশের প্রাণ। যখনই ভারতে লোকসভা অথবা বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হয়, তখন সমগ্র দেশে শান্তিপূর্ণভাবে নির্বাচন পরিচালনার জন্য সিআরপিএফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।' অমিত শাহ বলেছেন, 'দীর্ঘকাল ধরে ভারতীয় জনগণকে সুরক্ষা ও নিরাপত্তার অনুভূতি প্রদানের কাজ করেছে সিআরপিএফ। কঠিন পরিস্থিতিতেও দেশবাসীকে স্বস্তির দীর্ঘশ্বাস প্রদান করেছেন সিআরপিএফ জওয়ানরা।' অমিত শাহ আরও বলেছেন, '২০১৪ সালে নরেন্দ্র মোদী ভারতের প্রধানমন্ত্রী হওয়ার পর জম্মু ও কাশ্মীরের পরিস্থিতির উন্নতি হয়েছে। আমাদের বাহিনী জম্মু ও কাশ্মীরে সন্ত্রাস নিয়ন্ত্রণে বিপুল সাফল্য অর্জন করেছে এটাই সবচেয়ে বড় সাফল্য হল।'

হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## দিল্লির বারাপুল্লাহ ফ্লাইওভারে দুর্ঘটনায় মৃত বেড়ে দুই, কলেজ পড়ুয়া ধৃত

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.): দিল্লির বাবা বান্দা সিং বাহাদুর সেতু (বারাপুল্লাহ ফ্লাইওভারে)-তে গাড়ি দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হল দুই। এই দুর্ঘটনার তদন্তে নেমে এক অভিযুক্তকে গ্রেফতার করেছে, ধৃত অভিযুক্ত তৃতীয় বর্ষের কলেজ ছাত্র। মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। শুক্রবার রাতে বাবা বান্দা সিং বাহাদুর সেতু (বারাপুল্লাহ ফ্লাইওভারে)-র ওপর একটি গাড়ি ধাক্কা মারে একটি অটো ও গাড়িতে। মোট ৩-৪ জন আহত হয়েছিলেন, তাঁদের মধ্যেই দু''জনের মৃত্যু হয়েছে। ঘাতক গাড়িটিকে রাতেই বাজেয়াপ্ত করে পুলিশ। দক্ষিণ-পূর্ব দিল্লির ডিসিপি এশা পান্ডে জানিয়েছেন, এই দুর্ঘটনায় এক কলেজ ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

## ঝগড়ার জেরে মৃত এক, পাঁচ গ্রেফতার

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : দিল্লির নারাইনা এলাকায় এক ব্যক্তিকে হত্যার অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। পুলিশ সূত্রে খবর, শুক্রবার রাত ১০টার দিকে পিভিআর নারাইনার কাছে একটি পানের দোকানে লড়াই হয়। এরপরই নারাইনার বাসিন্দা শিব (২৭) নিহত হন।

পুলিশ জানিয়েছে, মৃতের গাড়িটি পানের দোকানের একজন কর্মচারীকে ধাক্কা দেয় যার ফলে তাদের মধ্যে ঝগড়া হয়। এর জেরে পান দোকানের মালিক জড়িয়ে যায় এবং চারজনকে ডেকে আনেন।

প্রত্যক্ষদর্শীর মতে, পাঁচজন লোক একটি ধারালো বস্তু দিয়ে শিবকে ছুরিকাঘাত করে বলে অভিযোগ। পুলিশ জানিয়েছে যে ভারতীয় দণ্ডবিধির (আইপিসি) ৩০২ এবং ৩৪ ধারাতে একটি এফআইআর নথিভুক্ত করা হয়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

# এসডিআরএফ-এনডিআরএফ, বিএসএফ-পুলিশ-জনতার যৌথ অভিযানে উদ্ধার নিখোঁজ দুই জওয়ানের মৃতদেহ

মানকাচর (অসম), ১৯ মার্চ (হি.স.) : উদ্ধার হয়েছে নিখোঁজ দুই বিএসএফ জওয়ানের মৃতদেহ। এসডিআরএফ-এনডিআরএফ, বিএসএফ, পুলিশ এবং জনতার যৌথ অভিযানে উদ্ধার হয়েছে গাড়ি দুর্ঘটনায় পতিত ধর্মেন্দর কাসানা এবং জিতেন্দ্র কুমার পাণ্ডে নামের দুই জওয়ানের লাশ।

দক্ষিণ শালমারা-মানকাচর জেলার অন্তর্গত মানকাচর থানা এলাকার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ঝাওডাঙায় গতকাল বিএসএফের একটি পেট্রোলিং গাড়ি দুর্ঘটনাগ্রস্ত হয়েছিল। জওয়ান বোঝাই পেট্রোলিং গাড়ি জিপসিটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে জলাশয়ে পড়ে গিয়েছিল। দুর্ঘটনাটি গতকাল বেলা প্রায় ১২টা নাগাদ সংঘটিত হয়েছিল।

মেঘালয়ের তুরায় অবস্থিত বিএসএফের ৪৫ নম্বর ব্যাটালিয়নের কমান্ডেন্ট সিকে উপাধ্যায় জানান, বিএসএফের পাঁচজন জওয়ান এএস ০১ ডব্লিউ ১৭০৮ নম্বরের জিপসিতে চড়ে ভারত-বাংলাদেশে সীমান্ত এলাকায় পেট্রোলিং দিচ্ছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত জিপসিতে আচমকা কোনও যান্ত্রিক গোলযোগ হলে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক ধর্মেন্দর কাসানা। ফলে যা হওয়ার, পাঁচ জওয়ান নিয়ে গাড়িটি গিয়ে জলাশয়ে পড়ে ডুবে যায়। দুর্ঘটনার পর তিন জওয়ান প্রাণ রক্ষা করে আহত অবস্থায় কোনও রকমে জলাশয় থেকে উঠে আসেন। তবে চালক এবং এক কনস্টেবল জলে নিখোঁজ হয়ে যান। হাটশিঙিমারির অতিরিক্ত পুলিশ সুপার সত্যরঞ্জন শইকিয়া জানান, ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গে এনডিআরএফ, এসডিআরএফ, পুলিশ, বিএসএফ এবং স্থানীয় জনতা সম্মিলতভাবে উদ্ধার অভিযান চালিয়ে জিপসি সহ তার চালক ধর্মেন্দর কাসানাকে উদ্ধার করেন। কিন্তু রাত প্রায় ৯.০০টা পর্যন্ত নিখোঁজ কনস্টেবল জওয়ানকে উদ্ধার করতে না পেরে অভিযান স্থগিত রাখা হয়। আজ ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে ফের উদ্ধার অভিযান চালানো হয়। অভিযানে আজ বেলা প্রায় ১১টা নাগাদ জলাশয় থেকে নিখোঁজ কনস্টেবল জিতেন্দ্র কুমার পাণ্ডের মৃতদেহ উদ্ধার হয়েছে।

ময়না তদন্ত সম্পন্নের পর দুই জওয়ানের মরদেহ বিভাগীয় নীতি অনুযায়ী তাঁদের বাড়িতে পাঠানো ব্যবস্থা করা হবে, জানান বিএসএফের কমান্ডেন্ট সিকে উপাধ্যায় এবং অতিরিক্ত পুলিশ সুপার সত্যরঞ্জন শইকিয়া।

ইতিমধ্যে মৃতদেহ দুটি পুলিশ নিজেদের জিম্মায় নিয়ে ময়না তদন্তের জন্য ধুবড়ি সিভিল হাসপাতালে পাঠিয়েছে। নিহত দুই জওয়ানের বাড়ি যথাক্রমে ধর্মেন্দরের পঞ্জাবে এবং জিতেন্দ্র কুমার পাণ্ডের বিহারে। এদিকে দেশ সুরক্ষার জন্য সীমান্তের অতন্দ্র প্রহরী দুই জওয়ানের অকালমৃত্যুতে বিএসএফ সহ জেলাবাসীর মধ্যে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

# মুখ্যমন্ত্রীর দেওয়া গৌর নিতাইয়ের বিগ্রহ দেখতে ইসকনের মন্দিরে ভক্তদের উপচে পড়া ভিড়

ময়াপুর, ১৯ মার্চ (হি. স.) : মায়াপুরের ইসকন মন্দিরে মুখ্যমন্ত্রীর দেওয়া গৌর নিতাইয়ের বিগ্রহ দেখতে উপচে পড়ল ভক্তদের ভিড়। শুক্রবার ওই বিগ্রহের মহা-অভিষেক সম্পন্ন করা হয়। শনিবার সকাল থেকেই গৌর নিতাইয়ের বিগ্রহ দর্শন করতে মায়াপুরের ইসকনের মন্দিরে রীতিমত হাজার হাজার ভক্ত ভিড় করেন।

এবছর মায়াপুর ইসকন মন্দিরের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে দোল পূর্ণিমার দিন মহা- সমারোহের আয়োজন করা হয়। আর সেই অনুষ্ঠানের মধ্যেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপহার দেওয়া গৌর নিতাই বিগ্রহের মহা-অভিষেক সম্পন্ন করা হয়। এই মহা-অভিষেক অনুষ্ঠানে আমন্ত্রণ করা হয়েছিল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ রাজ্যের গোটা মন্ত্রীসভাকে। কিন্তু মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে না পারলেও উপস্থিত ছিলেন রাজ্যের দুই মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস ও স্বপন দেবনাথ। শুক্রবার গৌর নিতাই বিগ্রহকে স্নান করান দুই মন্ত্রী। রাজ্যের দুই মন্ত্রী ছাড়াও দোলের দিন গৌর নিতাই বিগ্রহের মহা অভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তৃণমূলের নদীয়া জেলা পরিষদের সভাধিপতি রিক্তা কুণ্ডু, নবদ্বীপ ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতি তাপস ঘোষ সহ জেলা ও ব্লক স্তরের নেতৃত্ব।

হিন্দুস্থান সমাচার / সোনালি

# হাফলঙে তীব্র জল-সঙ্কট, প্রয়োজনে টাকার বিনিময়ে কেনার বিজ্ঞপ্তি পিএইচইর

হাফলং (অসম), ১৯ মার্চ (হি.স.) : তীব্র জল-সঙ্কট দেখা দিয়েছে অসমের অন্যতম পাহাড়ি জেলা ডিমা হাসাওয়ে। এমনিতে জেলা সদর হাফলঙে জলের সমস্যা দীর্ঘদিনের। প্রতি বছর ফেব্রুয়ারি-মার্চ থেকে জলের সমস্যা দেখা দেয় শৈলশহর হাফলঙে।

কিন্তু জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগকে জলের সমস্যা সমাধানে ইতিবাচক কোনও পদক্ষেপ গ্রহণ করতে দেখা যায় না।

ডিমা হাসাও জেলায় জলের সমস্যা সমাধানে সরকার কোটি কোটি টাকা ব্যয় করলেও এক হাফলঙে আজও জলের সমস্যার সমাধান করতে পারেনি উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের অধীনস্থ জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগ (পিএইচই)। এবার মার্চের মাঝামাঝি আসতে না আসতেই হাফলঙে শুরু হয়ে গেছে পানীয় জলের সমস্যা। আর এই জলের সমস্যা এপ্রিল-মেতে আরও তীব্র আকার ধারণ করবে।

জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মতে, বৃষ্টির অভাবে জলের উৎসস্থলগুলি শুকিয়ে গেছে। পাহাড়ি নদীগুলিও শুকিয়ে যাওয়ায় জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগ নিয়মিত জল সরবরাহ করতে পারছে না। হাফলং শহরের বিভিন্ন স্থানে সম্প্রতিককালে মাসে একদিন জল সরবরাহ করছে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ। কিন্তু জনস্বাস্থ্য কারিগরি বিভাগ শহরে জল সরবরাহ না করলেও জল বিক্রির জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ও কাগজে বিজ্ঞাপন দিচ্ছে সংশ্লিষ্ট বিভাগ।

বিভাগের পক্ষ থেকে তিনটি মোবাইল ফোনের নম্বর দেওয়া হয়েছে। ফোন নম্বর জারি করে বলা হয়েছে, জলের দরকার হলে এই নম্বরগুলিতে যোগাযোগ করতে হবে। ছোট ট্রাক দিয়ে ৫ থেকে ৬ হাজার লিটার জল নিতে হলে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগকে ১,৫০০ টাকা দিতে হবে। তাছাড়া বড় ট্রাক দিয়ে ৮ হাজার জল নিলে গ্রাহককে দিতে হবে ২,৪০০ টাকা। এভাবে কাগজে প্রিন্ট করে প্রচার করছে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগ।

যেখানে হাফলং শহরে জল সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ। জলের জন্য নাজেহাল হয়ে উঠেছেন সাধারণ মানুষ। সেখানে জল সরবরাহ না করে জলের ব্যবসা বিভাগ শুরু করে দিয়েছে বলে শহরের সচেতন নাগরিকরা অভিযোগ তুলতে শুরু করেছেন।

# 'বাংলায় রাজনীতির শিকার 'দ্য কাশ্মীর ফাইলস'', বিস্ফোরক রানাঘাটের বিজেপি সাংসদ

কলকাতা, ১৯ মার্চ (হি স)। 'দ্য কাশ্মীর ফাইলস' ছবি নিয়ে বাংলায় 'ঘৃণ্য' রাজনীতি হচ্ছে বলে অভিযোগ করলেন নদিয়ার রানাঘাটের বিজেপি সাংসদ জগন্নাথ সরকার। শনিবার ৫৪ জন দলীয় কর্মী-সমর্থককে সঙ্গে নিয়ে এই ছবি দেখতে যাবেন বলেও জানান তিনি।

পরিচালক বিবেক অগ্নিহোত্রীর এই ছবি চলছে জোর আলোচনা। ছবিটির বিরুদ্ধে প্রচারের চেষ্টাও চলছে। সম্প্রতি দক্ষিণ কলকাতার বিখ্যাত প্রেক্ষাগৃহে প্রায় ১৫ মিনিট বিনা নোটিসে ছবির শো বন্ধ করে দেওয়া হয়। সেই একই ঘটনার সাক্ষী দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটেও। সেখানেও শো চলাকালীন ১৫ মিনিট ছবি প্রদর্শনী বন্ধ হয়ে যায়। পরপর ঘটে যাওয়া এই দুই ঘটনার তীব্র নিন্দা করেন বিজেপি সাংসদ।

ডগন্নাথবাবুর দাবি, রাজ্যে ছবির প্রদর্শনী সরাসরি বন্ধ করে দেওয়া হচ্ছে না। তবে ছবিটি যাতে ব্যবসা করতে না পারে, তাই চক্রান্ত করা হচ্ছে। সিনেমা হলের মালিকের অ্যাসোসিয়েশনগুলিকে ব্যবহার করে ছবিটিকে ইচ্ছাকৃতভাবে লোকসানের দিকে ঠেলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলেও দাবি তাঁর। শনিবার ৫৪ জন দলীয় কর্মী-সমর্থককে সঙ্গে নিয়ে ছবি দেখতে যাওয়ার জন্য অনলাইনে ছবির টিকিট বুক করতে গিয়েও সমস্যায় পড়ছেন বলে দাবিয়করেন তিনি। অনলাইনে আসন ফাঁকা দেখা গেলেও টিকিট দেওয়া হচ্ছে না বলেই দাবি তাঁর। প্রত্যেককে এই ছবিটি দেখার আহ্বান জানান বিজেপি সাংসদ।

১৯৯১ সালে কাশ্মীরি পণ্ডিতদের উপর অত্যাচার ও ভূস্বর্গ ছাড়ার ঘটনাকে প্রেক্ষাপট করে তৈরি এই ছবি প্রথম থেকেই বিতর্কের মুখে পড়েছিল। ইতিমধ্যে বক্স অফিসে সাড়া ফেলেছে 'দ্য কাশ্মীর ফাইলস'। ১০০ কোটি টাকার ব্যবসা করেছে ছবিটি। বিবেক অগ্নিহোত্রীর পরিচালিত ছবিটির প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিজেপি শাসিত ছবিটির কর মকুব করা হয়েছে। ছবিটি নিয়ে বিরুদ্ধ মতও রয়েছে। সূত্রের খবর, এই ছবি তৈরির পর থেকেই বিবেক অগ্নিহোত্রীর শত্রু ক্রমশ বাড়ছে। সে কারণে তাঁকে 'ওয়াই' ক্যাটেগরির নিরাপত্তা দেওয়ার সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের।

# নানা সামাজিক দায়িত্ববোধে নিজেদের পথে ধারাবাহিকতায় অনড় শ্যাম সুন্দর কোং জুয়েলার্স



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** নানা সামাজিক দায়িত্ববোধে নিজেদের পথে ধারাবাহিকতায় অনড় শ্যাম সুন্দর কোং জুয়েলার্স। রত্নভূষণেই শুধু সাজিয়ে তোলা নয়। সমাজ জীবনের শ্রেষ্ঠ ভাবনা এবং কর্মগুলোকে সম্মান জানিয়ে গোটা সমাজকে এক চিরস্থায়ী সুন্দর ভূষণে আবৃত রাখার অঙ্গীকার নিয়েছে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স। এবার এমনই এক পদক্ষেপে আবারও শুভবার্তীয় শ্যাম সুন্দর কোং জুয়েলার্স।

২৫ থেকে ২৭ মার্চ হরিয়ানাতে অনুষ্ঠিত হতে যাওয়া আসন্ন ৪০তম জাতীয় যোগা চ্যাম্পিয়ানশীপ ২০২১-২২ এর আসরে ত্রিপুরা থেকে নির্বাচিত টিম কে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স এর তরফ থেকে ১ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হল। পাশাপাশি আগামী রবিবার তাদের যাত্রার সময় আহারের ব্যবস্থাও নিয়েছে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স। রঙ-এর উৎসবের শুভক্ষণে ১৮ই মার্চ শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠিত এক মহতি অনুষ্ঠানে উদ্যোক্তাদের হাতে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স এর পক্ষ থেকে ১ লক্ষ টাকার অর্থরাশির চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরজো চক্রবর্তী (যুগ সম্পাদক, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিল), দিব্রু দত্ত (চেয়ারম্যান, ত্রিপুরা যোগা এসোসিয়েশান এডহক কমিটি), সুমন্ত গুপ্ত (সম্পাদক, এগিয়ে চলো সংঘ), ব্রজলাল ভৌমিক প্রাক্তন সভাপতি, ত্রিপুরা যোগা এসোসিয়েশান) ডা. যিশু চক্রবতী প্রোক্তন সম্পাদক, ত্রিপুরা যোগা এসোসিয়েশান)।

প্রসঙ্গতঃ ত্রিপুরা থেকে ৩৮ জনের যে নির্বাচিত টিমটি ৪০তম জাতীয় যোগা আসরে হরিয়ানা যাচ্ছেন তাদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থাও শ্যাম সুন্দর কোং জুয়েলার্স এর তরফ থেকে করা হয়েছে। মোট ছয় জন প্রশিক্ষণের তত্বাবধানে এন.এস.আর.সি.সিতে গত ছয় দিন ধরেই চলছে এই প্রশিক্ষণ।

# যুদ্ধ বিধ্বস্ত ইউক্রেন নিয়ে শান্তিপূর্ণ সমাধানের পক্ষে সওয়াল মোদী-কিশিদার

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : দুই দিনের সফরে ভারতে এসেছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। শনিবার নয়া দিল্লির হায়দরাবাদ হাউসে তাঁর সঙ্গে দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে উঠে এল রাশিয়া-ইউক্রেন সংঘাতের মত বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গিয়েছে। রাশিয়া-ইউক্রেন সংঘাত নিয়ে জাপানের প্রধানমন্ত্রী এদিন বলেছেন যে, আন্তর্জাতিক আইনকানুনের উপর ভিত্তি করে একটি শান্তিপূর্ণ সমাধানে উপনীত হতে হবে।

এদিন বৈঠকে জাপানের প্রধানমন্ত্রী বলেছেন, "প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে ইউক্রেনের বর্তমান সংঘাত নিয়ে আলোচনা করেছি। অনেক ঝামেলার কারণে গোটা বিশ্ব আজ কাঁপছে। ভারত ও জাপানের মধ্যে ঘনিষ্ঠ অংশীদারিত্বের থাকা খুবই গুরুত্বপূর্ণ। আমরা আমাদের মতামত প্রকাশ করেছি। ইউক্রেনে রাশিয়ার গুরুতর আক্রমণ সম্পর্কে কথা বলেছি। আন্তর্জাতিক আইনের ভিত্তিতে শান্তিপূর্ণ সমাধান চাই।" প্রধানমন্ত্রী কিশিদার আরও সংযোজন, "আমাদের উভয় দেশের উচিত একটি উন্মুক্ত ও মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সৃষ্টির জন্য প্রচেষ্টা বৃদ্ধি করা। ভারতের সঙ্গে মিলে জাপান যুদ্ধের অবসানের চেষ্টা চালিয়ে যাবে এবং ইউক্রেন ও তার প্রতিবেশী দেশগুলিকে সাহায পাঠানো অব্যাহত রাখবে।"

ইউক্রেন ইস্যুর পাশাপাশি অন্যান্য অনেক বিষয় নিয়েই আলোচনা করেছেন দুই প্রধানমন্ত্রী। যুগ্ম সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী তাঁর বিবৃতিতে বলেছেন, "ভারত-জাপান অংশীদারিত্বকে শক্তিশালী করা শুধুমাত্র দুই দেশের জন্যই গুরুত্বপূর্ণ নয়। এই সম্পর্ক ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি, সমৃদ্ধি এবং স্থিতিশীলতাকে বাড়িয়ে তুলবে।" কিশিদার সংযোজন, "বিশ্ব এই সময়ে বেশ কিছু ঘটনার সাক্ষী হচ্ছে। ভারত ও জাপানের মধ্যে গণতন্ত্র এবং দেশের আইনের মত অভিন্ন মূল্যবোধ রয়েছে। উভয় দেশের উচিত কোয়াডের মতো প্ল্যাটফর্মে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলা যাতে আমরা একটি মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিশ্চিত করতে পারি।"

প্রসঙ্গত, ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে সামরিক অভিযানের নির্দেশ দেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তারপর থেকে একের পর এক শহরে গোলা বর্ষণ, মিসাইল হামলা চালিয়ে যাচ্ছে রুশ সেনাবাহিনী। এক মাস হতে চলল ইউক্রেনে রাশিয়ার অভিযান। কিন্তু এখনও পর্যন্ত কোনও যুদ্ধবিরতির ইঙ্গিত মেলেনি। দুই পক্ষের প্রতিনিধি একাধিক বৈঠকে বসেছে। কিন্তু তাতে কোনও সুরাহা হয়নি। আন্তর্জাতিক আদালতেরও দ্বারস্থ হয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। আন্তর্জাতিক আদালত অবিলম্বে সামরিক অভিযানে বন্ধের নির্দেশ দিয়েছে রাশিয়াকে। কিন্তু সেই রায় মানেনি রাশিয়া।-

# হিজাব বিতর্কে যাঁরা ইচ্ছাকৃতভাবে পরীক্ষা বয়কট করেছেন, তাঁরা আর সুযোগ পাবেন না

বেঙ্গালুরু, ১৯ মার্চ (হি.স.) : হিজাব বিতর্কে অর্ডারের পর যাঁরা ইচ্ছাকৃতভাবে পরীক্ষা বয়কট করেছেন, তাঁরা আর পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন না।অর্ডারের আগে যাঁরা পরীক্ষা দেননি তাঁদের বিষয়টি মানবিকতার সঙ্গে দেখা হচ্ছে। শনিবার এমনটাই জানাল কর্নাটক সরকার।তবে অন্তর্বর্তীকালীন অর্ডারের আগে যেসব ছাত্রী হিজাব বিতর্কের কারণে পরীক্ষায় বসার সুযোগ পাননি তাঁরা পরীক্ষা রি-টেকের সুযোগ পেতে পারেন। এমনইআশ্বাস মিলেছে কর্নাটক সরকারের তরফে।

মনে করা হচ্ছে খানিকটা আবেগের বশবর্তী হয়ে অনেকে পরীক্ষা দেননি।তাই তাঁদের ব্যাপারটা বিবেচনা করা প্রয়োজন।এ ভাবেই বিষয়টি ব্যাখ্যা করেছেন কর্নাটকের (জ্ঞথন্দ্রথঞ্চথদ্ধথ) আইন বিষয়ক মন্ত্রী মধুস্বামী। প্রসঙ্গত, গত ১০ ফেব্রুয়ারি ইন্টারিম অর্ডার দিয়েছিলেন কর্নাটক হাইকোর্টের চিফজাস্টিস ঋতুরাজ আবস্তি, জাস্টিস কৃষ্ণ দীক্ষিত এবং জাস্টিস জে এম কাজিকে নিয়ে গঠিত তিন সদস্যের বেঞ্চ।অন্যদিকে, পরীক্ষার্থীদের দ্বিতীয় বার সুযোগ দেওয়ার জন্যসওয়াল করেছেন বিরোধী দল কংগ্রেসের বিধায়ক কৃষ্ণ গৌড়া।

প্রসঙ্গত, জানুয়ারি মাসের গোড়ায় কর্নাটকের উডুপিতে ওই প্রি-ইউনিভার্সিটিতে আলিয়া-সহ ছ'জন হিজাব পরিহিত ছাত্রীকে ক্লাসে বসতে বাধা দেওয়ার ঘটনা ঘটে। কলেজ উন্নয়ন সমিতির সভাপতি বিজেপি বিধায়ক রঘুপতি ভট্ট স্পষ্ট জানিয়ে দেন, হিজাব পরিহিতরা ক্লাসে ঢুকতে পারবেন না। প্রতিবাদে সরব হন আলিয়া-সহ কয়েক জন ছাত্রী। সেই বিতর্ক দ্রুত ছড়িয়ে পড়ে রাজ্যজুড়ে। মামলা হয় হাই কোর্টেও। হিন্দুত্ববাদী সংগঠনের তরফে আলিয়া এবং তাঁর কয়েকজন সহপাঠীকে 'মৌলবাদী' হিসাবে চিহ্নিত করা হয়।

## কামনা

● প্রথম পাতার পর

পরাজয় ডেকে আনে।

তিনি বলেন, মা ত্রিপুরেশ্বরীর আশীর্বাদে ত্রিপুরার এক সময় যে কালো দিনগুলি ছিল সেগুলি থেকে বেড়িয়ে আজ আমরা সুন্দর আলোর দিকে এগিয়ে চলেছি। রাজ্য সরকার চায় ত্রিপুরার প্রত্যেকটি মানুষ সফলতা অর্জন করুক। তিনি বলেন, আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম সামাজিক ভাতা ২০০০ টাকা করা হবে। এবারের বাজেটে সেই প্রতিশ্রুতি পালন করা হয়েছে। আশা করি দুর্গাপূজার আগে সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন করতে পারব। বাকি যা যা বাজেটে এসেছে যত তাড়াতাড়ি সম্ভব এগুলো রূপায়ণ করা যায় তার উদ্যোগ চলছে। মহিলাদের জন্য রাজ্য সরকারের চাকুরীতে ৩৩ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, টি এস আর জওয়ানদের রেশন মানি ৮০০ টাকা থেকে বাড়িয়ে ১,০০০ টাকা করা হয়েছে। ব্যারাক এবং কোয়ার্টার মেরামতের জন্য এই প্রথম ৬ কোটি টাকা আলাদা করে রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ত্রিপুরার প্রতিটি ক্ষেত্রে লাগাতরভাবে মানুষের জন্য এ সরকার উন্নয়নমূলক কাজ করে চলেছে।

## রাজ্যসভা

● প্রথম পাতার পর

এদিন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, ডা: মানিক সাহার ত্রিপুরায় বিশিষ্ট এবং সুদক্ষ চিকিতক হিসেবে খ্যাতি রয়েছে। ২০১৭ সাল থেকে লাগাতর সংগঠন পরিচালনার দায়িত্ব পালন করে চলেছেন। দল যোগ্য ব্যক্তিকে রাজ্যসভার সাংসদ হিসেবে প্রার্থী করেছে। তিনি প্রার্থনা করছেন, নির্বাচনে ডা: মানিক সাহাই জয়ী হবেন। তাঁর মতে, ওই নির্বাচনে বিজেপি জয়ী হওয়ার পর সংসদের উচ্চ কক্ষে ত্রিপুরার সমস্যা ডা: মানিক সাহা তুলে ধরবেন। কেন্দ্রের সাথে যোগাযোগ করে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুফল যত দ্রুত ঘরে তোলা যায় সেই চেষ্টা করবেন। তাতে, ত্রিপুরা দারুনভাবে উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করে ডা: মানিক সাহাকে শুভেচ্ছা জানিয়েছেন।

# বিএমএসের সম্মেলন আজ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৯ মার্চ।।** ভারতীয় মজদুর সংঘের সিপাহীজলা জেলা কমিটির উদ্যোগে একটি সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে অফিসটিলাস্থিত কমিউনিটি হলে। উক্ত সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার ভারতীয় মজদুর সংঘের বিদায়ী কমিটির সহ-সভাপতি রমেন্দ্র দেবনাথ, জেলা প্রভারি তথা প্রিসাইডিং অফিসার দেবশ্রী কলই,কনভেনার পার্থপ্রতিম কর,জেলা সম্পাদক সজল দেবনাথ সহ অন্যান্য কার্যকর্রাতা।প্রস্তুতি কমিটির প্রিসাইডিং অফিসার দেবশ্রী কলই উক্ত সাংবাদিক সম্মেলনে জানান রবিবার সিপাহীজলা জেলার ভারতীয় মজদুর সংঘের দ্বিতীয় ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হবে।তাই শনিবার অনুষ্ঠিত হয়েছে প্রস্তুতি বৈঠক,উক্ত বৈঠকে রবিবারের অনুষ্ঠানকে কিভাবে সুন্দর ও সাফল্যমন্ডিত করে তোলা যায় তা বিশদভাবে আলোচনা করা হয়েছে।

# লুপ্তপ্রায় লেপার্ড ক্যাটের মৃত্যু



**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর ১৯ মার্চ।।** লুপ্তপ্রায় লেপার্ড ক্যাটকে মেরে দিল কে বা কারা। ঘুমে কল্যাণপুর বনদপ্তর। বিস্তারিত খবরে জানা যায় এদিন সকালে খোয়াই তেলিয়ামুড়া সড়কের উপর কল্যাণপুর হাসপাতাল সংলগ্ন স্থানে কে বা কারা একটি লেপার্ড ক্যাট" বা বনবিড়াল কে মেরে চলে যায়। প্রথমে বেশ আঘাতপ্রাপ্ত হয় এই বিড়ালটি শেষে মৃত্যুর কোলে ঢলে পড়ে। কল্যাণপুর বনদপ্তর এর পাশেই এই ঘটনা বলে জানা যায়। তবে হতে পারে কোন গাড়ি বা বাইক লুপ্তপ্রায় প্রাণী কে মেরে চলে যায়। তাকে দেখতে অনেকেই ঘটনাস্থলে ভিড় জমান। এক বনদপ্তর এর আধিকারিক জানান এই প্রাণীগুলি জঙ্গলে খাবারের অভাব হলে বা শহর এলাকাযর লোকালয়ে চলে আস মোরগ বা অন্যকিছু স্বীকার করতে। এই প্রাণীটি অনেকটা দেখতে চিতা বাঘের মতন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# চড়িলামে ঐতিহ্যবাহী চৈত্র মেলা শুরু

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৯ মার্চ।।** প্রত্যেক বছরের ন্যায় এবারও ৫ই চৈত্র চড়িলাম বাজার সংলগ্ন খেলার মাঠে অনুষ্ঠিত হতে যাচ্ছে ঐতিহ্যবাহী চৈত্র মেলা। মেলায় মানুষের স্বতঃস্ফূর্ত প্রাণ চেতনার আনন্দময় প্রকাশ থেকে উৎসবের জন্ম হয়। চড়িলামের এই মেলা চলবে পাঁচদিনব্যাপী বলে জানান মেলা কমিটির সম্পাদক দীপক ভৌমিক। মেলার দিন সকলের সঙ্গে মিলনের জন্য উৎসুক হয়ে ওঠে বহু দূর দূরান্ত থেকে পাহাড়ী এবং বাঙ্গালি সম্প্রদায়ের মানুষের সমাগমে মেলা প্রাঙ্গণ প্রানউজ্জ্বল হয়ে ওঠবে বলে জানান মেলা কমিটি। মেলায় ছোট-বড় অনেক দোকানপাট বসে।তাছাড়া শিশুদের জন্য রয়েছে আনন্দমেলার বহু সামগ্রী। মেলা কমিটির সভাপতি শ্যামল দেবনাথ জানান এই মেলাকে কেন্দ্র করে চড়িলাম মোটর স্ট্যান্ড থেকে স্কুল মাঠ পর্যন্ত পুরো রাস্তা জুড়ে আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছে। তাছাড়া ৫ দিনব্যাপী মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হতে চলা সাংস্কৃতিক কার্যকলাপের পুরোপুরি দায়িত্ব তুলে দেওয়া হয়েছে রবীন্দ্র নজরুল সাংস্কৃতিক চর্চা কেন্দ্রকে।

# ধর্ষণ মামলায় ধৃত দুই

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৯ মার্চ।।** শান্তির বাজার থানার ওসির দায়িত্ব বিশ্বজিৎ দের্বমা পাওয়ারপরথেকে বড়সড় সাফল্য অর্জনকরলো। শান্তির বাজার থানার অন্তর্গত তাকমা এডিসি ভিলেজে এক গৃহবধূ ধর্ষনের অভিযোগ দায়ের করারপর কিছুসময়েরমধ্যে বৃহস্পতিবার রাত্রিবেলায় ধর্ষনকান্ডের সাথে জরিত দুই অভিযুক্ত বীর মোহন দের্বমা ওরফে রাজু ( ২৮ ) ও ধর্মেঞ্জয় রিয়াংকে আটক করলো। অপরদিকে শুক্রবার রাত্রিবেলায় গোপন খবরের ভিত্তিতে ওসি বিশ্বজিৎ দের্বমা, এস আই সঞ্জয় দের্বমা ও এ এস আই বানিজয় রিয়াং এর নেতৃত্বে হঠাৎ বাজার এলাকাথেকে বিপুল পরিমানে নেশাসামগ্রী সহ এক নেশা কারবারীকে আটক করলো। নেশাকারবারীর নাম হলো রঞ্জীত নোয়াতিয়া। রাজ্যসরকার চাইছে ত্রিপুরাকে নেশামুক্ত ত্রিপুরা হিসাবে গঠন করতে। রাজ্যসরকারের এই স্বপ্নকে বাস্তবায়িতকরতে ওসির দায়িত্ব পেয়ে শান্তির বাজার থানায় আসার সঙ্গে সঙ্গে কাজকরছে বিশ্বজিৎ দের্বমা। কিছুদিনের মধ্যে বিশ্বজিৎ দের্বমার এইধরনের সাফল্যে খোবই খুশি শান্তির বাজারের এলাকাবাসী।

# জোলাইবাড়িতে বিজেপির মিছিল

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৯ মার্চ।।** ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপির উদ্দ্যোগে জোলাইবাড়ী বাজারে এক মিছিল সংগঠীত করাহয়। সামাজিক ভাতা বৃদ্ধীকরা, টি এস আর এর চাকুরির মোয়াদ বৃদ্ধীকরা সহ রাজ্যসরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীরজন্য রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপির উদ্দ্যোগে জোলাইবাড়ী বাজারে বিজেপি কর্মীসমর্থকদের নিয়ে এক সুবিশাল মিছিল সংগঠীতকরাহয়। বিজেপি কতৃক আয়োজিত এই মিছিলের নেতৃত্বদেন ৩৮ জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং, বিজেপির দক্ষিন জেলার সম্পাদক বিকাশ বৈদ্য সহ বিজেপির অন্যান্য নেতৃত্ববৃন্দরা। ৩৮ জোলাইবাড়ী বিজেপি কতৃক আয়োজিত এই ধন্যবাদ মিছিলে লোকজনের উপস্থিতিরহারছিলো লক্ষনীয়।

# খাদ্যের গুনমান যাচাই করতে বিলোনীয়ায় প্রশাসনের অভিযান

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৯ মার্চ।।** নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি মাথায় রেখে আজ দক্ষিণ জেলার জেলা সদর বিলোনিয়া শহরে হঠাৎ করে দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জগদীশ চন্দ্র নমঃ এর নেতৃত্বে ফুড সেফটি ভ্যানসহ ফুড সেফটি অফিসার এবং ফুড এনালাইজারদের নিয়ে শহরের রেস্টুরেন্ট, মিষ্টির দোকান এবং খোলাবাজারে ফাস্টফুডের দোকান গুলিতে হানা দিয়ে খাদ্যের গুণগত মান পরীক্ষা করেন।সেই সাথে এইসব দোকান করার জন্য তাদের কাছে প্রয়োজনীয় কাগজপত্র রয়েছে কিনা তাও পরীক্ষা-নিরীক্ষা করে দেখেন। ফুড সেফটির মোবাইল পরীক্ষাগারে নিয়ে আজকের এই অভিযান চালানো হয়। বিশেষ করে যেখানে খাবার তৈরি হয় তার পরিবেশ ঠিক রয়েছে কিনা। যে তেল ব্যবহার করা হয় সেগুলি ঠিকঠাক আছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করা। দই থেকে মিষ্টি সবকিছু পরীক্ষা-নিরীক্ষা করে দেখেন মোবাইল ল্যাবরেটরীতে। যেখানে অনিয়ম পাওয়া গেছে সেখানে জিনিস গুলো ফেলে দিয়ে দোকানদারকে সচেতন করেন। বেশিরভাগ দোকানই চলছে লাইসেন্স বিহীন অর্থাৎ অবৈধভাবে। তাই তাদের ও সচেতন করেন। দোকানের কর্মচারীদের স্বাস্থ্য ঠিক রয়েছে কিনা, হাতের নখ, চুল, পোষাক আশাক স্বাস্থ্যসম্মত রয়েছে কিনা তাও পুঙ্খানুপুঙ্খভাবে দেখেন। মুখ্য স্বাস্থ্য আধিকারিক ছাড়াও ছিলেন ফুড সেফটি অফিসার নির্মলেন্দু দত্ত, ফুড এনালাইজার শান্তনু বিশ্বাস সহ অন্যান্যরা। মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জগদীশ চন্দ্র নমঃ জানান আজ আটটি জায়গায় অভিযান চালানো হয়। বেশ কিছু ঠিকঠাক থাকলেও কাগজপত্র সহ বিভিন্ন অনিয়ম ও রয়েছে। কিন্তু আজ কাউকে কোন রকম জরিমানা করা হয়নি। শুধুমাত্র তাদেরকে সচেতন এবং সতর্ক করা হয়েছে। আগামী দিনে খাদ্য সম্পর্কিত বিষয় দোকান গুলি খাদ্য সম্পর্কে সচেতন না হলে কঠিন পদক্ষেপ নেওয়া হবে।

# ভ্রাম্যমান চিকিৎসা ভ্যান

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৯ মার্চ।।** কোভিড এবং যক্ষ্মা রোগ সনাক্তকরণ ভ্রাম্যমান চিকিৎসা ভ্যান এর সূচনা হয়। শনিবার দক্ষিণ জেলার জেলা শাসক ও জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের হাত ধরে। স্বাস্থ্য দফতরের একটি প্রতিনিধিদল এই ভ্রাম্যমান চিকিৎসা ভ্যান এর মধ্য দিয়ে জেলার প্রত্যন্ত এলাকায় গিয়ে মানুষের সাথে কথা বলে বাড়ি বাড়ি গিয়ে কোভিড ও যক্ষা রোগীদের সনাক্ত করন করবে । এই ভ্রাম্যমাণ গাড়ির সাহায্যে ১০০ দিনব্যাপী চলবে সনাক্তকরণ কর্মসুচি।

পীড়াময়, স্বাস্থ্য ও স্বাস্থ্য দপ্তরের যৌথ উদ্যোগে দক্ষিণ জেলা ভিত্তিক ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যানের ১০০ দিনব্যাপী কর্মসূচির যাত্রা শুরু হয় শনিবার সকালে। দক্ষিণ ত্রিপুরা জেলা শাসক অফিস কার্যালয়ের প্রাঙ্গণ থেকে ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যানের ১০০ দিনব্যাপী এই কর্মসূচির পতাকা নেড়ে সূচনা করলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ এবং দক্ষিণ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর জগদীশ চন্দ্র নমঃ, দক্ষিণ জেলা যক্ষা রোগ নির্মূল কারণ দায়িত্বপ্রাপ্ত অফিসার ডক্টর অরূপ দত্ত। এদিন তিনটি ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যানের যাত্রা শুরু হয়।

এই ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যান গুলি জেলার প্রত্যেকটি জনপদে বিশেষ করে উপজাতি অধ্যুষিত এলাকায় যেখানে এ ধরনের রোগের প্রাদুর্ভাব বেশি সে সকল অঞ্চলে প্রতিনিয়ত এই ভ্যান চলাচল করবে এবং রোগ সনাক্ত করন সহ রোগীদের সঠিক পরিষেবা ও সুপরামর্শ দানের মধ্যে দিয়েচেষ্টা করে যাবেন। যক্ষা, কোভিড রোগ রাজ্য থেকে, ও দক্ষিণ জেলা থেকে নির্মূল করতে এই প্রয়াস যথাসাধ্য ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করছেন আজকের অনুষ্ঠানের অতিথিরা।

## কুমারঘাটে

● প্রথম পাতার পর

কুমারঘাট থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে এবং ঘটনার তদন্ত করে। কুমারঘাট এ চুরির ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনমনে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বাড়ির মালিক জানিয়েছেন সোনা গয়না সহ প্রায় ১২লক্ষ টাকার সামগ্রী চোরেরা হাতিয়ে নিয়ে গেছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ গত বেশ কিছুদিন ধরেই এলাকায় চোরের দৌরাত্ম্য ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। এলাকায় রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য এলাকাবাসীর তরফ থেকে পুলিশ প্রশাসনের কাছে দাবি জানানো হয়েছে।

## ব্যক্তির

● প্রথম পাতার পর

এসে তাকে উদ্ধার করে তেলিয়ামুড়া হাসপাতলে নিয়ে যায়। তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক লিটন সরকার নামে ওই যুবককে মৃত বলে ঘোষণা করেন। তেলিয়ামুড়া থানার পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। ভাইয়ের চালকের অসাবধানতা এবং দ্রুতগামীতার কারণ এই দুর্ঘটনাটি ঘটেছে বলে জানা গেছে। পথদুর্ঘটনায় বাইক চালক যুবকের মৃত্যুর সংবাদে গোটা এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে।

## চাঞ্চল্য

● প্রথম পাতার পর

জন্য হাসপাতাল মর্গে পাঠায়। ময়নাতদন্তের পর মৃত দেহটি পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়। বিষপানে বৃদ্ধের আত্মহত্যা সংবাদে এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে। তেলিয়ামুড়া থানার পুলিশ এ ব্যাপারে অস্বাভাবিক মৃত্যু জনিত একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

## আত্মসমর্পণ

● প্রথম পাতার পর

সেই স্বাধীন ত্রিপুরা কোন দিনে গঠন করা যে সম্ভব হবে না সে সম্পর্কে নিশ্চিত হওয়ার পরই সে বৈরী জীবন ছেড়ে পুনরায় স্বাভাবিক জীবনে ফিরে এসেছে বলে জানায়।

## যুবক

● প্রথম পাতার পর

হয়।খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে এবং অভিযুক্ত যুবককে থানায় নিয়ে যায়। এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করেছে পুলিশ। অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুলিশ আশ্বস্ত করেছে।

## বাইকসহ

● প্রথম পাতার পর

থানার পুলিশের হাতে তুলে দিয়েছে। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করেছে পুলিশ। জানা গেছে আটক যুবকর অজিত জমাতিয়া বাইক চুরির সঙ্গে জড়িত রয়েছে।

## গণধোলাই

● প্রথম পাতার পর

পুঞ্জীভূত ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটে এবং তার বাড়িতে হানা দিয়ে তাকে তুলে নিয়ে আসেন এলাকাবাসী।

## কান্ড

● প্রথম পাতার পর

পলাতক বলে স্থানীয় সূত্রে জানা গেছে। সূত্রটি জানিয়েছে পূর্ব বিরোধের জেরে এই ঘটনা সংঘটিত হয়েছে।পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে।



# কাতার বিশ্বকাপে পরবর্তী দুই ম্যাচের জন্য আর্জেন্টিনার ঘোষিত দলে ফিরলেন মেসি




বুয়েনোস আইরেস, ১৯ মার্চ (হি.স.) : কাতার ২০২২ বিশ্বকাপের দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইপর্বে নিজেদের পরবর্তী দুই ম্যাচের জন্য দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। বিশ্রাম কাটিয়ে পরবর্তী দুই ম্যাচের জন্য দল ঘোষিত আর্জেন্টিনার জাতীয় দলে ফিরলেন নিয়মিত অধিনায়ক লিওনেল মেসি।
কাতার ২০২২ বিশ্বকাপের দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইপর্বে নিজেদের পরবর্তী দুই ম্যাচের জন্য দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। আলবিসেলেস্তাদের ৩৩ সদস্যের দলে মেসি ফিরলেও এই দুই ম্যাচের জন্য আর্জেন্টিনা দলে নেই নিষেধাজ্ঞায় থাকা চার ফুটবলার এমিলিয়ানো মার্তিনেস, ক্রিস্তিয়ান রোমেরো, এমিলিয়ানো বুয়েন্দিয়া ও জিওভানি লো সেলসো। এছাড়া চোটের কারণে নেই দলে নেই মার্কুস আকোনা ও আলেসান্দ্রো গোমেস। চোট থেকে সেরে উঠলেও বিশ্রাম দেওয়া হয়েছে পাওলো দিবালাকে।
১৫ ম্যাচে ৩৫ পয়েন্ট নিয়ে ইতিমধ্যে কাতার বিশ্বকাপ নিশ্চিত করেছে আর্জেন্টিনা। আর্জেন্টিনার সমান ম্যাচ খেলে ৩৯ পয়েন্ট নিয়ে লাতিন অঞ্চলের পয়েন্ট তালিকার শীর্ষে ব্রাজিল।
আর্জেন্টিনা স্কোয়াড
গোলরক্ষক: ফ্রাঙ্কো আর্মানি, হুয়ান মুসসো ও জেরোনিমো রুল্লি।
ডিফেন্ডার: গঞ্জালো মন্তিয়েল, হুয়ান ফয়েথ, নাহুয়াল মলিনা পেজ্জেল্লা, লুকাস মার্তিনেস, নিকোলাস ওতামেন্দি, লিসান্দ্রো মার্তিনেস ও নিকোলাস তাগলিফিকো।
মিডফিল্ডার: ফ্রাঙ্কো কারবোনি, লেয়ান্দ্রো পারেদেস, গুইদো রদ্রিগেস, রদ্রিগো দি পল, এজেকুয়েল পালাসিওস, লুকা রোমেরো, আলেক্সিদ ম্যাক আলিস্তার, ভালেন্তিন কারবোনি, আলেজান্দ্রো গারনাচো, নিকোলাস পাজ, তিয়াগো গেয়ালনিক ও মানুয়েল লানজিনি।
ফরোয়ার্ড: আঞ্জেল কোরেরা, মাতিয়াস সোলে, লুকাস ওকাম্পাস, দি মারিয়া, নিকোলাস গঞ্জালেস, জুয়াকুইন কোরেরা, লিওনেল মেসি, লুকাস বোয়ে, লাওতারো মার্তিনেজ ও হুয়ান আলভারেজ।হিন্দুস্থান সমাচার / কাকলি

# বিয়ে করলেন ম্যাক্সওয়েল



সিডনি, ১৯ মার্চ (হি.স.) : জীবনের নয়া ইনিংসে পা রাখলেন গ্লেন ম্যাক্সওয়েল। ভারতীয় বংশোদ্ভূত বান্ধবী বিনি রমনের সঙ্গে চার হাত এক হল অজি তারকার। সোশ্যাল মিডিয়ায় ছবি পোস্ট করে নিজেই অনুরাগীদের দিলেন সুখবর।
ছবিতে দেখা যাচ্ছে, পরস্পরের হাত ধরে রয়েছেন বিনি ও ম্যাক্সওয়েল। দু'জনের আঙুলেই জ্বলজ্বল করছে বাগদানের আঙটি। বিনির পোস্ট করা ছবিতে ধরা পড়েছে একে অপরকে চুম্বনের মুহূর্ত। ম্যাক্সওয়েলপত্নী লিখেছেন, "ভালবাসা পূর্ণতা খোঁজে। আর আমি তোমার সঙ্গেই পূর্ণতা পাই।"
২০১৭ সালে প্রথম এই লাভবার্ডদের ছবি নেটিজেনদের নজরে পড়ে। ২০১৯ সালে অজি ক্রিকেট পুরস্কারের অনুষ্ঠানে একসঙ্গে দেখা গিয়েছিল তাঁদের। ধীরে ধীরে গভীর হয় প্রেম। ২০২০-তে বাগদান পর্বটা সেরে ফেলেছিলেন তাঁরা। আর এবার তামিল পরিবারের মেয়েকে বাড়ির বউ করে আনলেন আরসিবির আইপিএল তারকা ম্যাক্সওয়েল। ঘনিষ্ঠদের উপস্থিতিতে সাদামাটাভাবেই বিয়ে করলেন অজি অলরাউন্ডার।
প্রসঙ্গত, মানসিকভাবে অসুস্থ। এমন কথা জানিয়েই ২০১৯ সালের শেষের দিকে ক্রিকেট থেকে বিরতি নিয়েছিলেন ম্যাক্সওয়েল। অজি তারকা বলেছিলেন, সেই সময় বিনিই তাঁর পাশে ছিলেন। মেলবোর্নের বাসিন্দা পেশায় ফার্মাসিস্ট বিনিই প্রথম ম্যাক্সওয়েলের মধ্যে একটা বদল লক্ষ্য করেছিলেন। বুঝিয়েছিলেন, কীভাবে একাকিত্ব দূর করা যায়।
সমস্যাগুলো কাউকে খুলে বলার পরামর্শও দিয়েছিলেন। অজি ক্রিকেটার জানিয়েছিলেন, "প্রথম কয়েক সপ্তাহ মাঝেমধ্যেই মেজাজ হারিয়ে ফেলতাম। সেই সব দিনগুলোয় আমায় সহ্য করা বেশ কঠিন ছিল। আমার গার্লফ্রেন্ড কিন্তু সবটা খুব ভালভাবে সামলেছিল।"
সেই বিনিকেই জীবন সঙ্গীনি করলেন অজি তারকা। ছবি পোস্ট করলেই সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছার বন্যায় ভাসছেন নবদম্পতি।—হিন্দুস্থান সমাচার / কাকলি

# চলতি মহিলা বিশ্বকাপে দীর্ঘতম ছক্কা হাকালেন ভারতের পূজা বস্ত্রকার



অকল্যান্ড, ১৯ মার্চ (হি.স.) : নিউজিল্যান্ডে অনুষ্ঠিত চলতি মহিলা বিশ্বকাপে দীর্ঘতম ছক্কা হাকালেন ভারতের পূজা বস্ত্রকার। শনিবার অকল্যান্ডে অস্ট্রেলিয়ার বোলারের বল পিটিয়ে৮১মিটার দূরে পাঠান পূজা। এটি এখন পর্যন্ত এই টুর্নামেন্টের দীর্ঘতম ছক্কা।
ভারত বনাম অস্ট্রেলিয়ার মধ্যে ২০২২সালের মহিলা বিশ্বকাপের১৮তম ম্যাচটি অকল্যান্ডে অনুষ্ঠিত হচ্ছে। এই ম্যাচে ২৮ বলে দুটি ছক্কা এবং একটি চারের সাহায্যে ৩৪ রানের একটি দ্রুত ইনিংস খেলেন পূজা বস্ত্রকার। পূজা তার ইনিংস চলাকালীন ২০২২ মহিলা বিশ্বকাপের দীর্ঘতম ছয়টিও মারেন। এদিন ৪৯তম ওভারের পঞ্চম বলে এই ছক্কা হাঁকান পূজা বস্ত্রকার। অস্ট্রেলিয়ান বোলার পূজার ব্যাটের কাছে বল দিয়েছিলেন এবং এই ভারতীয় ব্যাটসম্যান তার শক্তির পূর্ণ ব্যবহার করে লং অনের দিকে এই ছক্কা হাঁকান। এই ছয়টি৮১মিটার দূরত্ব অতিক্রম করে। এটি এখন পর্যন্ত এই টুর্নামেন্টের দীর্ঘতম ছক্কা। জানিয়ে রাখি,এর আগে ৮০ মিটার লম্বা ছক্কা মেরেছেন মান্ধানা।হিন্দুস্থান সমাচার

# রান তাড়া করে রেকর্ড জয়, ভারতকে হারিয়ে সেমিফাইনালের টিকিট নিশ্চিত করল অস্ট্রেলিয়া

অকল্যান্ড, ১৯ মার্চ (হি.স.) : আইসিসি মহিলা বিশ্বকাপের মঞ্চে রান তাড়ার রেকর্ড গড়ে ভারতের বিরুদ্ধে জিতল অস্ট্রেলিয়া। শক্তিশালী অজিদের বিরুদ্ধে বড় ব্যবধানেই হারতে হল ভারতকে। এদিন অকল্যান্ডে ভারতের দেওয়া ২৭৮ রানের লক্ষ্য তাড়া করতে গিয়ে ৪ উইকেটের বিনিময়ে ৩ বল বাকি থাকতেই লক্ষ্যে পৌঁছে গেল অজিরা। সেই সঙ্গে টানা ৫ ম্যাচে জিতে প্রথম দল হিসেবে চলতি মহিলা বিশ্বকাপের শেষ চারের টিকিট নিশ্চিত করে ফেলে অস্ট্রেলিয়া।
নিউজিল্যান্ড এবং ইংল্যান্ডের বিরুদ্ধে বড় ব্যবধানে হারের জেরে অজিদের বিরুদ্ধে এই ম্যাচ ভারতের জন্য কার্যত মরণ-বাঁচন ম্যাচ ছিল। এ হেন গুরুত্বপূর্ণ ম্যাচে টস হারেন অধিনায়ক মিতালি রাজ। প্রথমে ব্যাট করতে হয় ভারতকে। প্রথমে ব্যাট করতে নেমে শুরুটা ভাল হয়নি ওমেন-ইন-ব্লু'র। মাত্র ২৮ রানে দুই উইকেট খুইয়ে চাপে পড়ে যায় টিম ইন্ডিয়া। এরপর ইনিংসের হাল ধরেন অধিনায়ক মিতালি এবং ইয়াস্তিকা ভাটিয়া। দুজনেই অর্ধশতরান করেন। ভাটিয়া করেন ৮৩ বলে ৫৯ রান। মিতালি করেন ৯৬ বলে ৬৮ রান। বিশ্বকাপে এটি তাঁর ১২ তম অর্ধশতরান। যা কিনা বিশ্বরেকর্ড।মিতালি আউট হওয়ার পর হরমনপ্রীত কৌর এবং পূজা ভাস্ত্রকর ভারতের ইনিংসের শেষটা দুর্দান্ত করেন। ৪৭ বলে ৫৭ রান করেন হরমনপ্রীত এবং পূজা করেন ২৮ বলে ৩৪ রান। শেষ পর্যন্ত নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেহে ২৭৭ রান করে ভারত।
জবাবে ব্যাট করতে নেমে শুরুটাই দুর্দান্ত করে অজিরা। প্রথম ইউকেটের জুটিতেই র্যাচেল হাইনেস এবং অ্যালিস হেলি ১২১ রান তুলে ফেলেন। হেলি করেন ৭২ রান। হাইনিস করেন ৪৩ রান। প্রথম ইউকেটের পতনের পর অধিনায়ক মেগ ল্যানিং ইনিংসের হাল ধরেন এবং দলকে জয়ের কাছাকাছি। শেষদিকে ভারত কিছুটা কামব্যাক করার চেষ্টা করলেও শেষ পর্যন্ত ৪ উইকেটের বিনিময়ে ৩ বল বাকি থাকতেই লক্ষ্যে পৌঁছে গেল অজিরা। ল্যানিং করলেন অপরাজিত ৯৭ রান। মহিলা বিশ্বকাপের ইতিহাসে এটি রান চেজের রেকর্ড। এদিন টিম ইন্ডিয়ার আরেক সিনিয়র তারকা ঝুলন গোস্বামীও মাইলফলক ছুঁয়েছেন। এটি ছিল ঝুলনের কেরিয়ারের ২০০তম ওয়ানডে ম্যাচ। যদিও এই ম্যাচে তেমন প্রভাব ফেলতে পারেননি তিনি।
এই হারের ফলে পাঁচ ম্যাচে ভারত ৪ পয়েন্টেই আটকে রইল। সেমিফাইনালে যেতে হলে টিম ইন্ডিয়াকে শেষ দুটি ম্যাচে জিততেই হবে। সেই সঙ্গে অন্যদের ফলাফলের দিকেও নজর রাখতে হবে। —হিন্দুস্থান সমাচার / কাকলি

## বিশ্বকাপের আগেই টি-২০-র এশিয়া কাপ শুরু

মুম্বই, ১৯ মার্চ (হি.স.) : করোনা কাটিয়ে অবশেষে চলতি বছরই অনুষ্ঠিত হতে চলেছে এশিয়া কাপ। শনিবার এশিয়ান ক্রিকেট কাউন্সিল জানিয়ে দিল, চলতি বছর টি-২০ বিশ্বকাপের আগেই শ্রীলঙ্কায় এই মেগা টুর্নামেন্ট আয়োজিত হবে। বিশ্বকাপের কথা মাথায় রেখে টি-২০ ফরম্যাটেই হবে এবারের এশিয়া কাপ।
এশিয়ান ক্রিকেট কাউন্সিলের তরফে জানানো হয়েছে, এশিয়া কাপ শুরু হবে ২৭ আগস্ট। শেষ হবে ১১ সেপ্টেম্বর। টুর্নামেন্ট শুরুর আগে ২০ আগস্ট থেকে শুরু হবে বাছাই পর্বের খেলা। এবারের এশিয়া কাপেও খেলবে মোট ছ'টি দল। এর মধ্যে ভারত, শ্রীলঙ্কা, বাংলাদেশ, পাকিস্তান এবং আফগানিস্তান সরাসরি মূলপর্বে খেলার সুযোগ পাবে। বাছাই পর্ব থেকে একটি দল মূল পর্বে উঠবে।
প্রথমে ঠিক ছিল ২০২০ সালে পাকিস্তানে এশিয়া কাপ আয়োজিত হবে। কিন্তু ভারত পাকিস্তানে খেলতে আপত্তি জানায়। তাছাড়া করোনা মহামারীও আঘাত হানে এরই মধ্যে। যার ফলে এই টুর্নামেন্ট সাময়িকভাবে স্থগিত রেখে শ্রীলঙ্কায় স্থানান্তরিত করা হয়। ঠিক করা হয় ২০২১ সালের জুন মাসে এশিয়া কাপ আয়োজন করা হবে। কিন্তু তখনও করোনার জেরে সেটা সম্ভব হয়নি। তারপর অনেক ভাবনা চিন্তার পর এবছর বিশ্বকাপের আগে এশিয়া কাপ আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। শনিবার সেই সিদ্ধান্তেই সরকারি সিলমোহর পড়ে গেল। এসিসি জানিয়ে দিল, আগামী ২৭ আগস্ট এশিয়া কাপ শুরু হবে। ফাইনাল ১১ সেপ্টেম্বর। বিস্তারিত সূচি অবশ্য এখনও ঘোষণা করা হয়নি। এর পরই অক্টোবরে শুরু টি-২০ বিশ্বকাপ।

**PNIeT No: - 45/ EFIDWS-1/2021-22**
Single bid percentage rate e-tender is invited for 4( four) nos works viz. constn of pump house, staging, laying of pipeline. electrical accessories, mtc of pipeline etc.
Deadline for online bidding:- Up to 1500 hrs. of 07.04.2022
Any subsequent corrigendum will be uploaded in the website only. Detailed press notice & bid documents for the work can be seen in website **www.tripuratenders.gov.in.**
For any query please contact: - e-mail : dwsdivavartala@gmail.com.
(For and on behalf of Governor of Tripura)
**Executive Enigieer**
**DWS Division Agartala-.I**
**Agartala Tripura ( W).**
**ICA-C-4230/22**

**NOTICE INVITING TENDER**
No.F.10(239)(Main)-DJ/W/Estt./2022/2939
Dated, Agartala The 15th March,2022
Subject :- Annual Maintenance Contract of Computers and its peripherals for the year 2022-23 at Agartala Court Complex, West Tripura Judicial District.
Sealed tenders / quotations are invited from the recognized service provider for Annual Maintenance Contract of Computers and its peripherals for the year 2022-23 at Agartala Court Complex, West Tripura Judicial District installed in the Court Complex of District & Sessions Judge, West Tripura, Agartala as per terms & conditions vide this office notice no. **F.10(239)(Main)-DAV/Estt./2022/2936-38, dated,15th March, 2022.** For details visit our official website https://districts.ecourts.gov.in/india/tripura/west-tripura/tender.
**The quotations should reach this office positively by 15:00 hours of 16th April, 2022.**
**(D.K Sukla Das)**
**(Head of Office)**
**O/o The District & Sessions Judge**
**West Tripura, Agartala**
ICA-C-4218/22

Government of Tripura
**GOMATI DISTRICT POLYTECHNIC**
**Fulkumari, Udaipur, Gomati Tripura**
No.F.1(4)-GDP/UDP/ESTT.(VL)/2021/3936
Date: 16/03/2022
**WALK-IN INTERVIEW**
A walk-in interview for engagement of Guest/ Visiting Lecturer(s) in Physics will be held at **Gomati District Polytechnic, P.O: Fulkumari, Udaipur, Gomati Tripura on 24th March, 2022 from - 12:00 PM - 2:00 P.M.**
**Educational Qualification:-** Master's degree in relevant discipline/subject with First Class or Equivalent at Bachelor's or Master's level.
Engagement will be purely on temporary basis at remuneration (honorarium) of Rs. 400/- (Rupees Four Hundred) only per. class duly conducted during the academic year 2021-22 and will be made strictly on merit basis by way of maintaining the reservation policy of the state Government and screening of API score followed by interview as per New Recruitment Rules.
Interested candidates may appear before the interview board along with all original documents and one set of self-attested photocopies of the same along with an application in plain paper, one recent pass-port size color photograph and filled-in bio-data on the prescribed format available on the Institute Website.
No TA/DA will be provided for appearing in the interview.
**ICA-D-2032/22**
**Sd/- Principal-in-charge**
**Gomati District Polytechnic**
**Fulkumari Udaipur, Gomati Tripura**

**NOTICE INVITING TENDER**
**Tender for selection of vendor for District wise "Soil Sample Registration , Uploading of soil test report , Soil Health Card Generation and Colour Printing of Soil Health Card."**
State Agriculture Research Station, Department of Agriculture and Farmers' Welfare, Tripura invites NIT from qualified, reputed and experienced Computer /IT based Firms/ agencies having at least 6 months to 1 (one) year experience in the field of data uploading, generation & printing of Soil Health Card for selection of Vendor for "Soil Sample Registration , Uploading of soil test report, Soil Health Card Generation and Colour Printing of Soil Health Card in Tripura." during 2021-22. The selected agencies shall perform Soil Sample Registration, Uploading of soil test report, Soil Health Card Generation and Colour Printing of Soil Health Card. The detailed eligibility criteria and terms & Conditions are at DNIT enclosed and Format for Financial proposal/bid at Annexure-I & can be downloaded from agri.tripura.gov.in. Interested Computer /IT based Firms/ agencies may submit their response to this office latest by **-04/04/2022 till 03:00 pm.**
**Enclose: Copy of DNIT**
**(SANTANU DEBBARMA)**
**Joint Director of Agriculture (Research)**
**State Agriculture Research Station**
**A.D.Nagar, Agartala.**
ICA-C-4224/22

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



শনিবার জম্মুতে সিআরপিএফ-এর প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ছবি-পিআইবি।

# সারা রাজ্যে ২১ মার্চ থেকে সপ্তাহব্যাপী মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** আগামী ২১ মার্চ থেকে ২৮ মার্চ পর্যন্ত সারা রাজ্যে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব- সুস্থ কৈশোর অভিযান-২.০ র সপ্তাহব্যাপী বিশেষ কর্মসূচি সংগঠিত করা হবে। ক'মিনাশক কর্মসূচি, ভিটামিন-এ পরিপূরক কর্মসূচি, আয়রণ ফলিক অ্যাসিড (আই এফ এ) পরিপূরক কর্মসূচি এবং তীবতর ডায়রিয়া নিয়ন্ত্রণ পক্ষকাল (আই ডি সি এফ) এবং পোষন অভিযান কর্মসূচিগুলিকে 'মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান (এম এস এস এস কে)' ২.০ এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। আজ জাতীয় স্বাস্থ্য মিশনের প্রধান কার্য্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা, ডা: সিদ্ধার্থ শিব জয়সবাল। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্টেট ইমিউনাইজেশন অফিসার ডা: মৌসুমী সরকার, স্টেট প্রোগ্রাম অফিসার ডা: স'য় রুদ্র পাল প্রমুখ।

তিনি জানান, এই কর্মসূচিতে ৪ হাজার ৬৭৮টি সরকারি, বেসরকারি, আধা সরকারি বিদ্যালয়, ৯ হাজার ৯৯১টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং প্রায় ৬০ টি ডিগ্রী, কারিগরি, পলিট্যাকনিক, ভোকেশনাল, আই টি আই ইত্যাদি কলেজে এই কর্মসূচি চলবে। এছাড়া রাজ্যের বিভিন্ন চা-বাগান, ইটভা-া ইত্যাদি জায়গায় 'মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান ২.০ চলবে। সপ্তাহব্যাপী কর্মসূচিতে ০-১৯ বছর বয়সের ছেলেমেয়েদের এই কর্মসূচির আওতায় আনা হয়েছে।এই কর্মসূচিতে ৯ লক্ষ ৬০ হাজার ৯৪৩ জনকে ক'মিনাশক ওষুধ খাওয়ানো হবে। ভিটামিন-এ পরিপূরক কর্মসূচির আওতায় রাজ্যের ২ লক্ষ ৪০ হাজার ১৯ জন ছেলেমেয়েকে আনা হবে। আয়রণ ফলিক অ্যাসিড (আই এফ এ) পরিপূরক কর্মসূচির আওতায় রাজ্যের ১০ লক্ষ ১৫ হাজার ৪৮৮ জন ছেলেমেয়েকে নিয়ে আসা হবে। পোষন অভিযান-এর আওতায় ৩ লক্ষ ৪ হাজার ৫০৩ জন শিশুর ওজন এবং উচ্চতা পরিমাপ করা হবে।

সপ্তাহব্যাপী এই কর্মসূচির প্রথম তিন দিন সরকারি, বেসরকারি, আধা সরকারি বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা, ডিগ্রী, কারিগরি, পলিট্যাকনিক, ভোকেশনাল, আই টি আই ইত্যাদি কলেজে এমপিডব্ল-এএনএম কর্মী এবং অঙ্গনওয়াড়িকেন্দ্রে অঙ্গনওয়াড়ি কর্মীরা ছেলেমেয়েদের বিভিন্ন ওষুধ খাওয়াবেন।

শেষের ৪ দিন আশাকর্মীরা তাদের নিজ নিজ এলাকায় সেইসব শিশুদের সনাক্ত করবেন যাদের অ্যালবেণ্ডাজল ট্যাবলেট, ভিটামিন এ ক্যাপসুল এবং অন্যান্য পরিপূরক ওষুধ যেমন আই এফ এ সাপ্লিমেন্ট সিরাপ, গোলাপী এবং নীল ট্যাবলেট ইত্যাদি পরিষেবা প্রদান করা যায়নি। যেসমস্ত শিশুরা ডায়েরিয়ার ভুগছে সেসমস্ত শিশুদের জিঙ্ক এবং ও আর এস খাওয়ানো হবে।

এমপিডব্ল এবং এএনএম কর্মীরা রাজ্যের বিভিন্ন চা বাগান, ইটভা-া, বস্তি এলাকা, অনাথআশ্রম, বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাম্প সংগঠিত করা হবে। এছাড়া পোষন অভিযান-র অধীন একটি ওজন যন্ত্র, ইনফ্যান্টোমিটার এবং স্টেডিওমিটার দিয়ে ০-৬ বছরের শিশুদের উচ্চতা ও ওজন পরিমাপ করা হবে।অন্ত্রে ক'মি সংক্রমণ, ভিটামিন-এ-র অভাব, শৈশবে ডায়রিয়া এবং আয়রণ ও ফলিক অ্যাসিডের অভাব ভারতের মতো দেশে মানুষের স্বাস্থ্যের জন্য একটি উদ্বেগজনক বিষয়। এইসব ঘাটতি শিশুর পুষ্টি গ্রহণে বাধাসৃষ্টি করে এবং শিশু বা কিশোর-কিশোরীরা অপুষ্টি, রক্তাল্পতায় ভোগে। সেইসঙ্গে তাঁদের শিক্ষাগত, শারীরিক ও মানসিক বিকাশও ব্যাহত হয়। নিয়মিত ক'মিনাশক ওষুধ সেবন, ভিটামিন-এ, ওআরএস ও জিঙ্ক, আইএফএ পরিপূরক গ্রহণ করলে শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত হবে।

সেইসঙ্গে শিশু ও কিশোর কিশোরীদের পুষ্টি, সামগ্রিক বিকাশ এবং জীবনমান উন্নত হবে।

এইসব ওষুধ ও ভিটামিন-এ, আইএফএ পরিপূরক, শিশু ও কিশোর কিশোরীদের জন্য নিরাপদ এবং সুরক্ষিত। তবে যদি কোনও পার্শ্বপ্রতিক্রিয়া হয় সেইক্ষেত্রে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব- সুস্থ কৈশোর অভিযানের অন্তর্গত সব ব্যবস্থা নিয়ে রেখেছে স্বাস্থ্য দফতর। প্রতিকূল পরিস্থিতি মোকাবিলা করতে প্রতিটি জেলা ও ব্লক পর্যায়ে প্রতিকূল পরিস্থিতি রোধে ব্যবস্থাপনা রাখা হয়েছে।তিনি জানান, ১ সেপ্টেম্বর থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত রাজ্য জড়ে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব- সুস্থ কৈশোর অভিযান-র পক্ষকালব্যাপী বিশেষ কর্মসূচি সংগঠিত করা হয়েছিল। এই কর্মসূচিতে জাতীয় ক'মিনাশক দিবসে ৯৯.৫ ছেলেমেয়েদের ক'মিনাশক ওষুধ খাওয়ানো হয়েছে।৯০.৩৩ ১২ মাস বয়স থেকে ৫ বছর বয়সের ছেলেমেয়েদের ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। ইনটেনসিফায়েড ডায়রিয়া নিয়ন্ত্রণ পক্ষকাল কর্মসূচির আওতায় ৯৯. ৯০ ০-৫ বছর বয়সের ছেলেমেয়েদের ও আর এস খাওয়ানো হয়েছে। আয়রণ ফলিক অ্যাসিড সাপ্লিমেন্টেশন কর্মসূচির আওতায় ৯৯. ৪৫ ৬ মাস বয়স থেকে ১৯ বছর বয়সের ছেলেমেয়েদের আই এফ এ সিরাপ, গোলাপী এবং নীল ট্যাবলেট খাওয়ানো হয়।

# পশ্চিম জেলাভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** গ্রাম বাংলার লোকসংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্যে আমাদের প্রত্যেককে বিশেষভাবে নজর দিতে হবে। লোকসংস্কৃতি হারিয়ে গেলে সমাজের উপর এর বিরূপ প্রভাব পড়তে বাধ্য। আজ মুক্তধারা অডিটোরিয়ামে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত একদিনের পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক লোকসংস্কৃতি উৎসবের উদ্বোধন করে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অন্তরা সরকার দেব একথা বলেন। তিনি বলেন, আজকে আমরা আমাদের লুপ্তপ্রায় সংস্ক'তিকে নিয়ে উৎসব করছি এটা ভেবে খুব আনন্দ হচ্ছে। কিন্তু শুধুমাত্র একদিনের উৎসবেই যেন আমাদের এই সংস্ক'তি চর্চা সীমাবদ্ধ না থাকে সে বিষয়ে নজর থাকতে হবে। তিনি বলেন, বাড়িতে নতুন শিশুর আগমনে, বিয়ের অনুষ্ঠানে এখন আর আগের মতো গীত গাওয়া হয়না। জারিসারি গান, জম চাষের গান সেগুলোও আজ আর তেমনভাবে দেখা যায়না। অথচ এই সংস্ক'তি আমরা যুগ যুগ ধরে বহন করে আসছি। এই সংস্ক'তিকে রক্ষা করার দায়িত্বও আমাদের।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজমদার বলেন, পাশ্চাত্য সংস্কৃতির প্রভাবে আমাদের নিজস্ব সংস্ক'তি হারিয়ে যেতে বসেছে। তাই আমাদের নিজস্ব লোকসংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে গেলে এই সংস্ক'তি চর্চা আরও বেশি করে করতে হবে। তিনি বলেন, সরকারিভাবে তথ্য ও সংস্ক'তি দপ্তর লোক উৎসবের মাধ্যমে লোকসংস্কৃতিকে বাঁচিয়ে রাখার চেষ্টা করছে। কিন্তু এই প্রচেষ্টায় সাধারণ মানুষকেও সামিল হতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্ক'তি দপ্তরের পশ্চিম জেলা কার্যালয়ের সহ অধিকর্তা অমৃত দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী স'য় সাহা। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন তথ্য ও সংস্ক'তি দপ্তরের শিল্পীগণ। জেলার তিনটি মহকুমা থেকে আগত ৯টি লোকসংস্ক'তি দল এই লোকসংস্ক'তি উৎসবে লোকসংগীত ও লোকনৃত্য পরিবেশন করেন।

## জলে ডুবে মৃত্যু শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৯ মার্চ।।** শনিবার দুপুরে জলে ডুবে মৃত্যু হলো এক শ্রমিকের। ঘটনা সোনামুড়া হাসপাতাল সংলগ্ন একটি পুকুরে। মৃত শ্রমিকের নাম আলেক হোসেন (৪০)। তার বাড়ি সোনামুড়া মহকুমার মেলাঘরের তেলকাজলা এলাকায়। জানা গেছে, হলি উপলক্ষ্যে দুপুরে রং খেলা করে নেশা গ্রস্থ অবস্থায় থেকে পুকুরে স্নান করতে গিয়েছিল আলেক হোসেন। মৃত আলেক হোসেনের পরিবারে বর্তমানে দুই জন স্ত্রী রয়েছে। প্রথম স্ত্রী আলেকের নিজ বাড়ি তেলকাজলায় থাকেন। সেখানে তার আট বছরের একটি পুত্র সন্তান রয়েছে এবং পরবর্তীতে দ্বিতীয়বার সোনামুড়া হাসপাতাল সংলগ্ন এলাকায় বিয়ে করে সেখানেই তিনি শ্বশুরবাড়িতে থাকতেন। প্রতিদিন কাজ করে সংসার প্রতিপালন করে চলছিলেন। কিন্তু শনিবার দুপুরে তার এমন মৃত্যুতে অসহায় হয়ে পড়ে দুটি পরিবার।

# কুমারঘাটে ব্রাউনসুগার সহ ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** কুমারঘাট থানার পুলিশ এবং টিএসআর বাহিনী অভিযান চালিয়ে ব্রাউন সুগার সহ এক ব্যক্তিকে আটক করেছে। আটক ব্যক্তির নাম শৃংখল চাকমা। তার কাছ থেকে ৬০ কৌটা ব্রাউন সুগার উদ্ধার করেছে পুলিশ। তার বিরুদ্ধে কুমারঘাট থানায় এনডিপিএস ধারায় মামলা গৃহীত হয়েছে। সংবাদ সূত্রে জানা যায় কুমারঘাট থানার পুলিশ সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে থানা সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করতে সক্ষম হয়েছে। সে দীর্ঘদিন ধরেই নেশার সামগ্রী বিক্রি সহ নানা অসামাজিক কার্যকলাপে জড়িত রয়েছে বলে অভিযোগ উঠেছে। এরই পরিপ্রেক্ষিতে পুলিশ এবং টিএসআর বাহিনী তাকে জালে তুলতে সক্ষম হয়েছে। পুলিশ তার বিরুদ্ধে মামলা গ্রহণ করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে। এই চক্রের আরও কারা কারা জড়িত রয়েছে তাদের নাম ধাম উদ্ধার করার জন্য পুলিশ তাকে দফায় দফায় জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে।

# লঙ্কামুড়ায় দুইদিনব্যাপী ফাগুন মেলা শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে দুইদিনব্যাপী ফাগুন মেলা। আল্পনা গ্রাম তথা লঙ্কামুড়ায় আয়োজিত এই মেলার উদ্বোধন করেন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, স্বনির্ভর ত্রিপুরা ও মহিলা স্বশক্তিকরণের উল্লেখযোগ্য উদাহরণ হতে পারে আল্পনা গ্রাম। গ্রামটিকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করতে হলে পরিকল্পনামত এগিয়ে যেতে হবে। এক্ষেত্রে সরকার এবং সংশ্লিষ্ট দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে স্থানীয়দের। তিনি আশা প্রকাশ করেন অচিরেই গ্রামটি রাজ্য এবং বহির্রাজ্যের মানুষের কাছে পর্যটনের একটি নতুন ঠিকানা হবে।

অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে আগরতলা পুর নিগমের মেয়র ইন কাউন্সিল জগদীশ দাস, পুর নিগমের সদস্যা মিত্রারানী মজমদার, বিশিষ্ট সমাজসেবী মকুল রায় ও লিটন সরকারও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস।

## অজ্ঞাত পরিচয় মহিলা উদ্ধার অচৈতন্য অবস্থায়

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯ মার্চ।।** গন্ডাছড়া থেকে আগত অজ্ঞাত পরিচয় এক মহিলা আচমকাই অচৈতন্য হয়ে পরে তেলিয়ামুড়া অম্পি চৌমুহনী এলাকায়। ঘটনা শুক্রবার সকাল নাগাদ। উক্ত মহিলার সঙ্গে রয়েছে তার প্রায় ৬ বয়সের এক কন্যা সন্তান। মহিলার আকস্মিক অচৈতন্য হয়ে পরায় অম্পি চৌমুহনী এলাকায় চাঞ্চল্য ছরিয়েপরে। বিষয়টি আমাদের স্থানীয় জনগণের নজরে আসতেই দায়বদ্ধতার টানে খবর দেওয়াহয় তেলিয়ামুড়া থানায়। খবর পেয়ে পুলিশ অতিদ্রুততার সহিত চলে আসে অম্পি চৌমুহনী এলাকায়। মহিলাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। খবর লেখা পর্যন্ত মহিলার পরিচয় জানা সম্ভব হয়নি। এদিকে নিজের নাম ধাম না বলতে পারায় উপস্থিত সাধারন মানুষের মধ্যে নানাবিধ প্রশ্ন উঠে আসে।

# সোনামুড়ার রাঙ্গামাটিয়া দ্বাদশ শ্রেণী স্কুলে অটল টিংকারিং ল্যাবরেটরীর উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** পুঁথিগত শিক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীদেরকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে হাতে কলমে শিক্ষা প্রদানের লক্ষ্যে সোনামুড়া মহকুমা এলাকার রাঙ্গামাটিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে গড়ে তোলা হয়েছে ভারত সরকারের অটল টিংকারিং ল্যাবরেটরী। ১৭ মার্চ এর আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করা হয়। দ্বারোদঘাটন করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ। অনুষ্ঠানে অন্যান্য অতিথি হিসাবে নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রেমানন্দ দেবনাথ, সমাজসেবী দেবব্রত ভ-াচার্য, রাঙ্গামাটিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং রাঙ্গামাটিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যানও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে অতিথিগণ অটল টিংকারিং ল্যাব স্কিমের উদ্দেশ্য ও গুরুত্ব নিয়ে আলোকপাত করেন। ভারত সরকারের নীতি আয়োগের উদ্যোগে এই ল্যাবরেটরী নির্মাণ কাজে ব্যয় হয়েছে ১২ লক্ষ টাকা। উল্লেখ্য, ছাত্রছাত্রীরা এই ল্যাবের মাধ্যমে টেলিস্কোপ, থ্রিডি প্রিন্টার, সেলাই মেশিন সহ বি'ান বিষয়ক আরো বিভিন্ন বিষয়ে হাতে কলমে শিক্ষা নিয়ে সম্যক জ্ঞান ও অভ্জ্ঞিতা অর্জন করতে সক্ষম হবে।

# তেলিয়ামুড়ায় আগুন, অল্পতে রক্ষা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯ মার্চ।।** ৪টি বসত ঘর সহ গোটা এলাকা আচমকাই বিদ্যুতের শর্ট সার্কিট এর ফলে খেরের কুঞ্জিতে আগুন, অল্পেতে বড়সড় অগ্নিকান্ডের হাত থেকে রক্ষা পেল। ঘটনা তেলিয়ামুড়া থানাধীন গামাই বাড়ী স্থিত বৈশ্য টিলা এলাকায় শুক্রবার দুপুর আনুমানিক প্রায় আড়াইটা নাগাদ।

ঘটনার বিবরণে জানা যায়, কিছুদিন পূর্বে অজিত ভৌমিক গবাদি পশুর খাদ্য হিসাবে ব্যবহার করার জন্য বন কিনে এনে একটি খেরের কুঞ্জি তৈরি করে। কিছুদিন যেতে না যেতেই শুক্রবার দুপুরে এলাকাবাসীরা খেরের কুঞ্জিতে আগুনের লেলিহান প্রত্যক্ষ করে। এলাকাবাসীরা ও খেরের পুঞ্জির মালিক অজিত ভৌমিক সহ এলাকার প্রমিলা বাহিনীরা বালতি যুগে জল ঢেলে আগুন আয়ত্তে আনার চেষ্টা করে।

পরবর্তীতে আগুনের লেলিহান উপরন্ত প্রত্যক্ষ করে খবর দেয় তেলিয়ামুড়া অগ্নিনির্বাপক দপ্তরে। খবর পেয়ে অগ্নিনির্বাপক দফতরের কর্মীরা ঘটনাস্থলে ছুটে আসে। মুহূর্তের মধ্যেই আগুনের লেলিহান গোটা বনের পুঞ্জিতে ছড়িয়ে পড়ে। পরে অগ্নিনির্বাপক দফতরের কর্মীরা এবং এলাকাবাসীরা যৌথ প্রচেষ্টায় দীর্ঘ প্রায় আধ ঘণ্টা পর আগুনের লেলিহান নিয়ন্ত্রণে আনে। পরবর্তীতে এলাকাবাসীরা নিস্তার পায়। জানা যায় বিদ্যুতে দুটি তারের সংস্পর্শে খেরের পুঞ্জিতে এই ভয়াবহ অগ্নিকাণ্ড।

# আগামী পাঁচ বছরে ভারতে ৩.২ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করবে জাপান: প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১৯ মার্চ (হি.স.) : জাপান ভারতে আগামী পাঁচ বছরে ৩.২ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করবে বলে শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানালেন। এদিন দুই দেশ ইতিমধ্যে ২০১৪ সালে যে বিনিয়োগ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল তা অর্জন করেছে বলেও তিনি জানালেন।

দুই দেশের মধ্যে ১৪তম শীর্ষ বৈঠকের পর সফররত জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে এক যৌথ প্রেস বিবৃতিতে তিনি বলেন, দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করা ইন্দো-প্যাসিফিক অঞ্চলে এবং বিশ্বে শান্তি, সমৃদ্ধি এবং স্থিতিশীলতাকে উৎসাহিত করবে।

তিনি আরও বলেন যে ভারত এবং জাপান উভয়ই 'নিরাপদ, বিশ্বস্ত, পূর্বাভাসযোগ্য এবং স্থিতিশীল শক্তি সরবরাহ' এর গুরুত্ব বোঝে এবং এটি টেকসই অর্থনৈতিক বৃদ্ধির লক্ষ্য অর্জন এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য গুরুত্বপূর্ণ। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী কিশিদা ভারতের একজন পুরানো বন্ধু। তিনি যখন জাপানের বিদেশমন্ত্রী ছিলেন, তখনও আমি তাঁর সঙ্গে মতবিনিময় করার সুযোগ পেয়েছি। জাপান ভারতের অন্যতম বড় বিনিয়োগকারী। তিনি বলেন, জাপান ডেডিকেটেড ফ্রেইট করিডোর এবং মুম্বই-আহমেদাবাদ হাই-স্পিড রেল প্রকল্পের মতো ফ্ল্যাগশিপ প্রকল্পগুলিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। মুম্বাই-আহমেদাবাদ হাই-স্পিড রেলে ভাল অগ্রগতি হচ্ছে। প্রসঙ্গত, জাপানের প্রধানমন্ত্রী হিসেবে প্রথম ভারত সফরে এদিন সকালে জাতীয় রাজধানীতে এসেছিলেন কিশিদা। পূর্বে ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলন ২০১৮ সালের অক্টোবরে টোকিওতে হয়েছিল।

## তেলিয়ামুড়ায় যান দূর্ঘটনায় গুরুতর আহত দুই যুবক

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯ মার্চ।।** ট্রাফিক ব্যবস্থার দুর্বলতার কারণে যান দুর্ঘটনা পিছু ছাড়ছে না রাজ্যজুড়ে। জান দুর্ঘটনা লাগাম টানতে পারছে না গোটা রাজ্য জুড়ে। ফের নিয়ন্ত্রণ হারিয়ে বাইক দুর্ঘটনায় আহত হয় দুজন। ঘটনা তেলিয়ামুড়া থানাধীন অম্পি চৌমুহনী এলাকায় শুক্রবার সাড়ে সারে চারটে নাগাদ। সংবাদে জানা গেছে টিআর-০১-এস-৫১০৯ নম্বরের বাইক নিয়ে দুই যুবক আসাম-আগরতলা জাতীয় সড়ক ধরে তেলিয়ামুড়া বাজার থেকে করইলং এর দিকে। হঠাৎ করে বাইকটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে পড়ে যায়। ছিটকে পড়ে বাইকে থাকা দুই যুবক। সঙ্গে সঙ্গে প্রত্যক্ষদর্শীরা খবর দেয় তেলিয়ামুড়া দমকল বাহিনীর কর্মীদের। এদিকে খবর পেয়ে তেলিয়ামুড়া দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থল থেকে আহত অবস্থায় দুজনকে উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে আসে। জানা গেছে বাইক চালক তথা রাজু দেব আহত হয়েছে। অপর বাইক আরোহীর আঘাত তেমন লাগেনি। এদিকে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে গুর্ত্তর আহত অবস্থায় রাজুর চিকিৎসা চলছে। এদিকে প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছে, অম্পি চৌহমুনী এলাকায় ট্রাফিক ব্যবস্থা দুর্বল থাকার ফলেই এমনটা হয়েছে বলে একাংশের অভিমত।

# কল্যাণপুরে বিরোধী শিবিরে ভাঙ্গন

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১৯ মার্চ।।** রাজ্যে বিধানসভা নির্বাচন যতই এগিয়ে আসছে ততোই বিরোধী শিবিরে ভাঙ্গন অব্যাহত। আজ শনিবার কল্যাণপুর বিধানসভা কেন্দ্রের উপজাতি জনপদ লক্ষ চন্দ্র পাড়াতে ভারতীয় জনতা পার্টির সাংগঠনিক সভা সংগঠিত হয়। এই সভাতে বেশ সংখ্যায় উপজাতিরা সামিল হন। সভাতে বক্তব্য রাখেন এলাকার বিধায়ক তথা বিজেপি খোয়াই জেলা সভাপতি পিনাকি দাস চৌধুরী এবং বিজেপি কল্যাণপুর মন্ডল সভাপতি জীবন দেবনাথ ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারপারসন ইন্দ্রানী দেববর্মা। উপস্থিত ছিলেন পূর্ণেন্দু ভট্টাচার্য সহ অন্যান্য নেতৃবৃন্দরা।

সংগঠনকে কিভাবে আরো মজবুত করা এবং কিভাবে আরো নতুন নতুন লোককে ভারতীয় জনতা পার্টির পতাকা তলে শামিল করা সেই সব বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনা হয় রাজ্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং দেশের কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প নিয়ে। এসব প্রকল্প থেকে উপজাতীয় অংশের মানুষরা কিভাবে সুবিধা গ্রহণ করতে পারবেন সেসব বিষয় নিয়ে বিস্তারিত বলেন বিধায়ক পিনাকি দাস চৌধুরী। শেষে তিন পরিবারের ১০ জন ভোটার টিপরামথা দল ছেড়ে ভারতীয় জনতা পার্টির পতাকা তলে সামিল হন। নবাগতদের হাতে গেরুয়া পতাকা দিয়ে শামিল করা হয়। শেষে বিধায়ক বলেন রাজ্যের বিরোধী দলের সমস্ত চক্রান্ত ব্যর্থ করে দিয়ে আগামী ২০২৩ সালের বিধানসভা নির্বাচনে পুনরায় জয়ী হবে ভারতীয় জনতা পার্টি। এটা শুধু এখন সময়ের অপেক্ষা মাত্র।


আগরতলায় আনন্দময়ী কালীবাড়িতে দোল পূজা। ছবি নিজস্ব।

# পশ্চিম ত্রিপুরা ডিষ্ট্রিক্ট টাস্ক ফোর্স অন ইম্যুনাইজেশন প্রোগ্রামের আলোচনা সভা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ মার্চ।।** পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধনের সভাপতিত্বে আজ জেলাপ্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে ডিষ্ট্রিক্ট টাস্ক ফোর্স অন ইম্যুনাইজেশন প্রোগ্রামের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির মুখ্য স্বাস্থ্য আধিকারিক ঈষিতা গুহ জানান, গত ১৬ মার্চ থেকে সারা রাজ্যের সাথে পশ্চিম ত্রিপুরা জেলায়ও ১২-১৪ বছর বয়সী বালক বালিকাদের কোভিড-১৯ এর 'কোরবিভ্যা" ভ্যাকসিন দেওয়ার কাজ শুরু হয়েছে। জেলার সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে এই ভ্যাকসিন দেওয়া হচ্ছে। 'কোরবিভ্যা"র প্রথম ডোজ দেওয়ার ২৮ দিন পর দ্বিতীয় ডোজ দেওয়া হবে। এছাড়া আজ ২৬ মার্চ পর্যন্ত জেলার সব বিদ্যালয়গুলিতেও ১২-১৪ বছর বয়সীদের কোভিডের টিকা দেওয়া হবে। তিনি সভায় আরও জানান, এতদিন শুধু অসুস্থ ৬০ উর্ধদের কোভিডের বুষ্টার ডোজ দেওয়া হতো। এখন ৬০ উর্ধ সুস্থ-অসুস্থ সবাইকেই কোভিডের বুষ্টার ডোজ দেওয়া হবে।

সভায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ শৈশোর অভিযান-২ নিয়েও আলোচনা হয়। এবিষয়ে ড. ঈষিতা গুহ জানান, রাজ্যে দ্বিতীয় পর্যায়ে এই অভিযান আগামী ২১ মার্চ থেকে শুরু হবে। অভিযান চলবে ২৮ মার্চ পর্যন্ত। এই অভিযানের অঙ্গ হিসাবে সমস্ত স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র বা শিক্ষামূলক সমস্ত প্রতিষ্ঠানে ০-১৯ বছর বয়সী শিশু, কিশোর ও কিশোরীদের বয়স অনুযায়ী ডোজ এবং গাইডলাইন অনুযায়ী ক'মিনাশক অ্যালবেণ্ডাজোল, ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। আই এফ এ সম্পরক জিংক ট্যাবলেট এবং ও আর এস প্যাকেট সরবরাহ করা হবে। ০-৬ বছর বয়সী শিশুদের উচ্চতা ও ওজন পরিমাপ করা হবে। এছাড়া কিশোর, কিশোরীদের সুস্থ থাকতে সহায়ক পুষ্টিগুণ উন্নতকরণ, শারীরিক ও মেধার ক্ষমতা বাড়াতে পুষ্টির ভূমিকা এবং রক্তাপ্লতা নিয়ন্ত্রণ বিষয়ে অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজিত হবে। সভায় জেলাশাসক দেবপ্রিয় বর্ধন এই কর্মসূচি সফলভাবে শেষ করার জন্য সকলকে সহযোগিতা করার আহ্বান জানান। সভায় পশ্চিম জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য আধিকারিকগণ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিকগণ এবং শিক্ষা দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।